44.  $5x - 2y + 4 = 0$  এবং  $4x - 3y + 5 = 0$  সরলরেখাঘরের ছেদবিন্দু এবং মূলবিন্দু দিয়ে গমনকারী সরলরেখার সমীকরণ কোনটি?

- A.  $2x - 3y = 0$  B.  $3x - 2y = 0$   
C.  $2x - 7y = 0$  D.  $9x + 2y = 0$

ব্যাখ্যা : সরলরেখাঘর সমাধান করে পাই, ছেদবিন্দু  $(x,y) = \left(-\frac{2}{7}, \frac{9}{7}\right)$

যে অপশনটি ছেদবিন্দু দ্বারা সিদ্ধ হবে সেটিই উত্তর।

অপশন (D)  $\Rightarrow 9 \times \left(-\frac{2}{7}\right) + 2 \times \frac{9}{7} = \frac{-18}{7} + \frac{18}{7} = 0$

Ans : D.

45.  $f(x) = \frac{x}{|x|}$  ফাংশনের বিস্তার কত ( $f : \mathbb{R} \rightarrow \mathbb{R}$ )?

- A.  $[-1, 1]$  B.  $\{-1, 1\}$   
C.  $[0, \infty)$  D.  $(0, 1]$

ব্যাখ্যা : ফাংশনটিতে x এর যেকোন মানের জন্য -1 এবং 1 এই দুইটি মান পাওয়া যাবে।

$\therefore$  ফাংশনটির বিস্তার/রেঞ্জ =  $\{-1, 1\}$

Ans : B.

46.  $|2x + 3| > 9$  হলে, নিচের কোনটি সত্য?

- A.  $3 < x < 6$  B.  $-3 < x < 12$   
C.  $3 < x$  বা  $x < -6$  D.  $6 < x < 12$

ব্যাখ্যা :  $|2x + 3| > 9$

$$\Rightarrow -9 > 2x + 3 > 9 \Rightarrow -12 > 2x > 6 \Rightarrow -6 > x > 3$$

অর্থাৎ  $3 < x$  বা  $x < -6$

Ans : C.

47.  $\vec{A} = \hat{i} + 2\hat{j} - 3\hat{k}$  এবং  $\vec{B} = 3\hat{i} - \hat{j} + 2\hat{k}$  হলে,  $\vec{A} + \vec{B}$  এবং

$\vec{A} - \vec{B}$  ভেক্টরঘরের অন্তর্ভুক্ত কোণের মান-

- A. 60° B. 90°  
C. 180° D. 0°

ব্যাখ্যা:  $\vec{A} + \vec{B} = \hat{i} + 2\hat{j} - 3\hat{k} + 3\hat{i} - \hat{j} + 2\hat{k} = 4\hat{i} + \hat{j} - \hat{k}$

$\vec{A} - \vec{B} = \hat{i} + 2\hat{j} - 3\hat{k} - 3\hat{i} + \hat{j} - 2\hat{k} = -2\hat{i} + 3\hat{j} - 5\hat{k}$

$\therefore$  মধ্যবর্তী কোণ,  $\theta = \cos^{-1} \frac{(4\hat{i} + \hat{j} - \hat{k}) \cdot (-2\hat{i} + 3\hat{j} - 5\hat{k})}{\sqrt{4^2 + 1^2 + (-1)^2} \sqrt{(-2)^2 + 3^2 + (-5)^2}}$   
 $= \cos^{-1} \frac{-8 + 3 + 5}{\sqrt{18} \sqrt{38}} = \cos^{-1} (0) = 90^\circ$

Ans : B.

48.  $A = \begin{bmatrix} 3 & 1 \\ 9 & 3 \end{bmatrix}$  হলে, A এর বিপরীত ম্যাট্রিক্স কোনটি?

- A.  $\begin{bmatrix} 3 & -1 \\ -9 & 3 \end{bmatrix}$  B.  $\begin{bmatrix} -3 & 1 \\ 9 & -3 \end{bmatrix}$   
 C.  $\begin{bmatrix} 3 & -9 \\ -1 & -3 \end{bmatrix}$  D. নির্ণয়যোগ্য নয়

ব্যাখ্যা :  $A = \begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix}$  হলে,  $A^{-1} = \frac{1}{ad-bc} \begin{bmatrix} d & -b \\ -c & a \end{bmatrix}$

$\therefore A^{-1} = \frac{1}{9-9} \begin{bmatrix} 3 & -1 \\ -9 & 3 \end{bmatrix}$ , যা নির্ণয়যোগ্য নয়।

Ans : D.

49. একটি বৃত্তের ব্যাসার্ধ 5 একক, কেন্দ্রের স্থানাঙ্ক (5, 3); এর যে জ্যা (3, 2) বিন্দুতে সম্বন্ধিত হয় তার দৈর্ঘ্য কত একক?


- A.  $4\sqrt{5}$  B.  $4\sqrt{8}$  C.  $2\sqrt{5}$  D.  $3\sqrt{8}$

ব্যাখ্যা : (5, 3) ও (3, 2) এর দূরত্ব

$$= \sqrt{(5-3)^2 + (3-2)^2} = \sqrt{4+1} = \sqrt{5}$$

$$\therefore AB = \sqrt{OA^2 - OB^2} = \sqrt{25-5} = \sqrt{20} = 2\sqrt{5}$$

$$\therefore AC = 2 \cdot AB = 2 \cdot 2\sqrt{5} = 4\sqrt{5}$$



Ans : A.

50. যদি  $x = \cos \sqrt{y}$  হয়, তবে  $(1-x^2) y_2 - xy_1 =$  কত?

- A. 3 B. -3  
 C. 2 D. 4

ব্যাখ্যা :  $x = \cos^{-1} \sqrt{y} \Rightarrow \sqrt{y} = \cos^{-1} x \Rightarrow y = (\cos^{-1} x)^2$   
 $\Rightarrow y_1 = 2 \cdot \cos^{-1} x \cdot \frac{-1}{\sqrt{1-x^2}} \Rightarrow \sqrt{1-x^2} \cdot y_1 = -2 \cos^{-1} x$

$$\Rightarrow \sqrt{1-x^2} \cdot y_2 + y_1 \cdot \frac{1}{2\sqrt{1-x^2}} \cdot (-2x) = \frac{2}{\sqrt{1-x^2}}$$

$$\Rightarrow (1-x^2) y_2 - xy_1 = 2$$

Ans : C.

51.  $\lim_{x \rightarrow 0} \frac{\tan ax}{\sin bx} =$  কত?

- A.  $\frac{a}{b}$  B.  $\frac{a+1}{b}$  C.  $\frac{a^2}{b}$  D.  $\frac{a}{b^2}$

ব্যাখ্যা :  $\lim_{x \rightarrow 0} \frac{\tan ax}{\sin ax} = \lim_{x \rightarrow 0} \frac{\sec^2 ax \cdot a}{\cos ax \cdot a} = 1.$

Ans : A.

52. 4টি চিঠি ও 4টি নির্দিষ্ট ঠিকানাবিশিষ্ট খাম আছে। কত উপায়ে 4টি চিঠির প্রত্যেকটিই ভুল ঠিকানাবিশিষ্ট খামে রাখা যায়?

- A. 6 B. 8  
 C. 9 D. 12

ব্যাখ্যা : ভুল ঠিকানা বিশিষ্ট খাম =  $4 \times 3 = 12.$

Ans : B.

53.  $\left(x + \frac{1}{x}\right)^{50}$  এর বিকৃতিতে x বর্জিত পদটি-

- A.  ${}^{50}C_9$  B.  ${}^{50}C_{10}$   
 C.  ${}^{50}C_{15}$  D.  ${}^{50}C_{25}$

ব্যাখ্যা : x বর্জিত পদ নির্ণয়-  $(ax^m + bx^k)^r$  এর বিকৃতিতে,

(i)  $(r+1)$  তম =  $\left(\frac{m \times n}{m-k} + 1\right)$  তম পদ x বর্জিত।

(ii) x বর্জিত পদের মান =  ${}^nC_r \cdot a^{n-r} \cdot b^r$  [এখানে,  $r = \frac{m \times n}{m-k}$ ]

এখানে,  $r = \frac{50}{1+1} = 25$

$\therefore$  x বর্জিত পদটি =  ${}^{50}C_{25}$

Ans : D.

খ- শাখা

54. জ্বরের পরিস্ফুটনের জন্য জরায়ুর ভিতর উপযুক্ত পরিবেশ সৃষ্টি করে-

- A. লিউটিনাইজিং হরমোন B. ফলিকল উদ্দীপক হরমোন  
 C. ইস্ট্রোজেন D. প্রজেষ্টেরন

ব্যাখ্যা : জ্বরের পরিস্ফুটনের জন্য জরায়ুর ভিতর উপযুক্ত পরিবেশ সৃষ্টি করে প্রোজেষ্টেরন।

Ans : D.

55. অশ্রুতে পাওয়া যায়-

- A. টায়ালিন B. মল্টেজ  
 C. পেপসিন D. IgA

ব্যাখ্যা : • পেপসিন পাওয়া যায় পাকস্থলী রসে।

• টায়ালিন ও মল্টেজ পাওয়া যায় লালা রসে।

• IgA পাওয়া যায় অশ্রুতে।

Ans : D.

56. আরজিনিন সর্বোচ্চ কয়টি কোডন দ্বারা নির্ধারিত হতে পারে?

- A. 2 টি B. 3 টি  
 C. 4 টি D. 6 টি

ব্যাখ্যা : আরজিনিন সর্বোচ্চ 6 টি কোডন দ্বারা নির্ধারিত হতে পারে।

কোডন 6টি : CGT, CGC, CGA, CGG, AGA, AGG

Ans : D.

57. গ্লাইকোসাইডিক বন্ধন আছে-

- A. গ্লুকোজে B. প্রোটিনে  
 C. সেলুলোজে D. ফ্যাটে

Ans : A.

58. রিকমিনেন্ট DNA প্রযুক্তিতে জিন স্থানান্তরের বাহক হিসেবে ব্যবহার করা হয়-


- A. Acetobacter xylium B. Escherichia coli  
 C. Micrococcus flavus D. Moraxella lacunata

ব্যাখ্যা : E.coli, Agrobacterium, প্রভৃতি ব্যাকটেরিয়া রিকমিনেন্ট DNA প্রযুক্তিতে জিন স্থানান্তরের বাহক হিসেবে ব্যবহৃত হয়।

Ans : B.

59. অগ্রমস্তিষ্কের অংশ নয়-

- A. সেরিব্রাম B. থ্যালামাস  
C. হাইপোথ্যালামাস D. মেডুলা অবলঙ্গাটা



Ans : D.

60. জীবাণু ধ্বংসকারী গ্রানুলোসাইট শ্বেত কণিকা-

- A. মনোসাইট B. লিম্ফোসাইট  
C. নিউট্রোফিল D. বেসোফিল

ব্যাখ্যা : • জীবাণু ধ্বংসকারী গ্রানুলোসাইট শ্বেতকণিকা নিউট্রোফিল।  
• বেসোফিল নিঃসৃত হেপারিন রক্তকে রক্তবাহিকার ভেতর জমাট বাঁধতে বাধা দেয়।  
• লিম্ফোসাইট এন্টিবডি উৎপন্ন করে।

Ans : C.

61. কোষের কোন অঙ্গাণু ফ্ল্যাঞ্জেল ও সিলিয়ার বিচলনে সাহায্য করে?

- A. সাইটোপ্লাজম B. এন্ডোপ্লাজমিক রেটিকুলাম  
C. গলগি বডি D. মাইক্রোটুবিউল

ব্যাখ্যা : মাইক্রোটুবিউল, ফ্ল্যাঞ্জেল ও সিলিয়ার বিচলনে সাহায্য করে।

Ans : D.

62. মানব চোখের রড কোষে থাকে-

- A. ভিটামিন- E B. ভিটামিন- A  
C. ভিটামিন- D D. ভিটামিন- K

ব্যাখ্যা : মানব চোখের রড কোষে ভিটামিন A থাকে।

Ans : B.

63. রক্তে ক্যালসিয়ামের মাত্রা নিয়ন্ত্রণকারী হরমোন-

- A. TSH B. T<sub>3</sub> C. T<sub>4</sub> D. প্যারাথাইরয়েড


ব্যাখ্যা : প্যারাথাইরয়েড গ্রন্থি থেকে নিঃসৃত প্যারা হরমোন রক্তে ক্যালসিয়ামের মাত্রা নিয়ন্ত্রণ করে।

Ans : D.

64. প্যারাসিটামল হল-

- A. হাইড্রোক্সি অ্যাসিট্যানিলাইড B. বেনজয়িল ক্রোরাইড  
C. বেনজয়িক এসিড D. হাইড্রোক্সি সালফানিলাইড

ব্যাখ্যা : প্যারাসিটামল : 4 - অ্যামিনো ফেনলকে ইথানোয়িক অ্যানহাইড্রাইড দ্বারা অ্যাসিটাইলকরণ করে 4 - হাইড্রোক্সি অ্যাসিট্যানিলাইড বা 4-(N- ইথানোয়িক অ্যামিনো) ফেনল বা প্যারাসিটামল (C<sub>8</sub>H<sub>9</sub>NO) প্রস্তুত করা হয়।



4 - অ্যামিনো ফেনল ইথানোয়িক অ্যানহাইড্রাইড প্যারাসিটামল  
Ans : A.

65. কিডনির মাধ্যমে পানি বিশোধনে সহায়তা করে-

- A. ADH B. GH C. TSH D. সবগুলো

ব্যাখ্যা : ADH পানি বিশোধনে সহায়তা করে।

Ans : A.

66. নিচের কোনটির প্রধান গঠন উপাদান DNA?

- A. লাইসোসোম B. সেন্ট্রোমিয়ার C. সেন্ট্রোসোম D. রাইবোসোম

ব্যাখ্যা : সেন্ট্রোমিয়ারের প্রধান গঠন উপাদান DNA ক্রোমোসোমের দুটি ক্রোমোটিড যে বিন্দুতে মিলিত হয় তাকে সেন্ট্রোমিয়ার বলে।

Ans : B.

গ- শাখা

67.  $f : \mathbb{R} \rightarrow \mathbb{R}$  ফাংশনটি  $f(x) = x^2$  দ্বারা সংজ্ঞায়িত হলে  $f^{-1}(16) =$  কত?

- A. 4 B. -4 C.  $\{-4, 4\}$  D.  $\{-2, 2\}$

ব্যাখ্যা :  $x^2 = 16 \Rightarrow x = \pm 4$

Ans : C.

68.  $y = x^n$  হলে,  $y_{n+1} =$  কত?

- A.  $n!$  B.  $(n+1)!$  C. 0 D.  $(n-1)!$

ব্যাখ্যা :  $y = x^n, \therefore y_{n+1} = 0$

Ans : C.

69. একটি বালক একটি ফুটবল খাড়া উপরের দিকে 90 মি. উঁচুতে নিক্ষেপ করতে পারে। সে বলটি সর্বাধিক কত আনুভূমিক দূরত্বে নিক্ষেপ করতে পারবে?

- A. 90 মি. B. 120 মি. C. 140 মি. D. 180 মি.

ব্যাখ্যা :  $\frac{u^2}{2g} = 90$

$\therefore R_{\max} = \frac{u^2}{g} = 90 \times 2 = 180$  মি.

Ans : D.

70. A ও B দুইটি বাস পরস্পর সমকোণে আনত দুইটি রাস্তা বরাবর যথাক্রমে 40 কি.মি/ঘ. ও 30 কি.মি/ঘ. বেগে চলছে। B বাসের যাত্রীদের ধারণা অনুসারে A বাসের বেগ কত?

- A. 30 কি.মি./ঘ. B. 40 কি.মি./ঘ.  
C. 50 কি.মি./ঘ. D. 60 কি.মি./ঘ.

ব্যাখ্যা : A বাসের বেগ =  $\sqrt{40^2 + 30^2} = 50$  কি.মি./ঘ.

Ans : C.

71. কোনো বিন্দুতে P এবং 2P মানের দুইটি বল ক্রিয়াশীল। প্রথমটিকে দ্বিগুণ করে দ্বিতীয়টির মান 8 একক বৃদ্ধি করলে লব্ধির দিক অপরিবর্তিত থাকে। P-এর মান কত?

- A. 1 B. 2 C. 4 D. কোনোটিই নয়

ব্যাখ্যা : অপশন (D) হতে,

$P = 4$  হলে,  $P : 2P = 4 : 8 = 1 : 2$

এবং  $2P : 2P + 8 = 8 : 16 = 1 : 2$

অর্থাৎ লব্ধির দিক অপরিবর্তিত থাকবে।

Ans : C.

72. বৃষ্টি 30 মি./সে. বেগে খাড়াভাবে পড়ছে। একজন রেলগাড়ির যাত্রীর নিকট তা উল্লম্ব রেখার সাথে 60° কোণে পড়ছে বলে মনে হয়। রেলগাড়ির বেগ কত?

- A. 60 মি./সে. B. 50 মি./সে.  
C.  $40\sqrt{2}$  মি./সে. D.  $30\sqrt{3}$  মি./সে.

ব্যাখ্যা :  $\tan \theta = \frac{Q \sin \alpha}{P + Q \cos \alpha}$

$\Rightarrow \tan 60^\circ = \frac{Q \sin 90^\circ}{30 + Q \cos 90^\circ} \Rightarrow Q = 30\sqrt{3}$  মি./সে.

Ans : D.

73. কোনো পাহাড়ের চূড়া থেকে ভূমির সমান্তরালে 49 মি./সে. বেগে নিষ্কিণ্ত একটি পাথর পাহাড়ের পাদদেশ থেকে 490 মি. দূরে ভূমিতে পতিত হয়। পাহাড়ের উচ্চতা কত? ( $g = 9.8$  মি./সে.<sup>২</sup>)  
A. 90 মি. B. 180 মি. C. 360 মি. D. 490 মি.

$$\text{ব্যাখ্যা : } y = \frac{gx^2}{2u^2} = \frac{9.8 \times 490^2}{2 \times (49)^2} = 490 \text{ মি.}$$

Ans : D.

74.  $\int_0^{\ln 2} \frac{e^x}{1+e^x} dx$  এর মান কত?

- A.  $\ln\left(\frac{3}{2}\right)$  B.  $\frac{1}{2}$  C. 0 D. e

$$\text{ব্যাখ্যা : } \int_0^{\log 2} \frac{e^x}{1+e^x} dx = \left[ \ln(1+e^x) \right]_0^{\log 2} = \ln 3 - \ln 2 = \ln \frac{3}{2}$$

Ans : A.

75. বায়ুশূন্য স্থানে উল্লম্ব তলে প্রক্ষিপ্ত কোনো বস্তুকণার গতিপথ একটি—  
A. বৃত্ত B. উপবৃত্ত C. পরাবৃত্ত D. অধিবৃত্ত

Ans : C.

76. k-এর মান কত হলে,  $3x + 4y = k$  রেখাটি  $x^2 + y^2 = 10x$  বৃত্তকে স্পর্শ করবে?  
A. 30 অথবা 10 B. 40 অথবা -10  
C. 30 অথবা -10 D. 35 অথবা 10

ব্যাখ্যা :  $ax + by + c_1 = 0$  রেখাটি  $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$  বৃত্তের স্পর্শক হবে, যদি ঐ বৃত্তের কেন্দ্র হতে রেখাটির উপর লম্ব দূরত্ব বৃত্তের ব্যাসার্ধের সমান হয়।

$$\text{অর্থাৎ, } \pm \frac{a(-g) + b(-f) + c_1}{\sqrt{a^2 + b^2}} = \sqrt{g^2 + f^2 - c}$$

প্রদত্ত বৃত্তের কেন্দ্র (5, 0) এবং ব্যাসার্ধ = 5.

$$\therefore \pm \frac{3.5 + 4.0 - k}{\sqrt{3^2 + 4^2}} = 5$$

$$\Rightarrow k - 15 = \pm 25$$

$$\Rightarrow k = \pm 25 + 15$$

$$\therefore k = 40, -10$$

Ans : B.

77.  $\tan 20^\circ + \tan 25^\circ + \tan 20^\circ \tan 25^\circ$  এর মান কত?

- A.  $\frac{1}{2}$  B.  $\frac{1}{\sqrt{2}}$  C. 1 D.  $\frac{\sqrt{3}}{2}$

$$\text{ব্যাখ্যা : } \tan 45^\circ = \tan (20^\circ + 25^\circ)$$

$$\Rightarrow 1 = \frac{\tan 20^\circ + \tan 25^\circ}{1 - \tan 20^\circ \tan 25^\circ}$$

$$\Rightarrow 1 - \tan 20^\circ \tan 25^\circ = \tan 20^\circ + \tan 25^\circ$$

$$\Rightarrow \tan 20^\circ + \tan 25^\circ + \tan 20^\circ \tan 25^\circ = 1$$

Ans : C.

78. কোন বিন্দুতে 1, 2 ও  $\sqrt{3}$  একক বলত্রয় ক্রিয়া করে সাম্যাবস্থা সৃষ্টি করে। শেষ দুইটি বলের মধ্যবর্তী কোণ কোনটি?

- A.  $60^\circ$  B.  $90^\circ$   
C.  $120^\circ$  D.  $150^\circ$

$$\text{ব্যাখ্যা : } 1^2 = 2^2 + (\sqrt{3})^2 + 2 \cdot 2 \cdot \sqrt{3} \cos \alpha$$

$$\Rightarrow 1 = 4 + 3 + 4\sqrt{3} \cos \alpha$$

$$\Rightarrow \cos \alpha = -\frac{\sqrt{3}}{2} \Rightarrow \alpha = \cos^{-1} \left( -\frac{\sqrt{3}}{2} \right) = 150^\circ$$

Ans : D.

79. P ও Q বলদ্বয়ের লব্ধি ক্ষুদ্রতম হলে, বলদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ কত?  
A.  $0^\circ$  B.  $30^\circ$  C.  $120^\circ$  D.  $180^\circ$

ব্যাখ্যা : ক্ষুদ্রতম লব্ধি =  $P - Q$  অর্থাৎ  $\alpha = 180^\circ$ .

Ans : D.

রাজশাহী বিশ্ববিদ্যালয় (F Unit-Odd)

শিক্ষাবর্ষ : 2016-2017

পদার্থ ও রসায়ন (আবশ্যিক)

১. হাতঘড়ির ঘন্টার কাঁটার পর্যায়কাল কত?

- A. 24 ঘন্টা B. 12 ঘন্টা C. 6 ঘন্টা D. 1 ঘন্টা

ব্যাখ্যা : পর্যায়কাল : একটি পূর্ণ স্পন্দন সম্পন্ন করতে যে সময় লাগে তাকে পর্যায়কাল বলে।

হাতঘড়ির ঘন্টার কাঁটার পর্যায়কাল 12 ঘন্টা।

Ans : B.

২. যে যন্ত্রটি দিক পরিবর্তী বিদ্যুৎ প্রবাহকে এক দিকবর্তী করে তার নাম—  
A. রোধ B. থার্মিস্টার C. রেজিফায়ার D. ট্রান্সফরমার

ব্যাখ্যা : যে যন্ত্রটি দিক পরিবর্তী বিদ্যুৎ প্রবাহকে এক দিকবর্তী করে তার নাম রেজিফায়ার।

Ans : C.

৩. 1 ডিগ্রী সমান কত রেডিয়ান?

- A. 0.00165 B. 0.0075 C. 0.0165 D. 0.0175

$$\text{ব্যাখ্যা : } 1 \text{ ডিগ্রী} = \frac{\pi}{180} \text{ রেডিয়ান} = 0.0175 \text{ রেডিয়ান}$$

Ans : D.

৪. 1.2 আপেক্ষিক গুরুত্ব বিশিষ্ট একটি কঠিন পদার্থের বাতাসে ওজন 120 গ্রাম পানিতে উহার ওজন কত?

- A. 100 গ্রাম B. 99.50 গ্রাম C. 98.95 গ্রাম D. 98.50 গ্রাম

$$\text{ব্যাখ্যা : } S = \frac{\rho_0}{\rho_w} = \frac{v}{\frac{m_w}{m_0}} = \frac{m_0}{m_w}$$

$$\therefore m_w = \frac{m_0}{S} = \frac{120}{1.2} = 100 \text{ gm}$$

Ans : A.

৫. চৌম্বক আবেশ ও চৌম্বক প্রাবল্যের অনুপাতকে বলে—

- A. চৌম্বক ধারকত্ব B. চৌম্বক প্রবেশ্যতা  
C. চৌম্বক ভ্রামক D. চৌম্বক গ্রাহিতা

ব্যাখ্যা : কোন মাধ্যমে সৃষ্ট চৌম্বক আবেশ এবং চৌম্বক প্রাবল্যের / তীব্রতার অনুপাতকে ঐ মাধ্যমের চৌম্বক প্রবেশ্যতা বলে।

$$\text{চৌম্বক প্রবেশ্যতা, } \mu = \frac{\vec{B}}{\vec{H}}$$

Ans : B.


৬. ক্লোরিনের পরমানুর ভর সংখ্যা 35 এর নিউক্লিয়াসে প্রোটন ও নিউট্রনের সংখ্যা কত?
- A. প্রোটন 17 নিউট্রন 18      B. প্রোটন 18 নিউট্রন 17  
C. প্রোটন 15 নিউট্রন 20      D. প্রোটন 20 নিউট্রন 15

ব্যাখ্যা : ক্লোরিনের ভর সংখ্যা 35  
এর পারমানবিক সংখ্যা বা প্রোটন সংখ্যা 17  
নিউট্রন সংখ্যা = 35 - 17 = 18


Ans : A.

৭. অ্যালকোহল থেকে অ্যালকিন উৎপাদনে কোন প্রভাবক প্রয়োজন?
- A. গাঢ়  $H_2SO_4$       B.  $H_2/Pt$   
C.  $Zn/CH_3CO_2H$       D.  $AlCl_3$

ব্যাখ্যা : অ্যালকোহলকে অধিক পরিমাণ গাঢ়  $H_2SO_4$  এর সাথে বিক্রিয়া করলে অ্যালকোহলের নিরুদন ঘটে এবং অ্যালকিন উৎপন্ন হয়। যেমন-



কিন্তু অধিক পরিমাণ অ্যালকোহলের বেলায় ইথার উৎপন্ন হয়।



Ans : A.

৮. রাসায়নিক পরিবর্তন নয় কোনটি?

- A. লোহার মরিচা পড়া      B. মোমবাতি জ্বলা  
C. বরফ গলা      D. পেট্রোল পোড়া

ব্যাখ্যা : লোহার মরিচা পড়া, মোমবাতি জ্বলা, পেট্রোল পোড়া এগুলোর ক্ষেত্রে রাসায়নিক পরিবর্তন ঘটে।

Ans : C.

৯. যে তাপমাত্রায় বরফ, পানি ও জলীয় বাষ্প সহাবস্থানে থাকে তাকে বলে-
- A. ত্রৈধ বিন্দু      B. শিশিরাংক  
C. কুরী বিন্দু      D. পরম তাপমাত্রা

ব্যাখ্যা : যে তাপমাত্রায় বরফ, পানি ও জলীয় বাষ্প সহাবস্থানে থাকে তাকে পানির ত্রৈধ বিন্দু বলে।

Ans : A.

১০. প্রাইমারী স্ট্যান্ডার্ড পদার্থ হিসাবে নিচের কোন যৌগটি ব্যবহার করা হয়?
- A.  $KMnO_4$       B.  $NaOH$   
C.  $Na_2S_2O_3$       D.  $K_2Cr_2O_7$

ব্যাখ্যা : প্রাইমারী স্ট্যান্ডার্ড পদার্থ :

- i) অনানু সোডিয়াম কার্বনেট ( $Na_2CO_3$ ) ক্ষার  
ii) কেলসিত ইথেন ডাই অক্সিক এসিড বা অক্সালিক এসিড ( $H_2C_2O_4 \cdot 2H_2O$ )  
ii) পটাশিয়াম ডাইক্রোমেট ( $K_2Cr_2O_7$ )  
iv) কেলসিত সোডিয়াম ইথেন ডাই অক্সিক এসিড বা অক্সালেট ( $Na_2C_2O_4 \cdot 2H_2O$ ) বিজারক পদার্থ ইত্যাদি।

সেকেন্ডারী স্ট্যান্ডার্ড পদার্থ:

- i) কস্টিক সোডা ( $NaOH$ ) ক্ষার  
ii) সালফিউরিক এসিড ( $H_2SO_4$ )  
iii) পটাশিয়াম পারম্যাঙ্গানেট ( $KMnO_4$ ) জারক পদার্থ।  
iv) সোডিয়াম থায়োসালফেট ( $Na_2S_2O_3 \cdot 5H_2O$ ) বিজারক পদার্থ ইত্যাদি।

Ans : D.

১১. মাটির pH এর মান কমানোর জন্য ব্যবহার করা হয়-
- A. TSP      B.  $CaCO_3$   
C.  $CaO$       D.  $(NH_4)_2CO_3$

ব্যাখ্যা : • অম্লধর্মী মাটির pH বাড়াতে চুন এবং Ca ও Mg প্রভৃতির সার ব্যবহৃত হয়।

• ক্ষারধর্মী মাটির pH কমাতে বিভিন্ন নাইট্রেট সার। যেমন-  $KNO_3$ ,  $NH_4NO_3$  ও ফসফেট সার যেমন- TSP, সুপার ফসফেট ইত্যাদি ব্যবহৃত হয়।

Ans : A.

১২. কোনটি ফেরোচৌম্বক পদার্থ?

- A. অ্যালুমিনিয়াম      B. অ্যান্টিমনি  
C. কোবাল্ট      D. জিংক

ব্যাখ্যা : • ডায়াচৌম্বক পদার্থ : তামা, দস্তা, বিসমাথ, রূপা, সোনা, সীসা, কাচ, মার্বেল, পানি, হিলিয়াম, আর্গন, সোডিয়াম ক্লোরাইড প্রভৃতি।

• প্যারাচৌম্বক পদার্থ : অ্যালুমিনিয়াম, সোডিয়াম, এন্টিমনি, প্লাটিনাম, ম্যাঙ্গানিজ, ক্রোমিয়াম, তরল অক্সিজেন প্রভৃতি।

• ফেরোচৌম্বক পদার্থ : লোহা, নিকেল, কোবাল্ট প্রভৃতি।

Ans : C.

১৩. আলোর কোন ধর্মের উপর নির্ভর করে অপটিক্যাল ফাইবার তৈরী হয়েছে?

- A. প্রতিফলন      B. প্রতিসরণ  
C. সংকট কোণ      D. পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন

ব্যাখ্যা : আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ধর্মের উপর নির্ভর করে অপটিক্যাল ফাইবার তৈরী হয়েছে।

Ans : D.

১৪. 30 কেজি ভরের একটি বস্তুর উপর কত বল প্রয়োগ করলে 1 মিনিটে এর বেগ  $36 \text{ kmh}^{-1}$  বৃদ্ধি পাবে?

- A. 4N      B. 5N  
C. 6N      D. 10N

ব্যাখ্যা :  $F = ma = m \times \frac{v-u}{t} = \frac{30 \times \frac{36 \times 1000}{60}}{60} = 5N$

Ans : B.

১৫. কোন্ কণার ভর বেশী?

- A. ইলেকট্রন      B. প্রোটন  
C. ফোটন      D. নিউট্রন

ব্যাখ্যা :

| কণিকা                         | ভর                                 | চার্জ বা আধান                    |
|-------------------------------|------------------------------------|----------------------------------|
| ইলেকট্রন ( ${}^0_1e$ বা $e$ ) | $9.1 \times 10^{-31} \text{ kg}$   | $-1.6 \times 10^{-19} \text{ C}$ |
| প্রোটন ( ${}^1_1p$ বা $p$ )   | $1.673 \times 10^{-27} \text{ kg}$ | $+1.6 \times 10^{-19} \text{ C}$ |
| নিউট্রন ( ${}^1_0n$ বা $n$ )  | $1.675 \times 10^{-27} \text{ kg}$ | চার্জ নিরপেক্ষ                   |
| ফোটন                          | তাত্ত্বিক ভাবে শূন্য               | চার্জ নিরপেক্ষ                   |

Ans : D.

১৬. আলফা ( $\alpha$ ) কণা হলো-

- A.  ${}^3_2\text{He}$       B.  ${}^4_2\text{He}$   
C.  ${}^3_1\text{H}$       D.  ${}^2_1\text{H}$

ব্যাখ্যা : আলফা রশ্মি হল দ্বি-আয়নিত হিলিয়াম পরমাণু।  
বিটা রশ্মি হল উচ্চ গতি সম্পন্ন ইলেকট্রন।  
গামা ও রঞ্জন রশ্মি হল তড়িৎ চুম্বকীয় তরঙ্গ।

Ans : B.



১৭. কোনটি মৌলিক বল নয়?

- A. শক্তিশালী নিউক্লীয় বল  
B. মহাকর্ষ বল  
C. তড়িৎ চৌম্বক বল  
D. তড়িৎচালক বল

ব্যাখ্যা : মৌলিক বল চারটি-

|                | মহাকর্ষ বল                                      | তড়িত চৌম্বক বল  | সবল নিউক্লীয় বল   | দুর্বল নিউক্লীয় বল               |
|----------------|---|--|--|-----------------------------------|
| পাল্লা         | অসীম  | অসীম   | $10^{-15}$ m   | $10^{-16}$ m                      |
| আপেক্ষিক সবলতা | 1   | $10^{39}$  | $10^{41}$  | $10^{30}$                         |
| উদাহরণ         | তারাগুলোকে একত্রে আবদ্ধ করে গ্যালাক্সী তৈরি করে | ইলেক্ট্রনকে নিউক্লিয়াসের সাথে আবদ্ধ করে পরমাণু তৈরি করে | প্রোটন ও নিউট্রনকে একত্রে আবদ্ধ করে নিউক্লিয়াস তৈরি করে | নিউক্লীয় বিটা ভাঙনের জন্য দায়ী। |

Ans : D.

১৮. একটি ট্রান্সফরমারের মুখ্য কুণ্ডলীর পাক সংখ্যা 50, ভোল্টেজ 200V।

এর গৌণ কুণ্ডলীর পাক সংখ্যা 100 হলে ভোল্টেজ কত?

- A. 200V  
B. 300V  
C. 400V  
D. 450V

$$\text{ব্যাখ্যা : } \frac{E_p}{E_s} = \frac{n_p}{n_s} \Rightarrow \frac{200}{E_s} = \frac{50}{100} \Rightarrow E_s = \frac{200 \times 100}{50} = 400 \text{ V}$$

Ans : C.

১৯. বিক্রিয়ার বেগ হ্রাসের জন্য কোন তথ্যটি সঠিক?

- A. সক্রিয় শক্তি বৃদ্ধি  
B. বিক্রিয়কের ঘনমাত্রা বৃদ্ধি  
C. তাপমাত্রা বৃদ্ধি  
D. বিক্রিয়কের পৃষ্ঠতল বৃদ্ধি

ব্যাখ্যা : সক্রিয় শক্তি বৃদ্ধি পেলে বিক্রিয়ার বেগ হ্রাস পায়। কল্পন অধিক পরিমাণ অণু সক্রিয় শক্তিশাল্য করে বিক্রিয়ায় অংশগ্রহণ করতে পারে না।

Ans : A.

২০. একটি দ্রবণের pH হলো 6। ঐ দ্রবণে আরও HCl দ্রবণ যোগ করে দ্রবণের pH = 3 করা হল। শেষ দ্রবণে H<sup>+</sup> আয়নের মোলার ঘনমাত্রা কতগুণ বৃদ্ধি ঘটেছে?

- A.  $10^2$   
B.  $10^3$   
C.  $10^{-3}$   
D.  $10^{-2}$

ব্যাখ্যা : pH এর মান কমলে [H<sup>+</sup>] এর ঘনমাত্রা বাড়বে।

$$\text{ঘনমাত্রা বৃদ্ধি} = 10^{\text{pH}_1 - \text{pH}_2} = 10^{6-3} = 10^3$$

Ans : B.

২১. নিচের কোন যৌগটি পানিতে দ্রবণীয়?

- A. AgCl  
B. CaCO<sub>3</sub>  
C. (NH<sub>4</sub>)<sub>2</sub>CO<sub>3</sub>  
D. CaSO<sub>4</sub>

ব্যাখ্যা : দ্রবণীয়তার শর্ত : সাধারণত হাইড্রেশন শক্তি কেলাস ল্যাটিস ভাঙ্গার শক্তির চেয়ে বেশি হলে তবে ঐ যৌগ পানিতে দ্রবীভূত হয়।

যেমন : (NH<sub>4</sub>)<sub>2</sub>CO<sub>3</sub>, AgF

Ans : C.

২২. Na এর শিখা পরীক্ষায় কত তরঙ্গদৈর্ঘ্যের বর্ণালী সৃষ্টি হয়?

- A. 690nm  
B. 590nm  
C. 560nm  
D. 366nm

Ans : B.

২৩. পানির বাষ্পায়ন কিসের উপর নির্ভরশীল?

- A. তাপ  
B. চাপ  
C. তাপ ও চাপ  
D. অর্দ্রতা

Ans : D.

২৪. একটি দ্রবণে 2.5% NaOH আছে। দ্রবণটির pH কত?

- A. 13.00  
B. 13.796  
C. 12.691  
D. 14.691

$$\text{ব্যাখ্যা : ঘনমাত্রা, } S = \frac{\% \times 10}{M} = \frac{2.5 \times 10}{40} = 0.625 \text{ M}$$


$$\therefore \text{pH} = 14 - \text{pOH} = 14 - (-\log 0.625) = 13.796$$

Ans : B.

২৫. কোনটি সবচেয়ে শক্তিশালী অজৈব অম্ল?

- A. HClO<sub>4</sub>  
B. HNO<sub>3</sub>  
C. H<sub>2</sub>SO<sub>4</sub>  
D. HClO<sub>3</sub>

ব্যাখ্যা : যার কেন্দ্রীয় মৌলের জারণ সংখ্যা বেশি সে তত বেশী অম্লীয়।



Ans : A.

২৬. 90% বেনজলে প্রধানত কত% বেনজিন থাকে?

- A. 64%  
B. 74%  
C. 84%  
D. 94%

ব্যাখ্যা : 90% বেনজলে প্রধানত 84% বেনজিন, 13% টলুইন এবং 3% জাইলিন থাকে।

Ans : C.

২৭. সরল দোলকের ৪র্থ সূত্র কোনটি?

- A. দৈর্ঘ্যের সূত্র  
B. ত্বরণের সূত্র  
C. সমকাল সূত্র  
D. ভরের সূত্র

ব্যাখ্যা : সরল দোলকের সূত্রাবলী-

- প্রথম সূত্র - সমকাল সূত্র
- দ্বিতীয় সূত্র - দৈর্ঘ্যের সূত্র :  $T \propto \sqrt{L}$
- তৃতীয় সূত্র - ত্বরণের সূত্র :  $T \propto \frac{1}{\sqrt{g}}$
- চতুর্থ সূত্র - ভরের সূত্র : দোলনকাল পিণ্ডের ভরের উপর নির্ভর করে না।

Ans : D.

২৮. কোন অণুটি non-polar?

- A. H<sub>2</sub>Se  
B. BeH<sub>2</sub>  
C. CHCl<sub>3</sub>  
D. SO<sub>2</sub>

ব্যাখ্যা : BeH<sub>2</sub> ব্যতীত বাকী সবগুলোই Polar অণু। পোলার অণুতে ধনাত্মক ও ঋণাত্মক চার্জের সৃষ্টি হয়।

Ans : B.

২৯. তড়িৎপ্রবাহ মূলত-

- A. প্রোটনের প্রবাহ  
B. ইলেকট্রনের প্রবাহ  
C. আয়নিক পদার্থের প্রবাহ  
D. গ্যাসের প্রবাহ


ব্যাখ্যা : তড়িৎ প্রবাহ মূলত ইলেকট্রনের প্রবাহ।

Ans : B.

৩০. নিচের কোনটি অ্যামোনিয়ার সাথে বিক্রিয়া করে ইউরিয়া উৎপন্ন করে?

- A. H<sub>2</sub>O  
B. CO<sub>2</sub>  
C. CH<sub>4</sub>  
D. C<sub>6</sub>H<sub>6</sub>

ব্যাখ্যা : অ্যামোনিয়ার সাথে অর্দ্র CO<sub>2</sub> এর বিক্রিয়ায় ইউরিয়া উৎপন্ন হয়।



Ans : B.

৩১. দুই ভেক্টরের ডট গুণফল শূণ্য হলে, ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ কত?

- A. 90° B. 60°  
C. 30° D. 15°

ব্যাখ্যা : • ডট গুণফল শূণ্য হলে, ভেক্টরদ্বয় পরস্পর লম্ব হয় অর্থাৎ মধ্যবর্তী কোণ 90°।

• ক্রস গুণফল শূণ্য হলে, ভেক্টরদ্বয় পরস্পর সমান্তরাল হয়, অর্থাৎ মধ্যবর্তী কোণ 0° হয়।

Ans : A.

৩২. IC- এর ক্ষেত্রে কোনটি সঠিক?

- A. ওজন বেশী B. বৈদ্যুতিক খরচ কম  
C. মূল্য বেশী D. আকারে বড়

ব্যাখ্যা : ইন্টিগ্রেটর সার্কিট (IC) বা সমন্বিত বর্তনী ব্যবহারের সুবিধা-

- ১। সংযোগ সংখ্যা কম হওয়ায় নির্ভরযোগ্যতা বেশি।
- ২। অত্যন্ত ক্ষুদ্রাকৃতি
- ৩। ক্ষুদ্রাকার থাকার কারণে ওজনও কম।
- ৪। কম বিদ্যুতের প্রয়োজন হয়।
- ৫। অতি উচ্চ তাপমাত্রায় ও অধিক যোগ্যতায় কাজ করতে পারে।
- ৬। স্বল্প দাম।

Ans : B.

৩৩. NH<sub>4</sub>Cl যৌগের অনুতে কোন প্রকারের বন্ধনী আছে?

- A. সমযোজী B. তড়িৎযোজী  
C. সন্নিবেশ সমযোজী D. সবগুলোই

ব্যাখ্যা : NH<sub>4</sub>Cl এর মধ্যে তিন প্রকার বন্ধন আছে। যেমন-


- i) সমযোজী বন্ধন
- ii) সন্নিবেশ বন্ধন
- iii) আয়নিক বা তড়িৎযোজী বন্ধন

Ans : D.

৩৪. প্রভাবক ZnCl<sub>2</sub> এর উপস্থিতিতে ফেনল এবং অ্যামোনিয়া একত্রে উত্তপ্ত করলে কি উৎপন্ন হয়?

- A. ক্লোরোবেনজিন B. ডাইফিনাইল  
C. বেনজিন D. অ্যানিলিন

ব্যাখ্যা : প্রভাবক ZnCl<sub>2</sub> এর উপস্থিতিতে ফেনল এবং অ্যামোনিয়া একত্রে উত্তপ্ত করলে অ্যানিলিন ও পানি উৎপন্ন হয়।



Ans : D.

৩৫. মেহেদীর রং এর কারণ কোন রাসায়নিক দ্রব্য?

- A. লাসোন B. ল্যানোলিন  
C. অলিক এসিড D. উইন্টাল গ্রীন

ব্যাখ্যা : মেহেদীতে লসোন (C<sub>10</sub>H<sub>6</sub>O<sub>3</sub>) নামক রঞ্জক পদার্থটিই মূলত মেহেদীর রং এর জন্য দায়ী।

Ans : A.

৩৬. নিরাপদ খাদ্য সংরক্ষক হিসেবে পরিচিত-

- A. ক্যালসিয়াম প্রোপানয়েট B. ক্যালসিয়াম কার্বাইড  
C. সোডিয়াম নাইট্রাইট D. সোডিয়াম বেনজোয়েট

ব্যাখ্যা : ক্যালসিয়াম প্রোপানয়েট, ক্যালসিয়াম কার্বাইড (CaC<sub>2</sub>), সোডিয়াম নাইট্রাইট ও সোডিয়াম বেনজোয়েট (C<sub>6</sub>H<sub>5</sub>-COONa) ইত্যাদি সবগুলোই খাদ্য সংরক্ষক হিসেবে পরিচিত; তবে ক্যালসিয়াম প্রোপানয়েট নিরাপদ খাদ্য সংরক্ষক।

Ans : A.

৩৭. কোন পরিবাহকের বিভব 1V বাড়াতে যদি 1C আধানের প্রয়োজন হয়, তাহলে ঐ পরিবাহকের ধারকত্ব-

- A. 1F B. 1mF  
C. 1μF D. কোনটিই নয়

ব্যাখ্যা : ধারকত্ব,  $C = \frac{Q}{V} = \frac{1}{1} = 1F$

Ans : A.

৩৮. পৃথিবী পৃষ্ঠ হতে কোন বস্তুর মুক্তি বেগ কোনটি?

- A. 9.4 kms<sup>-1</sup> B. 10.2 kms<sup>-1</sup>  
C. 11.2 kms<sup>-1</sup> D. 15.4 kms<sup>-1</sup>

ব্যাখ্যা : পৃথিবী পৃষ্ঠ হতে কোন বস্তুর মুক্তি বেগ = 11.2 km s<sup>-1</sup> বা 7 mile s<sup>-1</sup> বা 25000 mile h<sup>-1</sup>

Ans : C.

৩৯. পৃষ্ঠটানের এস. আই একক হলো-

- A. Nm<sup>-2</sup> B. Nm  
C. Nm<sup>2</sup> D. Nm<sup>-1</sup>

ব্যাখ্যা : পৃষ্ঠটানের :

- S.I একক = Nm<sup>-2</sup>
- মাত্রা = MT<sup>-2</sup>

Ans : D.

৪০. আলোকরশ্মি ঘন হতে হালকা মাধ্যমে প্রবেশ করলে কোনটি সঠিক?

- A. r < i B. r = i  
C. r > i D. r > θ<sub>c</sub>

ব্যাখ্যা : • আলোক রশ্মি হালকা মাধ্যম থেকে ঘন মাধ্যমে যাওয়ার সময় প্রতিসরিত রশ্মি অভিলম্বের দিকে সরে যায়। অর্থাৎ i > r

• আলোক রশ্মি ঘন মাধ্যম হতে হালকা মাধ্যমে যাওয়ায় সময় প্রতিসরিত রশ্মি অভিলম্ব থেকে দূরে সরে যায়। অর্থাৎ i < r

Ans : C.

৪১. যে যন্ত্রের সাহায্যে বৈদ্যুতিক শক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত করা হয় তাকে বলে-

- A. বৈদ্যুতিক মটর B. ট্রান্সফরমার  
C. ডায়নামো D. জেনারেটর

ব্যাখ্যা : • যে যন্ত্রের সাহায্যে যান্ত্রিক শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করা হয়, তাকে জেনারেটর বা ডায়নামো বলে।

• যে যন্ত্রের সাহায্যে বিদ্যুৎ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করা যায়, তাকে বৈদ্যুতিক মোটর বলে।

Ans : A.

৪২. কোন বৃত্তের ব্যাসার্ধের সমান বৃত্তচাপ বৃত্তের কেন্দ্রে যে কোণ উৎপন্ন করে তাকে বলে-

- A. π রেডিয়ান B. 1 ডিগ্রী  
C. 1 রেডিয়ান D. কোনটিই নয়

Ans : C.

৪৩. হ্যালোজেনের ইলেকট্রন আসক্তির ক্রম হলো-

- A. Cl < F < Br < I B. Cl = F = Br = I  
C. Cl > F > Br > I D. কোনটিই নয়

ব্যাখ্যা : • হ্যালোজেনের ইলেকট্রন আসক্তির ক্রম : Cl > F > Br > I

• হ্যালোজেনের ড্যানডার ওয়ালস বল বৃদ্ধির ক্রম : F<sub>2</sub> < Cl<sub>2</sub> < Br<sub>2</sub> < I<sub>2</sub>

• হ্যালোজেনের জারণ ক্ষমতার ক্রম : F > Cl > Br > I

Ans : C.

88. 1ml 1.0M অম্লীয়  $K_2Cr_2O_7$  দ্রবণ দ্বারা কত গ্রাম  $Fe^{++}$  আয়ন জারিত হয়?  
 A. 33.0g B.  $33.5 \times 10^{-2}g$   
 C.  $3.35 \times 10^3g$  D. 5.55g

ব্যাখ্যা : 1 mol  $K_2Cr_2O_7 \equiv 6 \text{ mol } Fe^{++}$  আয়ন  
 $\therefore 1000 \text{ mL } 1M \text{ } K_2Cr_2O_7 \equiv 6 \times 55.85 \text{ g } Fe^{++}$  আয়ন  
 $\therefore 1 \text{ mL}$  আয়তনের  $1M \text{ } K_2Cr_2O_7 = \frac{6 \times 55.85 \times 1}{1000}$   
 $= 0.335 \text{ gm} = 33.5 \times 10^{-2} \text{ gm}$   
**Ans : B.**


8৫. 5%  $Na_2CO_3$  দ্রবণের মোলারিটি কত?  
 A. 0.98M B. 0.89M C. 0.74M D. 0.47M

ব্যাখ্যা : মোলারিটি  $S = \frac{\% \times 10}{M} = \frac{5 \times 10}{106} = 0.47M$   
**Ans : D.**

8৬. ইথানলকে  $170^\circ C$  তাপমাত্রায় অতিরিক্ত গাঢ়  $H_2SO_4$  দ্বারা বিক্রিয়া করলে কি উৎপন্ন হয়?  
 A.  $C_2H_5HSO_4$  B.  $C_2H_4SO_4$   
 C.  $CH_2 = CH_2$  D.  $CH_3CHO$

ব্যাখ্যা : উপরের ৭নং প্রশ্নের ব্যাখ্যা দেখ।  
**Ans : C.**

8৭. ন্যাপথালিনে  $\pi$ - বন্ধনের সংখ্যা কতটি?  
 A. 4 B. 6 C. 3 D. 5

ব্যাখ্যা : ন্যাপথালিনের সংকেত  $C_{10}H_8$  এবং বেনজিনের সংকেত  $C_6H_6$   
  
 ন্যাপথালিন  $\pi$  বন্ধন সংখ্যা = 5 টি বেনজিনে  $\pi$  বন্ধন = 3 টি  
**Ans : D.**

8৮. ইলেকট্রন ভোল্ট কিসের একক?  
 A. শক্তি B. আধান C. বিভব D. ধারকত্ব

ব্যাখ্যা : ইলেকট্রন ভোল্ট (eV) হল শক্তির একক।  
 $1eV = 1.6 \times 10^{-19} \text{ J}$   
**Ans : A.**

**জীববিজ্ঞান (ঐচ্ছিক)**

8৯. পিত্ত ও অগ্ন্যাশয় রস ক্ষরণে কোন স্নায়ু কাজ করে?  
 A. গ্লোসোফেরিঞ্জিয়াল B. ফেসিয়াল  
 C. আবডুসেন্স D. ভ্যাগাস

ব্যাখ্যা : পিত্ত ও অগ্ন্যাশয় রস ক্ষরণে ভ্যাগাস স্নায়ু কাজ করে।  
**Ans : D.**

৫০. ফুসফুসের কোন অংশে  $O_2$  এবং  $CO_2$  এর বিনিময় ঘটে?  
 A. ব্রঙ্কায়ে B. ট্রাকিয়াল C. ব্রঙ্কিউল D. অ্যালভিউলাস

ব্যাখ্যা : ফুসফুসের অ্যালভিউলাসের  $O_2$  ও  $CO_2$  এর বিনিময় ঘটে।  
**Ans : D.**

৫১. কোষের ৯০% RNA থাকে-  
 A. নিউক্লিয়াসে B. সাইটোপ্লাজমে  
 C. ক্রোমোজোমে D. রাইবোজোমে

ব্যাখ্যা : ৯০% RNA থাকে সাইটোপ্লাজমে  
 ১০% RNA থাকে নিউক্লিয়াসে  
**Ans : B.**

৫২. বীজহীন ফল উৎপাদনে ব্যবহার করা হয়-  
 A.  $GA_3$  B. GABA C.  $NHO_3$  D.  $H_2SO_4$

ব্যাখ্যা : বীজহীন ফল উৎপাদনে ব্যবহৃত হয়-  $NHO_3$ , অক্সিন।  
**Ans : C.**

৫৩. পেনিসিলিন আবিষ্কৃত হয় কত সালে?  
 A. ১৮৯৬ B. ১৯২৮ C. ১৯২৩ D. ১৯২৯

ব্যাখ্যা : ১৯২৯ সালে Alexander Fleming সর্বপ্রথম *P. Notatum* থেকে Penicillin আবিষ্কার করেন।  
**Ans : D.**

৫৪. *Allium cepa* তে কোন্ ধরণের পুষ্পবিন্যাস দেখা যায়?  
 A. ক্যাপিটেড B. আবেল C. স্প্যাডিক্স D. করিম্ব

ব্যাখ্যা : *Allium Cepa* উদ্ভিদের পুষ্পবিন্যাস 'আবেল'।  
 অমরাবিন্যাস : অক্ষীয়  
**Ans : B.**

৫৫. ভারতবর্ষের লিনিয়াস-  
 A. জগদীশ চন্দ্র বসু B. উইলিয়াম রব্ববার্গ  
 C. সলিম আলী D. রুডিয়র্ড কিপলিং

ব্যাখ্যা : ভারতবর্ষের লিনিয়াস বলা হয় উইলিয়াম রব্ববার্গকে।  
**Ans : B.**

৫৬. মানুষের শ্বাস-প্রশ্বাস নিয়ন্ত্রণে সক্রিয় ভূমিকা পালন করে-  
 A. নাসিকা B. লালাগহ্বর C. ব্রঙ্কায়ে D. ডায়াফ্রাম

ব্যাখ্যা : শ্বাস প্রশ্বাস নিয়ন্ত্রণে সক্রিয় ভূমিকা পালন করে ডায়াফ্রাম ও ইন্টারকোস্টাল পেশি।  
**Ans : D.**

৫৭. এক অনু মায়োগ্লোবিন কত অনু অক্সিজেন বহন করে?  
 A. ২ অনু B. ৭ অনু C. ১ অনু D. ৩৮ অনু

ব্যাখ্যা : এক অনু মায়োগ্লোবিন এক অনু অক্সিজেন বহন করে।  
**Ans : C.**

৫৮. ঘৃতকুমারী কোন্ গোত্রের উদ্ভিদ?  
 A. লিলিয়েসী B. ক্রুসিফেরী C. সোলানেসী D. মালভেসী

ব্যাখ্যা : • **Liliaceae** : *Allium cepa* (পিঁয়াজ), *Allium sativum* (রসুন), *Aloe borebadensis* (ঘৃতকুমারী), *Asparagus racemosus* (শতমূলী), *Gloriosa superba* (উলটচতাল), *Samilar macrophylla* (কুমারীলতা)  
 • **Leguminosae** : *Clitoria ternatea* (অপরাজিতা), *Lens culinaris* (মসুর), *Lablab purpureus* (শিম), *Crotalaria juncea* (শনপাট), *Lathyrus sativus* (খেসারী), *Arachis hypogaea* (চিনাবাদাম), *Delonix regia* (কৃষ্ণচূড়া), *Cassia fistula* (বাদরলাঠি), *Cassia sophera* (লাকাসুন্দা), *Tamarindus indica* (তেঁতুল), *Samance saman* (রেডিকড়ই), *Acacia nilatica* (বাবলা), *Acacia catecha* (খয়ের), *Glycin max* (সয়াবিন),  
 • **Cruciferae** : *Brassica juncea* রাই সরিষা), *Brassica nigra* (কালোসরিষা), *Brassica C. Var. sans* (শ্বেত সরিষা), *Brassica campestris L. Var. turnip*, *Brassicace oleracea* (ফুলকপি), *Braoleracaa copitata* (বাধাকপি), *Raphanus sativus* (মুলা), *Brassica napus*  
 • **Malvaceae** : *Hibiscus rosasinensis* (জবা), *Abelmoschus esculentus* (ঢেড়স), *Gossypium herbaceum* (কার্পাস তুলা), *Habiscus cannabinas* (কেনাফ মেস্তাপাট), *Habiscus sabdariffa* (মেস্তা পাট), *Habiscus mutabilis* (স্থলপদ্ম)

• Solanaceae : Solnum tuberosum (গোলআলু), Solanum melangena (বেগুন), Lycopersicon lycopersicum (টমেটো), Datura metel (ধুতুরা), Nicotiana tabacum(তামাক), Capsicum trutescens (মরিচ), Cestrum nocturnum (হাসনাহেনা)  
Ans : A.

৫৯. ক্রেবস চক্রের বিক্রিয়া কোথায় ঘটে?

- A. নিউক্লিয়াসে B. সাইটোপ্লাজমে  
C. গলগি বডিতে D. মাইটোকন্ড্রিয়াতে

ব্যাখ্যা :

| চক্র          | সংঘটিত স্থান    |
|---------------|-----------------|
| ক্রেবস চক্র   | সাইটোকন্ড্রিয়া |
| গ্লাইকোলাইসিস | সাইটোপ্লাজম     |
| ETS           | মাইটোকন্ড্রিয়া |

Ans : D.

৬০. স্প্যাডিক্স কোন ধরণের পুষ্পবিন্যাস?

- A. অনিয়ত B. নিয়ত C. মিশ্র D. বিশেষ প্রকার

ব্যাখ্যা : অনিয়ত পুষ্পবিন্যাস হল-

- রেসিম • স্পাইক • স্প্যাডিক্স • স্পাইকলেট • করিম  
• আবেল • ক্যাপিচুলাম • ক্যাটকিন • ক্যাপিটেট

Ans : A.

৬১. হেনলির লুপের প্রধান কাজ কি?

- A. দেহের অভিস্রবণ নিয়ন্ত্রণ করা B. রক্তের pH নিয়ন্ত্রণ করা  
C. মূত্রকে পেলভিসে স্থানান্তর করা D. পানি সংরক্ষণ করা

ব্যাখ্যা : পানি পুনঃশোষণের জন্য পানি সংরক্ষণ করা লুপ অব হেনলির কাজ।

Ans : D.

৬২. মানুষে আবিষ্কৃত সেক্স লিংকড জীনের সংখ্যা-

- A. ৩০ B. ৫০ C. ৬০ D. ৭০

ব্যাখ্যা : মানুষের শরীরে একজোড়া সেক্স লিংকড জীন থাকে।

Ans : নাই।

৬৩. ইমপ্ল্যান্টেশন নিষেকের কতদিন পরে ঘটে?

- A. ১২-১৫ B. ৫-৭ C. ৬-৯ D. ৭-১০

ব্যাখ্যা : নিষেকের পর ৬ - ৯ দিনের মধ্যে যে প্রক্রিয়ায় জাইগোটটি ব্লাস্টোসিস্ট অবস্থায় জরায়ুর এন্ডোমেট্রিয়ামে সংস্থাপিত হয়, তাকে ইমপ্ল্যান্টেশন বলে।

Ans : C.

৬৪. মস্তিষ্কের কোন অংশ বুদ্ধিমত্তা নিয়ন্ত্রণ করে?

- A. সেরেবেলাম B. সেরেব্রাম  
C. থ্যালামাস D. হাইপোথ্যালামাস

ব্যাখ্যা : সেরেব্রামের কাজ :

- সংবেদী অঙ্গ থেকে আসা অনুভূতি গ্রহণ ও বিশ্লেষণ করা।  
• বুদ্ধিমত্তা নিয়ন্ত্রণ করা।  
• বাকশক্তিকে নিয়ন্ত্রণ করা।

Ans : B.

৬৫. শ্বসন প্রক্রিয়ায় সর্বশেষ ইলেকট্রন গ্রহীতা কে?

- A. হাইড্রোজেন B. সাইটোক্রোম  
C. অক্সিজেন D. নাইট্রোজেন

ব্যাখ্যা : শ্বসন প্রক্রিয়ায় শেষ পর্যায়ে সাইটোক্রোম a<sub>3</sub> থেকে সর্বশেষ ইলেকট্রন গ্রহণ করে অক্সিজেন।

Ans : C.

৬৬. নিচের কোনটি প্রকৃত ফল?

- A. Date B. Plum C. Apple D. Grape

ব্যাখ্যা : প্রকৃত ফল : Mango, Grape, জাম, আতা।

Ans : D.

৬৭. মাইসেলিয়ামের অনুসূত্রকে বলা হয়-

- A. মাইসেলিয়া B. হপ্টেরিয়া  
C. হাইফা D. রাইজোমর্ফ

ব্যাখ্যা : মাইসেলিয়ামের অনুসূত্রকে রাইজোমর্ফ বলে। আকৃতি অনেকটা দড়ির মত।

Ans : D.

৬৮. জীবন্ত জীবাশ্ম উদ্ভিদ কোনটি?

- A. Cycas B. Lygus  
C. Pinus D. Lichen

ব্যাখ্যা : জীবন্ত জীবাশ্ম : বর্তমানকালের কোন জীবিত উদ্ভিদের বৈশিষ্ট্য অতীতকালের কোন জীবাশ্ম উদ্ভিদের বৈশিষ্ট্যের সাথে মিল সম্পন্ন হলে তাকে জীবন্ত জীবাশ্ম বলে। Cycas একটি জীবন্ত জীবাশ্ম।

Ans : A.

৬৯. মানবদেহের জৈব রসায়নাগার কোনটি?

- A. পাকস্থলী B. কিডনী C. পিওথলি D. লিভার

ব্যাখ্যা : মানবদেহের জৈব রসায়নাগার হল লিভার বা যকৃত।

Ans : D.

৭০. মূত্রে সোডিয়ামের মাত্রা কমাতে সাহায্য করে-

- A. ইনসুলিন B. অ্যালডোস্টেরন  
C. থাইরক্সিন D. টেস্টোস্টেরন

ব্যাখ্যা : অ্যাড্রেনাল কর্টেক্স থেকে ক্ষরিত অ্যালডোস্টেরন মূত্রে Na<sup>+</sup>, k<sup>+</sup> আয়নের মাত্রা কমাতে সাহায্য করে।

Ans : B.

৭১. জাতীয় পাখি দোয়েল কোন বর্গের অন্তর্গত

- A. Columbiformes B. Apterygiformes  
C. Passariformes D. Rheiformes

ব্যাখ্যা : দোয়েল পাখির শ্রেণী বিন্যাস-

Phylum (পর্ব) : Chordata

Class (শ্রেণী) : Aves

Order (বর্গ) : Passeriformes

Family গোত্র) : Muscicapidae

Genus (গণ) : Copsychus

Species (প্রজাতি) : Copsychus saularis

Ans : C.

৭২. কোনটি শ্রেণী অস্থিচক্রের অস্থি নয়?

- A. ইলিয়াম B. ইন্ডিয়াম  
C. অ্যাসিটাবুলাম D. পিউবিস

ব্যাখ্যা : শ্রেণী অস্থিচক্রের অস্থি : ইলিয়াম, ইন্ডিয়াম, পিউবিস, অ্যাসিটাবুলাম, পেলবিস অস্থির অংশ।

Ans : C.

৭৩. কোন আয়নটি পত্ররক্ত খোলা ও বন্ধ রাখা নিয়ন্ত্রণ করে?

- A. K<sup>+</sup> B. Ca<sup>++</sup> C. Na<sup>+</sup> D. Cl<sup>-</sup>

ব্যাখ্যা : আধুনিক মতবাদ বা আয়ন প্রবাহ মতবাদ অনুযায়ী পত্ররক্ত খোলা ও বন্ধ হওয়া নিয়ন্ত্রণ করে k<sup>+</sup> আয়ন।

Ans : A.

৭৪. আমের যে অংশ খাওয়া হয়-

- A. এডোকর্প B. মেসোকর্প  
C. এপিকর্প D. পেরিকর্প

ব্যাখ্যা : আমের মেসোকর্প অংশ খাওয়া হয়-

- আমের এপিকর্প হলো সবচেয়ে বাহিরের অংশ, যাকে ফলত্বক বলে।  
• আমের এডোকর্প হল বীজত্বক।

Ans : B.

৭৫. ক্যারোটিনের রাসায়নিক সংকেত-

- A.  $C_{40}H_{56}O_2$                       B.  $C_{40}H_{56}O$   
C.  $C_{38}H_{56}O_2$                       D.  $C_{38}H_{56}O$

ব্যাখ্যা : আণবিক সংকেত-

- i) ক্যারোটিন -  $C_{40}H_{56}O$   
ii) জ্যাঙ্কোফিল -  $C_{40}H_{56}O_2$   
iii) ফাইকোসায়ানিন -  $C_{34}H_{44}O_8N_4$   
iv) ফাইকোইরিথ্রিন -  $C_{34}H_{46}O_8N_4$

Ans : B.

৭৬. ভাইরাসমুক্ত চারাগাছ উৎপাদনে কোন প্রযুক্তি ব্যবহার করা হয়?

- A. মেরিস্টেম কালচার                      B. এনথার কালচার  
C. এমব্রিও কালচার                      D. ক্যালাস কালচার

ব্যাখ্যা : ভাইরাসমুক্ত চারাগাছ উৎপাদনে ব্যবহৃত হয় মেরিস্টেম কালচার।

Ans : A.

৭৭. অক্ষ ও লালায় কোন এনজাইম ব্যাকটেরিয়ানাশক হিসেবে কাজ করে?

- A. নিউট্রালিন                      B. নিউট্রিফিল  
C. লাইসোজাইম                      D. পাইরোজেন

ব্যাখ্যা : অক্ষ ও লালার লাইসোজাইম এনজাইম ব্যাকটেরিয়ানাশক হিসেবে কাজ করে।

Ans : C.

৭৮. জ্ঞান অবস্থায় লোহিত রক্ত কণিকা কোথা থেকে উৎপন্ন হয়?

- A. যকৃত ও প্লীহা                      B. কুসুম থলের ডাকুলোসা  
C. অস্থিমজ্জা                      D. পর্শকা

ব্যাখ্যা : লোহিত রক্ত কণিকা উৎপাদন-

|                   |  |
|-------------------|--|
| জ্ঞানীয় অবস্থায় | যকৃত প্লীহা থাইমাস                           |
| জন্মের ২০ বছর পর  | অস্থিমজ্জার হিমোসাইটোট্রাস্ট নামক কোষ থেকে   |
| জীবনের বাকী অংশ   | হিউমেরাস, ফিমার, স্টার্নাম, পর্শকা, কশেরুকা। |

Ans : A.

৭৯. গোল্ডেন পুডার পাখি বিরতিহীনভাবে কত মাইল উড়তে পারে?

- A. ২০০                      B. ১৪০                      C. ১১০০                      D. ১৪০০

ব্যাখ্যা : গোল্ডেন পুডার বিরতিহীন ভাবে ৪৪০০ km বা ৩০০০ মাইল উড়তে পারে।

Ans : D.

৮০. বাংলাদেশের অতি বিপন্ন প্রাণী কোনটি?

- A. বাঘ                      B. বনবিড়াল                      C. ময়ূর                      D. নেকড়ে

ব্যাখ্যা : বিলুপ্ত : গোলাপী শির হাঁস  
লাল শির হাঁস

অতিবিপন্ন/মহাবিপন্ন : বাঘ

বিপন্ন : কালো ভালুক

অরক্ষিত : পাঁচি শিয়াল

Ans : A.

গণিত (ঐচ্ছিক)

৪৯.  $\cos(\sin^{-1} 1/4 + \cos^{-1} 1/4)$  এর মান কত?

- A. 3                      B. 2                      C. 1                      D. 0

ব্যাখ্যা :  $\cos(\sin^{-1} 1/4 + \cos^{-1} 1/4) = \cos \frac{\pi}{2} = 0$

Ans : D.

৫০. কোন সামান্তরিকের কর্ণদ্বয়  $3\hat{i} + \hat{j} - 2\hat{k}$  এবং  $\hat{i} - 3\hat{j} + 4\hat{k}$  দ্বারা সূচিত হলে সামান্তরিকটির ক্ষেত্রফল কত বর্গ একক?

- A.  $5\sqrt{3}$                       B.  $4\sqrt{3}$                       C.  $3\sqrt{3}$                       D.  $2\sqrt{3}$

ব্যাখ্যা : একটি সামান্তরিকের দুটি কর্ণ  $\vec{C}$  ও  $\vec{D}$  দ্বারা প্রকাশিত হলে,

এর ক্ষেত্রফল  $= \frac{1}{2} |\vec{C} \times \vec{D}|$

$\therefore$  ক্ষেত্রফল  $= \frac{1}{2} \sqrt{(4-6)^2 + (-2-12)^2 + (-9-1)^2}$   
 $= \frac{1}{2} \sqrt{4+196+100} = \frac{1}{2} \times 10\sqrt{3} = 5\sqrt{3}$

Ans : A.

৫১. যদি  $A = [3 \ 4]$  এবং  $B = \begin{bmatrix} 1 & -2 & 0 \\ 4 & 5 & -3 \end{bmatrix}$  হয় তবে AB নির্ণয় কর

- A.  $[17 \ 14 \ -13]$                       B.  $[19 \ 14 \ -12]$   
C.  $[18 \ 14 \ -11]$                       D.  $[20 \ 14 \ -10]$

ব্যাখ্যা :  $AB = [3 \ 4] \begin{bmatrix} 1 & -2 & 0 \\ 4 & 5 & -3 \end{bmatrix}$   
 $= [3+16 \ -6+20 \ 0-12]$   
 $= [19 \ 14 \ -12]$

Ans : B.

৫২. একটি থলিতে ৪ টা লাল, ৫ টা সাদা, ও ৬ টা কালো বল আছে। দৈবভাবে একটি বল নেওয়া হলে সেটি সাদা হওয়ার সম্ভাবনা কত?

- A.  $\frac{1}{3}$                       B.  $\frac{1}{4}$                       C.  $\frac{3}{5}$                       D.  $\frac{4}{6}$

ব্যাখ্যা : বলটি সাদা হওয়ার সম্ভাব্যতা  $= \frac{5}{4+5+6} = \frac{5}{15} = \frac{1}{3}$

Ans : A.

৫৩.  $\int \frac{\tan x}{\sqrt{2} \cot x} dx =$  কত?

- A.  $\frac{1}{\sqrt{2}} (\cot x - x) + C$                       B.  $\frac{1}{\sqrt{2}} (\tan x - x) + C$   
C.  $(\tan x - x) + C$                       D.  $(\tan x + x) + C$

ব্যাখ্যা :  $\int \frac{\tan x}{\sqrt{2} \cot x} dx = \frac{1}{\sqrt{2}} \int \frac{\tan x}{\tan x} dx$   
 $= \frac{1}{\sqrt{2}} \int \tan^2 x dx$   
 $= \frac{1}{\sqrt{2}} \int (\sec^2 x - 1) dx$   
 $= \frac{1}{\sqrt{2}} \int (\tan x - x) + C$

Ans : B.



!!! বের হয়েছে !!!  
পানকৌড়ি  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
A Unit এর পূর্ণাঙ্গ প্রস্তুতির জন্য  
বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যা সহ নির্ভুল সমাধান  
এবং Written সাজেশন

৫৪.  $1 + \frac{1}{4} + \frac{1.3}{4.8} + \frac{1.3.5}{4.8.12} + \dots \infty$  ধারাটির যোগফল কত?  
 A.  $\frac{2}{\sqrt{3}}$     B.  $\frac{\sqrt{3}}{2}$     C.  $2\sqrt{2}$     D.  $\sqrt{2}$

ব্যাখ্যা:  $1 + \frac{1}{4} + \frac{1.3}{4.8} + \frac{1.3.5}{4.8.12} + \dots \infty$   
 $= 1 + \left(-\frac{1}{2}\right)\left(-\frac{1}{2}\right) + \frac{\left(-\frac{1}{2}\right)\left(-\frac{1}{2}-1\right)}{2!}\left(-\frac{1}{2}\right)^2 + \dots \infty$   
 $= \left(1 - \frac{1}{2}\right)^{-1} = \left(\frac{1}{2}\right)^{-1} = \sqrt{2}$

Ans : D.

৫৫.  $\sin A + \cos A = \sin B + \cos B$  হলে  $A + B = ?$

- A.  $\pi$     B.  $2\pi$     C.  $\frac{\pi}{2}$     D.  $\frac{\pi}{4}$

ব্যাখ্যা:  $\sin A + \cos A = \sin B + \cos B$   
 এখানে,  $A + B = \frac{\pi}{2}$  হলে,  $A = \frac{\pi}{2} - B$   
 $\therefore \sin A + \cos A = \sin\left(\frac{\pi}{2} - B\right) + \cos\left(\frac{\pi}{2} - B\right)$   
 $= \cos B + \sin B$

Ans : C.

৫৬. কোনটি  $x^3 = 8$  এর সমাধান নয়?

- A. 2    B.  $-1 + i\sqrt{3}$   
 C.  $-1 - i\sqrt{3}$     D.  $\sqrt{2}(1 + i)$

ব্যাখ্যা:  $x^3 = 8 \Rightarrow x = 2, 2\omega, 2\omega^2 = 2, (-1 + \sqrt{3}i), (-1 - \sqrt{3}i)$

Ans : D.

৫৭.  $f(x) = \frac{3x}{x-2}$  হলে  $f^{-1}(3)$  এর মান হবে-

- A.  $\frac{2}{3}$     B.  $\frac{3}{2}$     C.  $\infty$     D. 3

ব্যাখ্যা:  $\frac{3x}{x-2} = 3 \Rightarrow 3x = 3x - 2$

$\therefore f^{-1}(3) = \infty$

Ans : C.

৫৮.  $y = \tan x$  হলে  $\frac{d^2y}{dx^2}$  এর মান কত?

- A.  $1 + y^2$     B.  $y^2$     C.  $2y(1 + y^2)$     D.  $2y$

ব্যাখ্যা:  $y = \tan x \Rightarrow \frac{dy}{dx} = \sec^2 x$

$\therefore \frac{d^2y}{dx^2} = 2 \sec x \cdot \sec x \tan x$   
 $= 2 \sec^2 x \tan x$   
 $= 2 \tan x (1 + \tan^2 x)$   
 $= 2y(1 + y^2)$

Ans : C.

৫৯.  $\log_2 2 + \log_2 4 + \log_2 8 = ?$

- A. 2    B. 4  
 C. 6    D. 8

ব্যাখ্যা:  $\log_2 2 + \log_2 4 + \log_2 8$   
 $= 1 + \log_2 2^2 + \log_2 2^3$   
 $= 1 + 2 \log_2 2 + 3 \log_2 2$   
 $= 1 + 2 + 3 = 6$

Ans : C.

৬০.  $4(x^2 + y^2) = 5$  এর ক্ষেত্রফল কত বর্গ একক?

- A.  $\frac{\pi}{4}$     B.  $\frac{5\pi}{4}$     C.  $\frac{15\pi}{4}$     D.  $\frac{25\pi}{4}$

ব্যাখ্যা:  $4(x^2 + y^2) = 5 \Rightarrow x^2 + y^2 = \frac{5}{4}$

$\therefore$  বৃত্তের ক্ষেত্রফল  $= \pi r^2 = \pi \times \frac{5}{4} = \frac{5\pi}{4}$

Ans : B.

৬১.  $9x^2 + 5y^2 = 45$  উপবৃত্তের উপকেন্দ্রঘরের মধ্যবর্তী দূরত্ব কত?

- A. 5    B. 4  
 C. 6    D. 3

ব্যাখ্যা:  $9x^2 + 5y^2 = 45 \Rightarrow \frac{x^2}{5} + \frac{y^2}{9} = 1$  [b > a]

$e = \sqrt{1 - \frac{a^2}{b^2}} = \sqrt{1 - \frac{5}{9}} = \sqrt{\frac{4}{9}} = \frac{2}{3}$

$\therefore$  উপকেন্দ্রঘরের মধ্যবর্তী দূরত্ব  $= 2be = 2 \cdot 3 \cdot \frac{2}{3} = 4$

Ans : B.

৬২.  $\frac{d}{dx} \left\{ \frac{\tan x - \cot x}{\tan x + \cot x} \right\} =$  কত?

- A. cosec x    B. 2 sec 2x  
 C. sin x    D. 2 sin 2x

ব্যাখ্যা:  $y = \frac{\tan x - \cot x}{\tan x + \cot x}$   
 $= \frac{\frac{\sin x}{\cos x} - \frac{\cos x}{\sin x}}{\frac{\sin x}{\cos x} + \frac{\cos x}{\sin x}}$   
 $= \frac{\frac{\sin^2 x - \cos^2 x}{\sin x \cos x}}{\frac{\sin^2 x + \cos^2 x}{\sin x \cos x}}$   
 $= \frac{\sin^2 x - \cos^2 x}{\sin^2 x + \cos^2 x}$   
 $= -\cos 2x$

$\therefore \frac{dy}{dx} = 2 \sin 2x$

Ans : D.

৬৩. THESIS শব্দটির বর্ণগুলি থেকে প্রতিবারে 4টি বর্ণ নিয়ে মোট সমাবেশ সংখ্যা-

- A. 5    B. 6  
 C. 11    D. 30

ব্যাখ্যা: সাজানো সংখ্যা  $= {}^4C_2 + {}^4C_3 + {}^4C_4 = 6 + 4 + 1 = 11$

Ans : C.

৬৪.  $x + y = 0$  সরলরেখার উপর লম্ব এবং মূলবিন্দুগামী রেখার সমীকরণ কোনটি?

- A.  $x + y = 1$  B.  $x + y = -1$   
C.  $x - y = 1$  D.  $x - y = 0$

ব্যাখ্যা :  $x + y = 0$  রেখার উপর লম্ব রেখার সমীকরণ,  $x - y + k = 0$  এটি  $(0, 0)$  বিন্দুগামী বলে,  $0 - 0 + k = 0 \Rightarrow k = 0$   
 $\therefore$  নির্ণেয় সরলরেখা  $x - y = 0$

Ans : D.

৬৫. প্রক্ষেপ বস্তুর সর্বাধিক উচ্চতায় পৌঁছাতে সময়  $t = ?$

- A.  $\frac{u^2 \sin^2 \alpha}{2g}$  B.  $\frac{u^2 \sin \alpha}{2}$   
C.  $\frac{u \sin \alpha}{g}$  D.  $\frac{u \sin \alpha}{2}$

ব্যাখ্যা : প্রক্ষেপকটি সর্বোচ্চ বিন্দুতে পৌঁছলে অর্থাৎ অনুভূমিক হলে-

(i) সর্বোচ্চ উচ্চতা,  $H = \frac{u^2 \sin^2 \alpha}{2g}$

(ii) সর্বোচ্চ উচ্চতা লাভের সময়,  $t = \frac{u \sin \alpha}{g}$

(iii) বিচরণকাল বা ভ্রমণকাল,  $T = \frac{2u \sin \alpha}{g}$

(iv) অনুভূমিক পাল্লা,  $R = \frac{u^2 \sin 2\alpha}{g}$

(v) সর্বোচ্চ অনুভূমিক পাল্লা,  $R_{\max} = \frac{u^2}{g} [\alpha = 45^\circ]$

Ans : C.

৬৬. স্রোতের বেগ  $u$  এবং নৌকার বেগ  $v$ , নৌকাটি স্রোতের বিপরীত দিকে চালালে স্রোতের সাপেক্ষে নৌকাটির আপেক্ষিক বেগ হবে-

- A.  $v - u$  B.  $u + v$  C.  $u^2 - v$  D.  $u - v$

ব্যাখ্যা : দুটি বস্তু একই দিকে গমন করলে:

i) A বস্তুর সাপেক্ষে B বস্তুর আপেক্ষিক বেগ =  $V_B - V_A$

ii) B বস্তুর সাপেক্ষে A বস্তুর আপেক্ষিক বেগ =  $V_A - V_B$

দুটি বস্তু বিপরীত দিকে গমন করলে

i) A বস্তুর সাপেক্ষে B বস্তুর আপেক্ষিক বেগ =  $V_A + V_B$

ii) B বস্তুর সাপেক্ষে A বস্তুর আপেক্ষিক বেগ =  $V_A + V_B$

Ans : B.

৬৭. সমকোণী ত্রিভুজের সমকোণের সন্নিহিত বাহুর লম্ব অভিক্ষেপ কত?

- A. অসীম B. শূন্য C. 1 D. 10

ব্যাখ্যা : সমকোণের সন্নিহিত বাহুর লম্ব অভিক্ষেপ =  $a \cos \theta = a \cos 90^\circ = 0$

Ans : B.

৬৮.  $x^2 + y^2 - 2ax = 0$ , এই কার্টিসীয় সমীকরণের পোলার সমীকরণ কোনটি?

- A.  $r = a \cos \theta$  B.  $r = 2a \sin \theta$   
C.  $r = 2a \cos \theta$  D.  $r = 2a \cos \theta$

ব্যাখ্যা :  $x^2 + y^2 - 2ax = 0$

$\Rightarrow (r \cos \theta)^2 + (r \sin \theta)^2 - 2a r \cos \theta = 0$

$\Rightarrow r^2 \sin^2 \theta + r^2 \cos^2 \theta - 2a r \cos \theta = 0$

$\Rightarrow r^2 = 2a r \cos \theta$

$\Rightarrow r = 2a \cos \theta$

Ans : C.

৬৯.  $(x^2 + 1)^2 + 2(x^2 + 1) - 3 = 0$  সমীকরণের সমাধানের সংখ্যা কত?

- A. 2 B. 4 C. 1 D. 3

ব্যাখ্যা :  $(x^2 + 1)^2 + 2(x^2 + 1) - 3 = 0$

$\Rightarrow x^4 + 2x^2 + 1 + 2x^2 + 2 - 3 = 0$

এটি চতুর্ঘাত বিশিষ্ট সমীকরণ অর্থাৎ এর সমাধানের সংখ্যা 4 টি।

Ans : B.

৭০. একটি বৃত্তের ব্যাসার্ধ 5, কেন্দ্রের স্থানাঙ্ক  $(5, 3)$  এর যে জ্যা  $(3, 2)$  বিন্দুতে সম্বন্ধিত হয় তার দৈর্ঘ্য কত?


- A.  $2\sqrt{5}$  B.  $3\sqrt{5}$  C.  $5\sqrt{5}$  D.  $4\sqrt{5}$

ব্যাখ্যা :  $(5, 3)$  ও  $(3, 2)$  এর দূরত্ব

$= \sqrt{(5-3)^2 + (3-2)^2} = \sqrt{4+1} = \sqrt{5}$

$\therefore AB = \sqrt{OA^2 - OB^2}$   
 $= \sqrt{25 - 5} = \sqrt{20} = 2\sqrt{5}$

$\therefore AC = 2 \cdot AB = 2 \cdot 2\sqrt{5} = 4\sqrt{5}$



Ans : D.

৭১. একটি বুলেট কোন দেয়ালের ভিতর 2cm ঢুকবার পর অর্ধেক বেগ হারালে বুলেটটি দেয়ালের ভিতর আর কতদূর ঢুকবে?

- A.  $\frac{2}{3}$  cm B.  $\frac{1}{3}$  cm C.  $\frac{3}{4}$  cm D. 1cm

ব্যাখ্যা : বেগ অর্ধেক হারালে দূরত্ব =  $\frac{s}{3}$

$\therefore$  অতিক্রান্ত দূরত্ব =  $\frac{2}{3}$  cm

Ans : A.

৭২.  $m =$  কত হলে সমীকরণ  $mx - 8 = 6 - 7(x + 3)$  এর কোন সমাধান নাই?

- A. 3 B. 7 C. -7 D. 0

ব্যাখ্যা :  $m = -7$  হলে,  $-7x - 8 = 6 - 7(x + 3)$

$\Rightarrow -7x - 8 = 6 - 7x - 21$

$\Rightarrow -7x + 7x = 6 - 21 + 8$

$\Rightarrow 0 = -7$ , যার কোন সমাধান নেই।

Ans : C.

৭৩.  $\sin \theta + \cos \theta = \sqrt{2}$  হলে  $\theta$  এর মান কত?

- A.  $30^\circ$  B.  $45^\circ$  C.  $60^\circ$  D. কোনটিই নয়

ব্যাখ্যা :  $\sin \theta + \cos \theta = \sqrt{2}$

- A. Vulva      B. Epiglottis  
C. Adams Apple      D. Volcal Cord

ব্যাখ্যা : খাদ্য গলাধকরণের সময় স্বরযন্ত্রের মুখ বন্ধ করে Epiglottis বা উপজিহ্বা।

Ans : B.

৯. চোখের কোন স্তর স্নায়ুকোষ দিয়ে গঠিত?

- A. কর্ণিয়া      B. রেটিনা      C. কোরয়েড      D. স্কেরা

ব্যাখ্যা : চোখের রেটিনা স্নায়ুকোষ দিয়ে গঠিত। স্নায়ুকোষ হল রক্তকোষ ও কোণ কোষ।

Ans : B.

১০. তরুনাঙ্ঘির ম্যাট্রিক্স কী দ্বারা গঠিত?

- A. কনড্রোসাইট      B. কনড্রিন  
C. কনড্রোলাইট      D. অস্টিওসাইট

ব্যাখ্যা :

|             | অস্থি                           | তরুনাঙ্ঘি   |
|-------------|---------------------------------|---|
| ম্যাট্রিক্স | কঠিন ও কোলাজেন তন্তু দিয়ে গঠিত | অকঠিন ও কনড্রিন নামক ঐষৎ স্বচ্ছ ও কঠিন পদার্থে গঠিত |

Ans : B.

১১. কোন বিজ্ঞানী ক্যালকুলাস আবিষ্কার করেন?

- A. আইনস্টাইন B. গ্যালিলিও  
C. টমাস ইয়ং D. নিউটন

ব্যাখ্যা : সপ্তদশ শতকের শেষভাগে ইংরেজ বিজ্ঞানী নিউটন এবং জার্মান বিজ্ঞানী লীবনিজ (Leibnitz) পরস্পর স্বাধীনভাবে ক্যালকুলাস আবিষ্কার করেন।

Ans : D.

১২. নিউক্লিয়নের মধ্যে কোন কণার পারস্পরিক বিনিময়ের দ্বারা সবল নিউক্লিয় বলের উৎপত্তি হয়?

- A. গ্রাভিটন B. নিউট্রিনো  
C. মেসন D. ইলেকট্রন

ব্যাখ্যা : নিউক্লিয়নের মধ্যে ইলেকট্রন কণার পারস্পরিক বিনিময়ের দ্বারা সবল নিউক্লিয় বলের উৎপত্তি হয়।

Ans : D.

১৩. চাঁদের রৈখিক বেগ কোনটি?

- A.  $2.044 \text{ kms}^{-1}$  B.  $1.55 \text{ kms}^{-1}$   
C.  $1.022 \text{ kms}^{-1}$  D.  $5 \times 10^3 \text{ kms}^{-1}$

ব্যাখ্যা : চাঁদের রৈখিক বেগ  $v_m = 1.022 \text{ kms}^{-1}$

Ans : C.

১৪. কেন্দ্রমুখী বল দ্বারা কৃত কাজ কোনটি?

- A. অসীম B. ধনাত্মক  
C. শূন্য D. ঋণাত্মক

ব্যাখ্যা : কেন্দ্রমুখী বল দ্বারা কৃত কাজ শূন্য।

Ans : C.

১৫. মহাকর্ষীয় প্রাবল্য ও মহাকর্ষীয় বিভবের মধ্যে সম্পর্ক হলো-

- A.  $E = dV/dr$  B.  $F = Vr$   
C.  $E = -dV/dr$  D.  $E = V/r$

ব্যাখ্যা : মহাকর্ষীয় প্রাবল্য,  $E = -\frac{dV}{dr}$

Ans : C.

১৬. কোনটি একবীজ পত্রী উদ্ভিদ নয়?

- A. নারিকেল B. লিচু C. সুপারী D. ধান

ব্যাখ্যা : দ্বিবীজপত্রী উদ্ভিদ হল ধুতুরা, কাঁঠাল, লিচু।

Ans : B.

১৭. জলাতঙ্কের টিকা আবিষ্কারক হলেন?

- A. লুই পাস্তুর B. সোয়ান  
C. মর্গান D. ওয়ালেস

ব্যাখ্যা : লুই পাস্তুর- জলাতঙ্কের টিকা, মুরগির কলেরা, পাস্তুরা ইজেশন পদ্ধতি উদ্ভাবন করেন।

Ans : A.

১৮. ক্রোমোসোমে DNA ও হিসটোন এর পরিমাণ যথাক্রমে-

- A. ৩৩ - ৫৫% B. ৪৫-৫০%  
C. ৪০-৫০% D. ২৫-৬৫%

ব্যাখ্যা : ক্রোমোসোমে DNA ও হিসটোন এর পরিমাণ যথাক্রমে ৪০-৫০%।

Ans : C.

১৯. সস্য কলা-

- A. ডিপ্লয়েড B. ট্রিপ্লয়েড C. পলিপ্লয়েড D. হ্যাপ্লয়েড

ব্যাখ্যা : সস্য কলা : ট্রিপ্লয়েড  
ডিধানু : হ্যাপ্লয়েড  
শুক্রাণু : হ্যাপ্লয়েড  
দেহ কোষ : ডিপ্লয়েড

Ans : B.

২০. বায়োগ্যাসে মিথেনের পরিমাণ কত?

- A. ৪০% B. ৩৩% C. ৬৫% D. ৮৫%

ব্যাখ্যা : বায়োগ্যাসের উপাদান-

মিথেন : 60 - 70%

CO<sub>2</sub> : 25 - 35%

H<sub>2</sub> : 1 - 5%

O<sub>2</sub> : 0.01%

Ans : C.

২১. জীববৈচিত্র্য সমৃদ্ধ অঞ্চলকে বলা হয়-

- A. হটস্পট B. গ্রীণস্পট C. কোল্ডস্পট D. রেডস্পট

ব্যাখ্যা : জীববৈচিত্র্য সমৃদ্ধ অঞ্চলকে হটস্পট বলে।

নর্মান মায়ার্স ১৯৮৮ ও ১৯৯০ সালে হটস্পট শব্দের প্রচলন করেন।

Ans : A.

২২. নিচের কোনটি কাঁচ পরিষ্কারক হিসেবে ব্যবহৃত হয়?

- A. লিকার NH<sub>3</sub> B. কঠিন NH<sub>3</sub>  
C. NH<sub>3</sub> গ্যাস D. NH<sub>4</sub>Cl

ব্যাখ্যা : লিকার অ্যামোনিয়া বা অ্যামোনিয়া স্পিরিট গ্লাস ক্লিনার হিসেবে ব্যবহৃত হয়। এ দ্রবণে 35-40% অ্যামোনিয়া থাকে।

Ans : A.

২৩. নিম্নের কোনটিতে সঞ্চারণশীল ইলেকট্রন নেই?

- A. গ্রাফাইট B. বেনজিন C. লোহা D. হীরক

ব্যাখ্যা : হীরক বিদ্যুৎ পরিবহন করে না, কিন্তু গ্রাফাইট বিদ্যুৎ পরিবহন করে।

Ans : D.

২৪. কোনটি সুপার অক্সাইড?

- A. Na<sub>2</sub>O<sub>2</sub> B. KO<sub>2</sub> C. Na<sub>2</sub>O D. K<sub>2</sub>O

ব্যাখ্যা :

|  |                   |
|--|-------------------|
| Na <sub>2</sub> O <sub>2</sub>                 | পার অক্সাইড       |
| KO <sub>2</sub>                                | সুপার অক্সাইড     |
| Na <sub>2</sub> O, K <sub>2</sub> O            | ক্ষারকীয় অক্সাইড |
| ZnO, Al <sub>2</sub> O <sub>3</sub> , PbO, SnO | উভধর্মী অক্সাইড   |
| NO, CO, H <sub>2</sub> O, N <sub>2</sub> O     | নিরপেক্ষ অক্সাইড  |

Ans : B.

২৫. চাষাবাদের জন্য মাটির pH কত হওয়া প্রয়োজন?

- A. 3 - 4 B. 4 - 5 C. 7 - 8 D. 10 - 11

ব্যাখ্যা : চাষাবাদের জন্য মাটির pH (7 - 8) এর মধ্যে হওয়া প্রয়োজন।

Ans : C.

২৬. ট্রিটিয়াম কিসের আইসোটোপ?

- A. হাইড্রোজেন B. নাইট্রোজেন  
C. অক্সিজেন D. ক্যালসিয়াম

ব্যাখ্যা : হাইড্রোজেনের তিনটি আইসোটোপ হল-

i) প্রোটিয়াম ( $^1_1\text{H}$ )

ii) ডিউটেরিয়াম ( $^2_1\text{H}$ )

iii) ট্রিটিয়াম ( $^3_1\text{H}$ )

Ans : A.

২৭. (Na<sub>2</sub>CO<sub>3</sub> + CaS) কে একত্রে বলা হয়?

- A. হোয়াইট অ্যাশ B. ব্ল্যাক অ্যাশ  
C. লবন গুড়া D. সালফাইড গুড়া

ব্যাখ্যা : • (Na<sub>2</sub>CO<sub>3</sub> + CaS) কে ব্ল্যাক অ্যাশ বলে।

• ZnS - জিংক ব্ল্যাক।

Ans : B.

২৮. পিকরিক এসিডের গলনাংক হলো-

- A. 102°C B. 122°C C. 222°C D. 212°C

ব্যাখ্যা : পিকরিক এসিড বা 2, 4, 6 ট্রাইনাইট্রো ফেনল এর ভৌত ধর্ম-

- i) তিক্ত স্বাদযুক্ত হালকা হলুদ বর্ণের  
ii) গলনাঙ্ক 122°C  
iii) ঠান্ডা পানিতে অদ্রবনীয়, গরম পানি ও অ্যালকোহলে দ্রবণীয়।

Ans : B.

২৯. জাল টাকা সনাক্তকরণে কোন তড়িচ্চুম্বকীয় রশ্মি ব্যবহৃত হয়?

- A. IR B. UV C. Radio wave D. X-ray

ব্যাখ্যা : UV রশ্মির সাহায্যে জাল টাকা, জাল পাসপোর্ট ও জাল ফ্রেডিট কার্ড সহজে শনাক্ত করা যায়।

Ans : B.

৩০. থায়োফিন কোন ধরনের যৌগ?

- A. মুক্ত শিকল B. হেটারো অ্যারোমেটিক  
C. হেটারো অ্যালিফেটিক D. কার্বোসাইক্লিক

ব্যাখ্যা : থায়োফিন, পিরিডিন, ফিউরান ইত্যাদি হেটারো অ্যারোমেটিক যৌগ।

Ans : B.

৩১. কো-ফ্যাক্টর নয় কোনটি?

- A. Fe<sup>2+</sup> B. Mg<sup>2+</sup> C. Zn<sup>2+</sup> D. FAD

ব্যাখ্যা : কো-ফ্যাক্টর হল : Fe<sup>2+</sup>, Mg<sup>2+</sup>, Zn<sup>2+</sup>

Ans : D.

৩২. টিস্যু কালচারের পুষ্টি মাধ্যমের pH কোনটি?

- A. 4.5 B. 5.5  
C. 6.5 D. 7.5

ব্যাখ্যা : টিস্যু কালচারের পুষ্টির জন্য P<sup>H</sup> 5.5 (5.5 – 5.8) থাকা প্রয়োজন।

Ans : B.

৩৩. বাংলাদেশ সরকার কোন বছর সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্য সাইট ঘোষণা করে?

- A. ১৯৯৭ B. ১৯৯৮  
C. ১৯৯৯ D. ২০০০

ব্যাখ্যা : UNESCO ১৯৯৭ সালে সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্য সাইট ঘোষণা করে।

Ans : A.

৩৪. ক্রসিং ওভার ঘটে-

- A. লেন্টোটিনে B. জাইগোটিনে  
C. প্যাকাইটিনে D. ডিপ্লোটিনে

ব্যাখ্যা :

- লেন্টোটিন → i) জল বিয়োজন  
ii) অণুবীক্ষণে দৃষ্টিগোচরকর্ম ক্রোমোজোম
- জাইগোটিন → i) বাইভ্যালেন্ট সৃষ্টি  
ii) হোমোলোগাস ক্রোমোসোমের মধ্যে 'সিনাপসিস'
- প্যাকাইটিন → i) সেন্ট্রোমিয়ার ব্যতিত ক্রোমোসোমের বিভক্তি  
ii) টেট্রাড সৃষ্টি  
iii) নন-সিস্টার ক্রোমোটিকে "কায়াজমা" সৃষ্টি  
iv) 'ক্রসিং ওভার' ঘটে।
- ডিপ্লোটিন → i) কায়াজমার মধ্যবর্তী অংশে 'লুপ' সৃষ্টি হয়।  
ii) প্রাণীকরণ হয়।
- ডায়াকাইনেসিস → i) ক্রোমোসোমের উপর ধাতু জমে  
ii) নিউক্লিওলাস অদৃশ্য হয়।  
iii) নিউক্লিয়ার এনভেলপ এর অবলুপ্তি ঘটে।  
iv) প্রাণীকোষের ক্ষেত্রে সেন্ট্রিওল মেরুতে পৌঁছে।

Ans : C.

৩৫. কোনটি ক্রোমোসোমে থাকে?

- A. ডিএনএ B. আরএনএ  
C. প্রোটিন D. উপরের সবগুলো

ব্যাখ্যা : ক্রোমোসোমের উপাদান- DNA, RNA, ননহিস্টোন প্রোটিন।

Ans : D.

৩৬. কোন অঙ্গানুটি অটোলাইসিসে অংশ নেয়?

- A. লাইসোসোম B. গলজি বডি  
C. রাইবোসোম D. সেন্ট্রিওল

ব্যাখ্যা : লাইসোসোম অটোলাইসিসে অংশ নেয়।

Ans : A.

৩৭. কোন উদ্ভিদ ভাইরাসে DNA থাকে?

- A. বিন মোজাইক B. টোবাকো মোজাইক  
C. সুগারকেন মোজাইক D. ফুলকপির মোজাইক

ব্যাখ্যা : • উদ্ভিদ ভাইরাসে DNA থাকে।

যেমন- ফুলকপির মোজাইক ভাইরাস।

• প্রাণী ভাইরাসেও RNA থাকে।

যেমন- পোলিও ইনফ্লুয়েঞ্জা।

Ans : D.

৩৮. ব্রায়োফাইটের শুক্রানুতে কয়টি ফ্লাজেলা থাকে?

- A. ২টি B. ৩টি  
C. ৫টি D. ৭টি

ব্যাখ্যা : ব্রায়োফাইটের প্রতিটি শুক্রানুতে ২টি ফ্লাজেলা থাকে।

Ans : A.

৩৯. নিচের কোনটি জীবন্ত জীবাশ্ম?

- A. Genetum B. Cycas  
C. Pinus D. Wolffia

ব্যাখ্যা : জীবন্ত জীবাশ্ম : বর্তমানকালের কোন জীবিত উদ্ভিদের বৈশিষ্ট্য অতীতকালের কোন জীবাশ্ম উদ্ভিদের বৈশিষ্ট্যের সাথে মিল সম্পন্ন হলে তাকে জীবন্ত জীবাশ্ম বলে। Cycas একটি জীবন্ত জীবাশ্ম।

Ans : B.

৪০. মূলের ডুককে কি বলে?

- A. এপিডার্মিস B. এপিড্রেমা  
C. হাইপোডার্মিস D. কর্টেক্স

ব্যাখ্যা : মূলের ডুককে এপিড্রেমা বলে।

কাভের ডুককে এপিডার্মিস বলে।

Ans : B.

৪১. সরল ছন্দিত স্পন্দনশীল একটি কনার দোলনকাল ১০ সেকেন্ড। কোন সমীকরণটি এর ত্বরণ 'a' এবং সরণ 'x' এর সম্পর্ক প্রকাশ করে?

- A. a = -10πx B. a = -(20π)x  
C. a = -(2π/10)<sup>2</sup>x D. a = -(20π)<sup>2</sup>x

ব্যাখ্যা : a = -ω<sup>2</sup>x = - $\left(\frac{2\pi}{T}\right)^2 \cdot x = -\left(\frac{2\pi}{10}\right)^2 \cdot x$

Ans : C.

৪২. পৃথিবীতে মুক্তবেগের মান কত?

- A. 11.2ms<sup>-1</sup> B. 1120ms<sup>-1</sup>  
C. 11.2kms<sup>-1</sup> D. 112kms<sup>-1</sup>

ব্যাখ্যা : পৃথিবীর মুক্তির বেগের (v<sub>e</sub>) মান- 11.2 km s<sup>-1</sup>, 6.95 বা 7 mile s<sup>-1</sup>, 25000 mile h<sup>-1</sup>

Ans : C.

৪৩. গ্যাসের আভ্যন্তরীণ শক্তি নির্ভর করে কোন রাশির ওপর?

- A. চাপ B. তাপমাত্রা C. আয়তন D. এন্ট্রপি

ব্যাখ্যা :  $E = \frac{3}{2}nRT$

$\therefore E \propto T$

Ans : B.

৪৪. আধান ও বিভবের গুণফলের একক কি?

- A. জুল B. ভোল্ট C. ফ্যারাড D. হেনরি

ব্যাখ্যা :  $W = QV$ , অর্থাৎ কাজের একক জুল (J)।

Ans : A.

৪৫. যদি H এবং V যথাক্রমে কোন স্থানের চৌম্বক ক্ষেত্রের অনুভূমিক এবং উল্লম্ব উপাংশ হয় যেখানে বিনতি কোন  $60^\circ$ , তবে-

- A.  $V = H$  B.  $V = \sqrt{3}H$   
C.  $V = 1/\sqrt{3}H$  D.  $V = \sqrt{3}/2H$

ব্যাখ্যা :  $\tan \delta = \frac{V}{H} \Rightarrow V = \tan 60^\circ \times H = \sqrt{3}H$

Ans : B.

46. Which pair of prepositions will be appropriate in the gaps : John is senior ..... me ..... 4 years

- A. than, by B. than, for  
C. to, by D. to, for

ব্যাখ্যা : Senior, Junior, Superior, এসব word নিজেই Comparative তাই এদের পরে than না বসে to বসে। আর দুই বছরের বড় বোঝাতে by two years হবে।

Ans : C.

47. Which one is singular?

- A. data B. mitochondria  
C. focus D. fungi

ব্যাখ্যা :

| Singular | Plural  | Singular | Plural   |
|----------|---------|----------|----------|
| Focus    | Foci    | Matrix   | Matrices |
| Radius   | Radi    | Datum    | Data     |
| Index    | Indices | Genus    | Genera   |

Ans : C.

48. What is the synonym of the word Tenacity.

- A. Ingratitude B. Tendency  
C. Perseverance D. Splendour

ব্যাখ্যা : Tenacity - জিদ, অধ্যবসায়, উদ্যম।

Synonym : Perseverance, Persistence, Fortitude.

Antonym : Slackness, Weakness.

Ans : C.

49. He persists ..... a noise.

- A. to make B. in making  
C. from making D. to making

ব্যাখ্যা : Persist এর পর Preposition হিসেবে in বসে।

Ans : B.

50. I'm sure I locked the door. I clearly remember ..... it.

- A. to lock B. to have locked  
C. to be locked D. locking

ব্যাখ্যা : পর পর দুটি verb আসলে পরের টি ing যুক্ত হয়।

Ans : D.

৫১. প্যাটেলা নামক অস্থিটি আছে মানুষের-

- A. করোটিতে B. বক্ষে C. পাজরে D. পায়ে

ব্যাখ্যা : পায়ের অস্থি-

- ফিমার • টিবিয়া • ফিবুলা • প্যাটেলা  
• টার্সাল • মেটাটার্সাল • ফ্যালাঞ্জেস

Ans : D.

৫২. মস্তিষ্কের কোন অংশ দেহের ভারসাম্য রক্ষা করে?

- A. Cerebrum B. Cerebellum  
C. Pons D. Hypothalamus

ব্যাখ্যা: পঞ্চাৎ মস্তিষ্কের ৩টি অংশ। i) সেরেবেলাম ii) মেডুলা অবলঙ্গাটা iii) পনস। অংশ সমূহের কাজ :

| সেরেবেলাম                                | মেডুলা অবলঙ্গাটা  | পনস  |
|--|---|--|
| ১. ঐচ্ছিক চলাফেরা নিয়ন্ত্রণ।            | ১. হৃদস্পন্দন, শ্বসন, গলধঃকরণ,                                | ১. সেলেবেলাম, সুঘুম্বাকান্ড ও                  |
| ২. ঐচ্ছিক পেশীর পেশীটান নিয়ন্ত্রণ       | ২. রক্তবাহিকার সংকোচন, লালারক্ষণ প্রভৃতির নিয়ন্ত্রণ কেন্দ্র। | ২. মস্তিষ্কের মধ্যে রিলেটেশন হিসেবে কাজ করে।   |
| ৩. দেহের ভারসাম্য ও দেহভঙ্গি বজায় রাখা। | ২. বমন, মলমূত্রত্যাগ, রক্তচাপ, পৌষ্টিকনাশীর নিয়ন্ত্রণ।       | ২. দেহের দু'পাশের পেশীর কর্মকান্ড সমন্বয় করে। |
| ৪. চলাফেরার দিক নির্ধারণ।                | ৩. পেরিস্ট্যালিসিস প্রভৃতি নিয়ন্ত্রণ।                        | ৩. স্বাভাবিক শ্বাস ক্রিয়ার হার নিয়ন্ত্রণ।    |
|  | ৩. সুঘুম্বাকান্ড ও মস্তিষ্কের মধ্যে যোগসূত্র নিয়ন্ত্রণ।      |  |

Ans : B.

৫৩. তিনটি জীন একই হোমোলোগাস ক্রোমোসোমে অবস্থান করলে জীনত্রয়কে বলে?

- A. Epistatic B. Alleles  
C. Linked genes D. Multiple alleles

ব্যাখ্যা: Allele : Homologues Chromosome এর নির্দিষ্ট লোকাসে অবস্থানকারী জীবের নির্দিষ্ট বৈশিষ্ট্য নিয়ন্ত্রণকারী জিন জোড়ার একটিকে অপরটির Allele বলে।

Multiple Allele : তিনটি জীন একই homologues chromosome এ অবস্থান করলে জীবত্রয়কে Multiple Allele বলে।

Ans : D.

৫৪. নিম্নের কোনটি একাধারে বহিঃক্ষরা ও অন্তঃক্ষরা গ্রন্থি হিসেবে কাজ করে-

- A. লালগ্রন্থি B. অগ্ন্যাশয় C. অ্যাড্রেনাল D. গোনাদ

ব্যাখ্যা : • অগ্ন্যাশয় একাধারে বহিঃক্ষরা ও অন্তঃক্ষরা গ্রন্থি হিসেবে কাজ করে।

• বহিঃক্ষরা গ্রন্থি রূপে এটি অগ্ন্যাশয় রসক্ষরন করে।

• অন্তঃক্ষরা গ্রন্থি রূপে আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স থেকে ইনসুলিন, গ্লুকাগন, গ্যাস্ট্রিন, সোম্যাটোস্ট্যাটিন হরমোন ক্ষরণ করে।

Ans : B.

৫৫. পৃথিবীকে ৬টি প্রাণী ভৌগলিক অংশে ভাগ করেন?

- A. হেকেল B. ল্যামার্ক  
C. আলফ্রেড রাসের ওয়ালেস D. দ্য ভ্রিস

ব্যাখ্যা : ১৮৭৬ সালে আলফ্রেড রাসের ওয়ালেস পৃথিবীকে ৬টি প্রাণী ভৌগলিক অঞ্চলে ভাগ করে।

Ans : C.

৫৬. লেসিথিন কী?

- A. ফসফোলিপিড B. অ্যামাইনো অ্যাসিড  
C. কার্বহাইড্রেট D. ভিটামিন

ব্যাখ্যা : ফসফোলিপিডের উদাহরণ - লেসিথিন, সেফালিন, প্রাজমালোজেন।

Ans : A.

৫৭. মেসোফিল কী ধরনের কলা?

- A. পাতার ক্লোরেনকাইমা B. কাণ্ডের ক্লোরেনকাইমা  
C. মূলের ক্লোরেনকাইমা D. উপরের সবকয়টি

ব্যাখ্যা : মেসোফিল হল পাতার ক্লোরেনকাইমা।

Ans : A.

৫৮. নিউসেলাস কিসের অংশ?

- A. পরাগধানীর B. গর্ভদন্ডের C. গর্ভমূন্ডের D. ডিম্বকের

ব্যাখ্যা : ডিম্বকের অংশ সমূহ-

- ডিম্বক নাড়ী • ডিম্বক নাভী • নিউসেলাস • ডিম্বকত্বক  
• ডিম্বকরঞ্জ • ডিম্বকমূল • স্রনখলি

Ans : D.

৫৯. উদ্ভিদ কোষে কোনটি শ্বসনের প্রধান অঙ্গ?

- A. নিউক্লিয়াস B. মাইটোকন্ড্রিয়া  
C. প্রাষ্টিড D. রাইবোজোম

ব্যাখ্যা : কোষীয় সাইটোপ্লাজমে মাইটোকন্ড্রিয়া শ্বসনের প্রধান অঙ্গ।

Ans : B.

৬০. নিউক্লিয়াসের বিভাজনকে কি বলা হয়?

- A. সাইটোকাইনেসিস B. ক্যারিওকাইনেসিস  
C. মাইটোসিস D. মিয়োসিস

ব্যাখ্যা : সাইটোপ্লাজমের বিভাজনকে সাইটোকাইনেসিস বলে, নিউক্লিয়াসের বিভাজনকে ক্যারিওকাইনেসিস বলে।

Ans : B.

৬১. উদ্ভিদ বিজ্ঞানে টিস্যুকালচারের জনক বলা হয় কাকে?

- A. আয়েন উইলমুট B. হ্যাবারল্যান্ড  
C. কার্ল এরেকি D. ক্যারোলাস লিনিয়াস

ব্যাখ্যা :

| বিজ্ঞানী                | অবদান   |
|-------------------------|---|
| মেডেল                   | বংশগতিবিদ্যার জনক<br>সুপ্রজননবিদ্যার আবিষ্কারক  |
| এঙ্গলার ও প্রান্টল      | জাতিজনি শ্রেণীবিন্যাসের জনক   |
| থিওফ্রাস্টাস            | উদ্ভিদ বিজ্ঞানের জনক  |
| জাঁ বাউহিন              | প্রথমবার উদ্ভিদের দ্বিপদ নাম ব্যবহার করেন   |
| ক্যারোলাস লিনিয়াস      | • শ্রেণীবিন্যাসের জনক।<br>• প্রজাতি শব্দটি শ্রেণীবিন্যাসে ব্যবহার করেন।<br>• দ্বিপদ নামকরণের আবিষ্কারক। |
| হ্যাবারল্যান্ড          | টিস্যু কালচার প্রযুক্তির জনক  |
| কার্ল এরেকি             | সর্বপ্রথম বায়োটেকনোলজি শব্দ ব্যবহার করেন।  |
| অ্যারিস্টটল             | প্রাণী বিজ্ঞানের জনক<br>প্রাণীজগতে রক্তের ভিত্তিতে শ্রেণী বিন্যাস করেন।                                 |
| উইলিয়াম হার্ভে         | শরীরবিদ্যার জনক।  |
| অ্যান্টনিভন লিউয়েন হুক | অণুজীববিজ্ঞানের জনক।  |
| রবার্ট হুক              | Cell শব্দের প্রবর্তক<br>কোষপ্রাচীর আবিষ্কারক।   |
| জাঁ বাপটিস্ট ল্যামার্ক  | Biology শব্দের প্রবর্তক   |
| কার্ল আর্নস্ট বেয়ার    | জগবিদ্যার জনক।  |
| থিওডোর সোয়ান           | কোষ মতবাদ (Cell theory)   |
| Borthwick & Hendricks   | পুষ্পায়নে ফাইটোক্রোমের কার্যকারীতা আবিষ্কারক।  |
| হগো দ্য ভ্রিস           | মিউটেশন   |
| হুইটেকার                | ফাইভ কিংডম পদ্ধতির প্রবর্তক   |
| হর গোবিন্দ খোরানা       | কৃত্রিম জীন আবিষ্কারক   |

Ans : B.

৬২. কোনটি Ex-situ সংরক্ষণ?

- A. সীড ব্যাংক B. ইকোপার্ক  
C. অভয়ারণ্য D. শিকার সংরক্ষিত

ব্যাখ্যা :

|         |  |
|---------|--|
| Ex-situ | সীড ব্যাংক, পোলেন ব্যাংক, টিস্যু কালচার ব্যাংক, DNA ব্যাংক, চিড়িয়াখানা, বোটানিকাল গার্ডেন। |
| In-situ | অভয়ারণ্য, শিকার সংরক্ষিত ইকোপার্ক।  |

Ans : A.

৬৩. কোন ব্যাকটেরিয়া পাটের আঁশ ছড়াতে সাহায্য করে?

- A. Lactobacillus B. Clostridium  
C. Nitrosomonas D. Azotobacter

ব্যাখ্যা : • পাটের আঁশ ছড়াতে সাহায্য করে Clostridium

- বিভিন্ন প্রকার পতঙ্গ নিয়ন্ত্রণে ব্যবহৃত হয় Bacillus Thuriangiensis.

Ans : B.

৬৪. ফ্রেবসচক্র সংঘটিত হয়-

- A. প্রোটোপ্লাজমে B. সাইটোপ্লাজমে  
C. মাইটোকন্ড্রিয়ায় D. নিউক্লিয়াসে

ব্যাখ্যা :

| চক্র         | ফ্রেবস চক্র     | গ্রাইকোলাইসিস | ETS             |
|--------------|-----------------|---------------|-----------------|
| সংঘটিত স্থান | মাইটোকন্ড্রিয়া | সাইটোপ্লাজম   | মাইটোকন্ড্রিয়া |

Ans : C.

৬৫. পিতলের স্থিতিস্থাপক গুণাঙ্ক-

- A.  $9 \times 10^{11} \text{Nm}^{-2}$  B.  $9 \times 10^{-11} \text{Nm}^{-2}$   
C.  $9 \times 10^{10} \text{Nm}^{-2}$  D.  $9 \times 10^{-10} \text{Nm}^{-2}$

ব্যাখ্যা : পিতলের স্থিতিস্থাপক গুণাঙ্ক =  $9 \times 10^{10} \text{Nm}^{-2}$

Ans : C.

৬৬. কোনটি মৌলিক বর্ণ নয়?

- A. লাল B. সবুজ  
C. হলুদ D. আসমানী

ব্যাখ্যা : বর্ণালীতে ৭টি রং আছে। এদের মধ্যে তিনটি রং আছে যাদের মিশিয়ে অন্য রং সৃষ্টি করা যায়। মৌলিক বর্ণ তিনটি। যথা- ১। লাল ২। সবুজ ৩। আসমানী। সংক্ষেপে এদের 'আসল' বলে।

Ans : C.

৬৭. একটি চাকার ভর 5kg এবং চক্রগতির ব্যাসার্ধ 0.5m হলে তার জড়তার ভ্রামক কত?

- A.  $0.2 \text{kg m}^2$  B.  $0.4 \text{kg m}^2$   
C.  $0.6 \text{kg m}^2$  D.  $0.8 \text{kg m}^2$

ব্যাখ্যা :  $I = MK^2 = 5 \times (0.5)^2 = 1.25 \text{kgm}^2$

Ans : নাই।

৬৮. তাপবিদ্যার প্রথম সূত্র নীচের কোন দুটির মধ্যে সম্পর্ক স্থাপন করে?

- A. তাপ ও কাজ B. বল ও শক্তি  
C. তাপ ও বল D. কাজ ও ক্ষমতা

ব্যাখ্যা : তাপগতিবিদ্যার ১ম সূত্র :  $W = JH$

এটি কৃতকাজ ও তাপের সাথে সম্পর্কিত।

Ans : A.

৬৯. কৃষি ক্ষেত্রে বীজের গুণগতমান যাচাইয়ের জন্য ব্যবহৃত হয়-

- A. লেজার-রশ্মি B. এক্স-রশ্মি  
C. ক্যাথোড রশ্মি D. কোনটিই নয়

Ans : B.

৭০. ইনফ্রাসনিক সাউন্ডের ফ্রিকোয়েন্সি?

- A. 20 KHZ B. 200 KHZ  
C. 20 KHZ এর কম D. 20 KHZ এর বেশী

ব্যাখ্যা : • ইনফ্রাসনিক সাউন্ড বা ক্ষীণ ফ্রিকোয়েন্সীর শব্দ হল 20 Hz এর নিচের ফ্রিকোয়েন্সী।

• আলট্রাসনিক শব্দ হল 20 KHz এর উপরের কম্পাঙ্ক যুক্ত শব্দ।

Ans : নাই।

৭১. কোনটির ক্ষারকত্ব বেশী?

- A. অ্যামোনিয়া B. অ্যানিলিন  
C. মিথাইল অ্যামিন D. ডাইমিথাইল অ্যামিন

ব্যাখ্যা : অ্যামিন সমূহের ক্ষারকীয় ক্ষমতার ক্রম  $2^\circ > 1^\circ > 3^\circ$

• অ্যানিলিন দুর্বল ক্ষারক।

Ans : D.

৭২. ট্রাইক্লোরো মিথেন নিম্নের কোন কাজে ব্যবহৃত হয়?

- A. জীবানু নাশক B. হীমকারক  
C. চেতনানাশক D. অগ্নিনির্বাপক

ব্যাখ্যা : ট্রাইক্লোরো মিথেন ( $CHCl_3$ ) বা ক্লোরোফর্ম চেতনানাশক রূপে ব্যবহৃত হয়।

Ans : C.

৭৩. কোনটি বাড়ালে কয়লার গুণগত মান বাড়ে?

- A. ছাই B. উদ্বায়ী পদার্থ  
C. ফিল্ডকার্বন D. সালফার

ব্যাখ্যা : কয়লার গুণগত মান নির্ভর করে বিভিন্ন উপাদানের শতকরা মানের উপর। যেমন-

- ১। জলীয় অংশ বেশি থাকলে কয়লার মান হ্রাস পায়।
- ২। উদ্বায়ী পদার্থ  $CO_2$  ও  $CO$  ছাড়া বাকি উদ্বায়ী উপাদান তাপ উৎপাদন বাড়ায়।
- ৩। ফিল্ড কার্বন যত বেশি থাকবে কয়লার গুণগত মান তত বাড়বে।
- ৪। ছাই কয়লার মান কমায়। তাই কয়লায় 5% এর নিচে থাকাই ভালো।
- ৫। সালফার বেশি থাকলে পরিবেশের জন্য ক্ষতিকর।

Ans : C.

৭৪. কোনটি সেকেন্ডারী স্ট্যান্ডার্ড পদার্থ?

- A.  $Na_2CO_3$  B.  $H_2C_2O_4 \cdot 2H_2O$   
C.  $K_2Cr_2O_7$  D.  $KMnO_4$

ব্যাখ্যা : প্রাইমারী স্ট্যান্ডার্ড পদার্থ :

- অনান্দ্র সোডিয়াম কার্বনেট ( $Na_2CO_3$ ) ক্ষার
- কেলসিট ইথেন ডাই অক্সিক এসিড বা অক্সালিক এসিড ( $H_2C_2O_4 \cdot 2H_2O$ )
- পটাশিয়াম ডাইক্রোমেট ( $K_2Cr_2O_7$ )
- কেলসিট সোডিয়াম ইথেন ডাই অক্সিক এসিড বা অক্সালেট ( $Na_2C_2O_4 \cdot 2H_2O$ ) বিজারক পদার্থ ইত্যাদি।

সেকেন্ডারী স্ট্যান্ডার্ড পদার্থ:

- কস্টিক সোডা ( $NaOH$ ) ক্ষার
- সালফিউরিক এসিড ( $H_2SO_4$ )
- পটাশিয়াম পারম্যাঙ্গানেট ( $KMnO_4$ ) জারক পদার্থ।
- সোডিয়াম থায়োসালফেট ( $Na_2S_2O_3 \cdot 5H_2O$ ) বিজারক পদার্থ ইত্যাদি।

Ans : D.

৭৫. কোনটি সাদা ভিত্তিওল?

- A.  $ZnSO_4 \cdot H_2O$  B.  $ZnSO_4 \cdot 4H_2O$   
C.  $ZnO \cdot 2H_2O$  D.  $ZnSO_4 \cdot 6H_2O$

ব্যাখ্যা :

|                   |   |
|-------------------|---|
| সাদা ভিত্তিওল     | $ZnSO_4 \cdot 7H_2O$                    |
| ব্লু ভিত্তিওল     | $CuSO_4 \cdot 5H_2O$                    |
| সবুজ ভিত্তিওল     | $FeSO_4 \cdot 7H_2O$                    |
| গুব্বার লবণ       | $Na_2SO_4 \cdot 10H_2O$                 |
| মোর লবণ           | $FeSO_4 \cdot (NH_4)_2SO_4 \cdot 6H_2O$ |
| অয়েল অব ভিত্তিওল | $H_2SO_4$                               |

Ans : নাই।

৭৬. Cnidocyte এর কাজ নয় কোনটি?

- A. খাদ্য ধরা B. আত্মরক্ষা করা  
C. চলন D. প্রজনন

ব্যাখ্যা : Hydra এর Cnidocyte এর কাজ-

- খাদ্য গ্রহণ • আত্মরক্ষা • চলন

Ans : D.

৭৭. কোনটি অদানাদার শ্বেত রক্ত কণিকা?

- A. নিউট্রোফিল B. হেপারিন  
C. ইওসিনোফিল D. মনোসাইট

ব্যাখ্যা : অদানাদার শ্বেতরক্তকণিকা হল - মনোসাইট, লিম্ফোসাইট।

Ans : D.

৭৮. পচাৎ মস্তিষ্কের অংশ নয় কোনটি?

- A. সেরেবেলাম B. পনস  
C. মেডুলা অবলংগাটা D. সেরেব্রাল পেডাকুল

ব্যাখ্যা: পচাৎ মস্তিষ্কের ৩টি অংশ। i) সেরেবেলাম ii) মেডুলা অবলংগাটা iii) পনস। অংশ সমূহের কাজ :

| সেরেবেলাম  | মেডুলা অবলংগাটা  | পনস   |
|--|--|---|
| ১. ঐচ্ছিক চলাফেরা নিয়ন্ত্রণ।<br>২. ঐচ্ছিক পেশীর পেশীটান নিয়ন্ত্রণ<br>৩. দেহের ভারসাম্য ও দেহভঙ্গি বজায় রাখা।<br>৪. চলাফেরার দিক নির্ধারণ। | ১. হৃদস্পন্দন, শ্বসন, গলধঃকরণ, রক্তবাহিকার সংকোচন, লালারক্ষণ প্রভৃতির নিয়ন্ত্রণ কেন্দ্র।<br>২. বমন, মলমূত্রত্যাগ, রক্তচাপ, পৌষ্টিকনাশীর পেরিস্ট্যালাসিস প্রভৃতি নিয়ন্ত্রণ।<br>৩. সুঘ্র্নাকান্ত ও মস্তিষ্কের মধ্যে যোগসূত্র নিয়ন্ত্রণ। | ১. সেলেবেলাম, সুঘ্র্নাকান্ত ও মস্তিষ্কের মধ্যে রিলেইস্টেশন হিসেবে কাজ করে।<br>২. দেহের দু'পাশের পেশীর কর্মকান্ত সমন্বয় করে।<br>৩. স্বাভাবিক শ্বাস ক্রিয়ার হার নিয়ন্ত্রণ। |

Ans : D.

৭৯. নিচের কোনটি প্রোক্যারিওটিক কোষ?

- A. শৈবাল B. মাইকোপ্লাজমা  
C. প্রোটোজোয়া D. মেটাজোয়া

ব্যাখ্যা : প্রোক্যারিওটিক কোষ- মাইকোপ্লাজমা, ব্যাকটেরিয়া, সায়ানোব্যাকটেরিয়া।

Ans : B.

৮০. লিথাল জিনের ক্ষেত্রে  $F_2$  ফেনোটাইপিক অনুপাত কোনটি?

- A. ২:১ B. ৩:২ C. ৩:১ D. ১:১

ব্যাখ্যা :

| ফিনোটাইপিক অনুপাত     |                                   |
|-----------------------|-----------------------------------|
| মেডেলের ১ম সূত্র :    | 3 : 1                             |
| মেডেলের ২য় সূত্র :   | 9 : 3 : 3 : 1                     |
| ১ম সূত্রের ব্যতিক্রম  |                                   |
| অসম্পূর্ণ প্রকটতা     | 1 : 2 : 1                         |
| ঘাতক জিন              | 1 : 2                             |
| ২য় সূত্রের ব্যতিক্রম |                                   |
| পরিপূরক জিন           | 9 : 7 [এ অবস্থাকে সহপ্রকটতাও বলে] |
| এপিষ্ট্যািসিস         | 12 : 3 : 1                        |

Ans : A.

৮১. ধানের ক্রোমোসোম সংখ্যা কত?

- A. ২৪ B. ২২  
C. ২৬ D. ১৮

ব্যাখ্যা :

| নাম      | ক্রোমোসোমের সংখ্যা |
|----------|--------------------|
| ধান      | ২৪                 |
| গম       | ৪২                 |
| ভুট্টা   | ২০                 |
| পিয়াজ   | ১৬                 |
| গোল আলু  | ৪৮                 |
| টমেটো    | ২৪                 |
| তামাক    | ২৮                 |
| পেঁপে    | ১৮                 |
| বাধা কপি | ১৮                 |
| পাট      | ১৪                 |

Ans : A.

৮২. ঘাসফড়িংয়ের দেহের পৃষ্ঠীয় দেশের খোলসের নাম?

- A. টারগাম B. স্টার্নাম  
C. প্রিউরণ D. প্রানাটাম

ব্যাখ্যা : ঘাসফড়িং এর- পৃষ্ঠীয় দেশের খোলসের নাম : টারগাম  
অক্ষীয়দেশে : স্টার্নাম  
পার্শ্ব দেশ : প্রিউরণ

Ans : A.

৮৩. রাসায়নিকভাবে হিপনোটরিন কোন উপাদানে গঠিত?

- A. প্রোটিন ও লিপিড B. প্রোটিন ও ফেনল  
C. লিপিড ও ফেনল D. জাইলিন ও প্রোটিন

ব্যাখ্যা : হিপনোটরিনের রাসায়নিক উপাদান প্রোটিন ও ফেনল।

Ans : B.

৮৪. হৃৎপিণ্ডের কোন সংযোগী কলাকে পেসমেকার বলে?

- A. SA Node B. AV Node  
C. Bundle of heaze D. Parkinze fibre

ব্যাখ্যা : হৃৎপিণ্ডের সাইনো অট্রিয়াল নোড (SA Node) কে পেসমেকার বলে।

Ans : A.

৮৫. হেপারিন কোন শ্বেত রক্তকণিকায় তৈর হয়?

- A. নিউট্রোফিল B. মনোসাইট  
C. ইওসিনোফিল D. বেসোফিল

ব্যাখ্যা : ● হিস্টামিন নিঃসৃত করে : বেসোফিল, ইওসিনোফিল।  
● হেপারিন নিঃসৃত করে : বেসোফিল।

Ans : D.

৮৬. মুত্রের রং হলুদ হওয়ার জন্য দায়ী বস্তু হলো-

- A. অ্যামোনিয়া B. বিলিরুবিন  
C. ইউরোক্রেম D. ইউরিয়া

ব্যাখ্যা : ইউরোক্রেম নামক রক্তের উপস্থিতির জন্য মুত্র হলুদ।

Ans : C.

৮৭. কোন হরমোন আয়নের সমতা রক্ষায় কাজ করে?

- A. প্রোজেস্টেরন B. গ্যাসট্রিন  
C. থাইরক্সিন D. অ্যালডোস্টেরন

ব্যাখ্যা : অ্যাড্রেনাল কর্টেক্স থেকে ক্ষরিত অ্যালডোস্টেরন আয়ন সমতা রক্ষা করে।

Ans : D.

৮৮. কোন অঙ্গানু প্রোটিন সংশ্লেষণের সাথে জড়িত?

- A. সেন্ট্রোজোম B. পারক্সিজোম  
C. গলজি বডি D. রাইবোসোম

ব্যাখ্যা : প্রোটিন সংশ্লেষণকারী অঙ্গানু রাইবোসোম। প্রোটিন সংশ্লেষণে সাধারণত তিন ধরনের রাইবোসোম কাজ করে। যথা : mRNA, rRNA, tRNA

Ans : D.

৮৯. কংগোবেট গ্রহি কোথায় পাওয়া যায়?

- A. হাইড্রা B. ব্যাঙ  
C. তেলাপোকা D. মানুষ

ব্যাখ্যা : তেলাপোকায় পুংপ্রজননতন্ত্রে কংগোবেট গ্রহি পাওয়া যায়।

Ans : C.

৯০. কোনটি সমগোত্রীয় নয়?

- A. মেলাটোনিন B. মিউসিন  
C. করটিসল D. অ্যাড্রোজেন

ব্যাখ্যা : মিউসিন এনজাইম মেলাটোনিন, করটিসল, অ্যাড্রোজেন হল হরমোন।

Ans : B.

৯১. কোন বিজ্ঞানী সর্বপ্রথম আলোর তরঙ্গতত্ত্ব প্রদান করেন?

- A. ফ্রেনেল B. নিউটন  
C. আইনস্টাইন D. হাইগেন

ব্যাখ্যা : আলোর বিভিন্নতত্ত্ব-

i) কণিকাতত্ত্ব - স্যার আইজ্যাক নিউটন (1672)

ii) তরঙ্গতত্ত্ব - হাইগেন (1678)

iii) তড়িৎ চুম্বকীয় তরঙ্গ তত্ত্ব - ফ্যারাডে (1845)

iv) কোয়ান্টাম তত্ত্ব - ম্যাক্স প্লাঙ্ক (1900)

Ans : D.

৯২. ক্যান্সার ও চর্মরোগ চিকিৎসায় কোনটি ব্যবহৃত হয়?

- A. রেডিও আইসোটোপ B. X-ray  
C. MRI D. অ্যান্টিবায়োটিক

Ans : A.

৯৩. শ্রেণী কক্ষের শব্দের তীব্রতা কোনটি?

- A.  $1 \times 10^{-22}$  B.  $1 \times 10^{-11}$   
C.  $1 \times 10^{-9}$  D.  $1 \times 10^{-7}$

ব্যাখ্যা :

| শব্দ                            | তীব্রতা, I<br>( $Wm^{-2}$ ) | আপেক্ষিক<br>তীব্রতা,<br>$I/I_0$ | তীব্রতা লেভেল<br>(db) |
|---------------------------------|-----------------------------|---------------------------------|-----------------------|
| সর্বনিম্ন শ্রাব্য শব্দ          | $1 \times 10^{-12}$         | $10^0$                          | 0                     |
| পাতার মর্মর শব্দ                | $1 \times 10^{-11}$         | $10^1$                          | 10                    |
| ফিসফিসানী                       | $1 \times 10^{-9}$          | $10^3$                          | 30                    |
| শ্রেণীকক্ষের শব্দ               | $1 \times 10^{-7}$          | $10^5$                          | 50                    |
| স্বাভাবিক কথাবার্তা             | $1 \times 10^{-6}$          | $10^6$                          | 60                    |
| ব্যস্ততম রাস্তার শব্দ           | $1 \times 10^{-5}$          | $10^7$                          | 70                    |
| কারখানার কোলাহল                 | $1 \times 10^{-3}$          | $10^9$                          | 90                    |
| মাথার উপরের জেট<br>প্রেনের শব্দ | $1 \times 10^{-2}$          | $10^{10}$                       | 100                   |
| তীব্র বজ্রনির্ঘোষের শব্দ        | $1 \times 10^{-1}$          | $10^{11}$                       | 110                   |
| মাইকযোগে ব্যাঙ সঙ্গীত           | $1 \times 10^0$             | $10^{12}$                       | 120                   |

Ans : D.



৯৪. পারদ ও কাঁচের মধ্যকার স্পর্শ কোণ কত হবে?

- A. 80° B. 90°  
C. 140° D. 160°

ব্যাখ্যা : ● পারদ ও কাঁচের মধ্যকার স্পর্শ কোণ 140°।  
● রূপা ও পানির ভিতরকার স্পর্শ কোণ 90°।  
● সাধারণ পানি ও কাঁচের ভিতরকার স্পর্শ কোণ 80°।

Ans : C.

৯৫. কার্বন-কার্বন দ্বিবন্ধন যুক্ত যৌগকে বলা হয়?

- A. অ্যালকেন B. অ্যালকিন  
C. অ্যালকাইন D. কোনটিই নয়

ব্যাখ্যা :

| কার্বন-কার্বন বিভিন্ন বন্ধন | নাম       |
|-----------------------------|-----------|
| একক বন্ধন                   | অ্যালকেন  |
| দ্বি-বন্ধন                  | অ্যালকিন  |
| ত্রি-বন্ধন                  | অ্যালকাইন |

Ans : B.

৯৬. কোনটি প্রশম ইলেকট্রোফাইল?

- A. H<sub>3</sub>O B. AlCl<sub>3</sub>  
C. CH<sub>3</sub> D. NO<sub>2</sub>

ব্যাখ্যা :

- ধনাত্মক ইলেকট্রোফাইল : CH<sub>3</sub><sup>+</sup>, Br<sup>+</sup>, H<sup>+</sup>, H<sub>3</sub>O<sup>+</sup>, NO<sub>2</sub><sup>+</sup>, NO<sup>+</sup>
- প্রশম ইলেকট্রোফাইল : AlCl<sub>3</sub>, BF<sub>3</sub>, FeCl<sub>3</sub>, SO<sub>3</sub>
- ঋণাত্মক নিউক্লিওফাইল : :CH<sub>3</sub>, Cl<sup>-</sup>, Br<sup>-</sup>, CN<sup>-</sup>, :OH<sup>-</sup>, :OR<sup>-</sup>
- প্রশম নিউক্লিওফাইল : NH<sub>3</sub>, H<sub>2</sub>O, ROH

Ans : B.

৯৭. কার্বলিক এসিডের অপর নাম-

- A. বেনজিন B. টলুইন  
C. ফেনল D. কোনটিই নয়

ব্যাখ্যা : ফেনল হল কার্বলিক এসিড। এটি সাপ তাড়ানোর কাজে ব্যবহৃত হয়।

Ans : C.

৯৮. গুবার লবনের সংকেত-

- A. Na<sub>2</sub>SO<sub>4</sub>.10H<sub>2</sub>O B. CuSO<sub>4</sub>.5H<sub>2</sub>O  
C. ZnSO<sub>4</sub>.7H<sub>2</sub>O D. FeSO<sub>4</sub>.H<sub>2</sub>O

ব্যাখ্যা : উপরের ৭৫ নং প্রশ্নের ব্যাখ্যা দেখ।

Ans : A.

৯৯. ফসফিন (PH<sub>3</sub>) কি ধরনের যৌগ?

- A. ক্ষার B. এসিড  
C. নিউট্রাল D. তীব্র এসিড

ব্যাখ্যা : PH<sub>3</sub> ও NH<sub>3</sub> উভয়েই ক্ষার ধর্মী। কিন্তু NH<sub>3</sub> হলো PH<sub>3</sub> অপেক্ষা বেশি ক্ষারধর্মী।

Ans : A.

১০০. নীচের কোনটি কম্পোজিট কণিকা?

- A. প্রোটন B. নিউট্রন  
C. ডিউটেরিয়াম D. পজিট্রন

ব্যাখ্যা : নিউক্লিয়াসে অবস্থানরত প্রোটন ও নিউট্রন দুটিই কম্পোজিট কণিকা।

Ans : A ও B.

রাজশাহী বিশ্ববিদ্যালয় (H- Unit-Odd)

শিক্ষাবর্ষ : 2016-2017

[বি: দ্র: প্রশ্নপত্রের নির্ধারিত স্থানে রোল নং লিখা ও ৭১ নং প্রশ্নের উত্তর দেয়া বাধ্যতামূলক। ১-৬০ নং পর্যন্ত প্রতিটি প্রশ্নের মান ১.৫ এবং ৬১-৭০নং পর্যন্ত প্রতিটি প্রশ্নের মান ১।]

১. যদি  $x^2 - px + q = 0$  এবং  $x^2 - qx + p = 0$  সমীকরণ দুইটির একটি সাধারণ মূল থাকে, তবে নিচের কোনটি সঠিক?

- A.  $p + q + 1 = 0$  B.  $p - q + 1 = 0$   
C.  $p + q = 0$  D.  $p - q = 0$

ব্যাখ্যা : টেকনিক-  $a_1x^2 + b_1x + c_1 = 0$  এবং  $a_2x^2 + b_2x + c_2 = 0$  সমীকরণের একটি সাধারণ মূল থাকলে,

$$(a_1b_2 - b_1a_2)(b_1c_2 - b_2c_1) = (a_1c_2 - a_2c_1)^2$$

$$\text{এখানে, } (-q + p)(-p^2 + q^2) = (p - q)^2$$

$$\Rightarrow (q + p)(q - p) = -(q - p)$$


$$\Rightarrow q + p + 1 = 0$$

Ans : A.

২. ইথানয়িক এসিডের ডাইমার-এ কয়টি হাইড্রোজেন বন্ধন বিদ্যমান?

- A. 1 B. 2  
C. 3 D. 4

ব্যাখ্যা : ইথানয়িক এসিড বাষ্পীয় অবস্থায় ও জৈব দ্রাবকে ডাইমার গঠন করে। ইথানয়িক এসিড এর ডাইমারে দুটি হাইড্রোজেন বন্ধন বিদ্যমান।



ডাইমার অনু (..... H বন্ধন)

Ans : B.

৩. যদি  $y = x^2 + 1$  হয়, তবে কোন বিন্দুতে  $y$  এবং  $\frac{dy}{dx}$  এর মান

সমান হবে?

- A. (2, 1) B. (1, 1)  
C. (1, 2) D. (2, 2)

ব্যাখ্যা :  $y = x^2 + 1$

$$\Rightarrow \frac{dy}{dx} = 2x$$

$$\therefore x^2 + 1 = 2x \Rightarrow x^2 - 2x + 1 = 0 \Rightarrow (x - 1)^2 = 0 \Rightarrow x = 1$$


$$\therefore y = 1^2 + 1 = 2$$

Ans : C.

৪. কোন যৌগটি এলিফ্যাটিক ও অ্যারোমেটিক উভয়ধর্ম প্রদর্শন করে?

- A. বেনজিন B. সাইক্লোহেক্সেন  
C. টলুইন D. ক্লোরোবেনজিন

ব্যাখ্যা : টলুইনের অণুতে একটি ফিনাইল মূলক (C<sub>6</sub>H<sub>5</sub><sup>-</sup>) বা অ্যারোমেটিক নিউক্লিয়াস ও একটি মিথাইল মূলক বা পার্শ্ব শিকল বিদ্যমান। তাই এটি অ্যারোমেটিক ও অ্যালিফেটিক উভয় প্রকার ধর্মই প্রদর্শন করে।



Ans : C.

৫. একই পদার্থের তৈরী দুটি তারের ব্যাসার্ধের অনুপাত 3:1। যদি তার দুটোকে সমান বল দ্বারা টানা হয় তবে তাদের পীড়নের অনুপাত কত হবে?  
A. 9:1 B. 1:9  
C. 3:1 D. 1:3

ব্যাখ্যা : পীড়ন,  $P = \frac{F}{A}$  অর্থাৎ  $P \propto \frac{1}{A}$   
 $\therefore \frac{P_1}{P_2} = \frac{A_2}{A_1} \Rightarrow \frac{P_1}{P_2} = \frac{\pi r_2^2}{\pi r_1^2} = \frac{1^2}{3^2} = \frac{1}{9}$

Ans : B.

৬. নিচের কোনটি সঠিক?  
A.  $\vec{a} \times \vec{b} = 0$  হলে ভেক্টর দুটি লম্ব হয়  
B.  $\vec{a} \cdot \vec{b} = 0$  হলে ভেক্টর দুটি সমান্তরাল হয়  
C.  $\vec{a} + \vec{b} = \vec{a} - \vec{b}$  হলে ভেক্টর দুটি লম্ব হয়  
D. কোনটিই নয়

ব্যাখ্যা : • ভেক্টর দুটি পরস্পর সমান্তরাল হলে,  $\vec{A} \times \vec{B} = 0$   
• ভেক্টর দুটি পরস্পর লম্ব হলে (i)  $\vec{A} \cdot \vec{B} = 0$  (ii)  $\vec{a} + \vec{b} = \vec{a} - \vec{b}$

Ans : C.

৭.  $\text{CH}_3 - \text{SH}$  যৌগটির নাম হল-  
A. মিথেন সালফাইড B. মিথেনথায়ল  
C. মিথাইল হাইড্রোজেন সালফাইড D. থায়োমিথানল

ব্যাখ্যা :  $-\text{SH}$  হল থায়োল এর কার্যকরী মূলক।

Ans : D.

৮. কোন চিনিটি ফেহলিং দ্রবণকে বিজারিত করে না?  
A. গ্লুকোজ B. ফ্রুক্টোজ  
C. গ্যালাকটোজ D. সুক্রোজ

ব্যাখ্যা : • যে সব কার্বহাইড্রেট ফেহলিং দ্রবণ ও টলেন বিকারককে বিজারিত করে থাকে তাদেরকে বিজারক চিনি বলে এবং অন্য কার্বহাইড্রেটকে অবিজারক চিনি বলে।

- সুক্রোজ ব্যতীত সব মনো ও ডাই স্যাকারাইড বিজারক চিনি।
- বিজারক চিনির অণুতে সক্রিয় অ্যালডিহাইড ( $-\text{CHO}$ ) মূলক অথবা সহজে জারণযোগ্য সেকেন্ডারি অ্যালকোহলিক মূলক ( $-\text{CHOH}-$ ) থাকে।

Ans : D.

৯. রৈখিক ভরবেগ 60% বাড়লে গতিশক্তি বৃদ্ধি পায়-  
A. 60% B. 125%  
C. 156% D. 160%

ব্যাখ্যা : গতিশক্তি,  $E_{k_1} = \frac{P_1^2}{2m}$   
ভরবেগ 60% বাড়লে,  $P_2 = P_1 + P_1$  এর 60%  
 $= P_1 + \frac{3P_1}{5} = \frac{8P_1}{5}$

$\therefore \frac{E_{k_2}}{E_{k_1}} = \frac{P_2^2}{P_1^2}$   
 $\Rightarrow E_{k_2} = \frac{8^2 P_1^2}{5^2 P_1^2} \times E_{k_1} = 2.56 \times E_{k_1}$

$\therefore$  বৃদ্ধি =  $(2.56 - 1) = 1.56 = 156\%$

Ans : C.

১০.  $\frac{1}{|2x-5|} > 2$  এর সমাধান কত?  
A.  $\frac{9}{4} < x < \frac{11}{4}$  B.  $-\frac{9}{4} < x < \frac{11}{4}$   
C.  $-\frac{9}{4} > x > \frac{11}{4}$  D.  $\frac{10}{4} < x < \frac{11}{4}$

ব্যাখ্যা :  $\frac{1}{|2x-5|} > 2$   
 $\Rightarrow -2 > \frac{1}{2x-5} > 2$   
 $\Rightarrow -\frac{1}{2} < 2x-5 < \frac{1}{2}$   
 $\Rightarrow -\frac{1}{2} + 5 < 2x < \frac{1}{2} + 5$   
 $\Rightarrow \frac{9}{2} < 2x < \frac{11}{2}$   
 $\Rightarrow \frac{9}{4} < x < \frac{11}{4}$

Ans : A.

১১. জৈব যৌগে উপস্থিত ফেনলিক মূলক সনাক্তকরণের জন্য কোন পরীক্ষা পদ্ধতি ব্যবহৃত হয়?  
A. ধাতব Na B.  $\text{PCl}_5$   
C. লুকাস বিকারক D. লিবার ম্যান

ব্যাখ্যা : ফেনলিক মূলক সনাক্তকরণের জন্য ফেরিক ক্লোরাইড, ব্রোমিন পানি পরীক্ষা ও লিবারম্যান পরীক্ষা পদ্ধতি ব্যবহৃত হয়।

Ans : D.

১২. কোন বিক্রিয়ার সক্রিয় শক্তি  $\sim 55 \text{ KJ/mol}$  হলে কক্ষ তাপমাত্রার চেয়ে  $10^\circ\text{C}$  তাপমাত্রা বৃদ্ধিতে বিক্রিয়ার হার কতগুন বৃদ্ধি পায়?  
A. 2 B. 0.10  
C. 10 D. 100

ব্যাখ্যা :  $10 \text{ k}$  বা  $10^\circ\text{C}$  তাপমাত্রা বৃদ্ধির ফলে একই বিক্রিয়ায় দ্বিগুণ সংখ্যক বিক্রিয়ক অণু সক্রিয় শক্তি লাভ করে বিক্রিয়ার হার দ্বিগুণ বা তিনগুণ বৃদ্ধি পায়।

Ans : A.

১৩. তোমাকে সমান ভরের তামার তৈরী একটি নিরেট গোলক, একটি নিরেট ঘনক ও একটি পাতলা গোলাকার চাকতি দেয়া হল। যদি এদেরকে  $200^\circ\text{C}$  তাপমাত্রায় উত্তপ্ত করে ঠাণ্ডা করা হয়, তবে নিচের কোনটি সবার আগে ঠাণ্ডা হবে?  
A. নিরেট গোলক B. পাতলা গোলাকার চাকতি  
C. নিরেট ঘনক D. সবগুলো একসাথে

Ans : D.

১৪. নিচের কোন ম্যাট্রিক্সটির বিপরীত ম্যাট্রিক্স নেই?

- A.  $\begin{bmatrix} 2 & 1 \\ 1 & 2 \end{bmatrix}$  B.  $\begin{bmatrix} 2 & 1 \\ 4 & 2 \end{bmatrix}$   
C.  $\begin{bmatrix} 3 & 2 \\ 1 & 4 \end{bmatrix}$  D.  $\begin{bmatrix} 2 & -2 \\ 4 & 4 \end{bmatrix}$

ব্যাখ্যা : বিপরীত ম্যাট্রিক্স থাকতে হলে ম্যাট্রিক্সের মান  $\neq 0$  হতে হবে। এখানে, অপশন (B) এর ম্যাট্রিক্সের মান =  $(4 - 4) = 0$

Ans : B.

১৫.  $y^2 = 4x$  পরাবৃত্ত এবং  $y = x$  সরলরেখা দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল কত?

- A.  $\frac{8}{3}$  B.  $\frac{5}{8}$   
C.  $\frac{3}{8}$  D.  $\frac{2}{5}$

ব্যাখ্যা :  $y^2 = 4x \dots (1) \Rightarrow y = 2\sqrt{x}$

আবার,  $y = x$

(1) নং এ  $y = x$  বসিয়ে,  $x^2 = 4x \Rightarrow x(x-4) = 0 \Rightarrow x = 0, 4$

$$\therefore \text{ক্ষেত্রফল} = \int_0^4 (2\sqrt{x} - x) dx = 2 \times \frac{2}{3} \left[ x^{3/2} \right]_0^4 - \frac{1}{2} \left[ x^2 \right]_0^4$$

$$= \frac{4}{3} \times 8 - \frac{1}{2} \times 16$$

$$= \frac{32 - 24}{3} = \frac{8}{3}$$

Ans : C.

১৬. একটি গীটারের তারের টান যদি দ্বিগুণ বাড়ানো হয় তাহলে এর কম্পাঙ্ক-

- A. দ্বিগুণ হবে B. অর্ধেক হবে  
C. অপরিবর্তিত থাকবে D. কোনটিই নয়

ব্যাখ্যা :  $f \propto \sqrt{T}$

তারের টান দ্বিগুণ করলে কম্পাঙ্ক,  $\sqrt{2}$  গুণ হবে।

Ans : D.

১৭. একটি হুইটস্টোন ব্রিজের চার বাহুতে যথাক্রমে  $100 \Omega$ ,  $300 \Omega$ ,  $24 \Omega$  এবং  $60 \Omega$  রোধ আছে। চতুর্থ বাহুতে কত রোধ কিভাবে সংযুক্ত করলে ব্রিজটি ভারসাম্য অবস্থায় আসবে?

- A. সমান্তরাল সংযোগে  $12 \Omega$  B. শ্রেণী সংযোগে  $12 \Omega$   
C. সমান্তরাল সংযোগে  $100 \Omega$  D. শ্রেণী সংযোগে  $100 \Omega$

ব্যাখ্যা :  $\frac{P}{Q} = \frac{R}{S} \Rightarrow \frac{100}{300} = \frac{24}{S} \Rightarrow S = 72 \Omega$

$S > S_1$

তাহলে,  $S = S_1 + S_2 \Rightarrow S_2 = 72 - 60 = 12 \Omega$

$\therefore 12 \Omega$  রোধ শ্রেণীতে লাগাতে হবে।

Ans : B.

১৮. একটি তরঙ্গের দুটি বিন্দুর মধ্যবর্তী পথ পার্থক্য  $3\lambda/4$  হলে ঐ বিন্দুদ্বয়ের মধ্যকার দশা পার্থক্য কত?

- A.  $2\pi$  B.  $3\pi/2$  C.  $\pi$  D.  $\pi/2$

ব্যাখ্যা : দশা পার্থক্য =  $\frac{2\pi}{\lambda} \times$  পথ পার্থক্য =  $\frac{2\pi}{\lambda} \times \frac{3\lambda}{4} = \frac{3\pi}{2}$

Ans : B.

১৯.  $\sin^2 \frac{\pi}{7} + \sin^2 \frac{5\pi}{14} + \sin^2 \frac{8\pi}{7} + \sin^2 \frac{9\pi}{14}$  এর মান কত?

- A. 2 B.  $\frac{\pi}{2}$  C.  $\frac{\pi}{3}$  D.  $\frac{3\pi}{2}$

ব্যাখ্যা : পদ সংখ্যা = 4

$\therefore$  নির্ণেয় মান =  $\frac{4}{2} = 2$

Ans : A.

২০. যদি  $f(x) = x^2 + 2x - 3$  এবং  $g(x) = 3x - 4$  হয়, তবে  $g(f(2))$  -এর মান কত?

- A. 5 B. 4  
C. 11 D. 6

ব্যাখ্যা :  $g(f(x))$

$= 3(x^2 + 2x - 3) - 4$

$= 3x^2 + 6x - 9 - 4$

$= 3x^2 + 6x - 13$

$\therefore g(f(2)) = 3 \cdot 2^2 + 6 \cdot 2 - 13 = 11$

Ans : C.

২১.  $\lim_{x \rightarrow 1^+} \frac{2x}{1-x}$  এর মান কত?

- A. 0 B.  $+\infty$   
C.  $-\infty$  D. 2

ব্যাখ্যা :  $\lim_{x \rightarrow 1^+} \frac{2x}{1-x} = \lim_{h \rightarrow 0^+} \frac{2(1+h)}{1-(1+h)} = \lim_{h \rightarrow 0^+} \frac{2+2h}{-h}$


$= \lim_{h \rightarrow 0^+} \left( 2 - \frac{2}{h} \right) = -\infty$

Ans : C.

২২. একটি পরমাণুতে 32 টি নিউট্রন এবং উহার ত্রিযোজ্য ক্যাটায়নে 24 টি ইলেকট্রন আছে। নিম্নোক্তগুলোর মধ্যে কোনটি সেই পরমাণু?

- A.  $^{53}\text{Cr}$  B.  $^{55}\text{Mn}$   
C.  $^{57}\text{Fe}$  D.  $^{59}\text{Co}$

ব্যাখ্যা : Co (27) এর ত্রিযোজী ক্যাটায়ন  $\text{Co}^{3+}$  এ 24 টি  $e^-$  আছে।



নিউট্রন সংখ্যা =  $59 - 27 = 32$

Ans : D.

২৩. যখন শব্দ বায়ু হতে পানিতে প্রবেশ করে তখন বদলে যায় শব্দের?

- A. বেগ ও কম্পাঙ্ক B. বেগ  
C. বেগ ও তরঙ্গ দৈর্ঘ্য D. বেগ, কম্পাঙ্ক ও তরঙ্গ দৈর্ঘ্য

ব্যাখ্যা : শব্দ বায়ু মাধ্যম থেকে পানি মাধ্যমে প্রবেশ করলে এর বেগ ও তরঙ্গ দৈর্ঘ্য বদলে যায়।

Ans : C.

২৪. গ্লুকোজ থেকে অ্যালকোহল উৎপাদনে নিম্নের কোন জৈব প্রভাবক ব্যবহৃত হয়?

- A. জাইমেজ B. মলটেজ  
C. ইনভারটেজ D. ইউরিয়েস

ব্যাখ্যা : • গ্লুকোজ  $\xrightarrow[20-25^\circ\text{C}]{\text{জাইমেজ}}$  ইথানল

• স্টার্চ  $\xrightarrow[40-50^\circ\text{C}]{\text{ডায়াস্টেস}}$  মল্টোজ  $\xrightarrow[25^\circ\text{C}]{\text{ম্যালটেস}}$  গ্লুকোজ

• চিনি (সুক্রোজ)  $\xrightarrow[30^\circ\text{C}]{\text{ইনভারটেস}}$   $\begin{matrix} \text{গ্লুকোজ} + \text{ফ্রুক্টোজ} \\ \text{ইনভার্ট চিনি} \end{matrix}$

Ans : A.



২৫. একটি উপবৃত্তের ক্ষুদ্র অক্ষের দৈর্ঘ্য উহার ফোকাসবিন্দুর মধ্যকার দূরত্বের সমান এবং উপকেন্দ্রিক লম্ব  $d$ । উপবৃত্তটির উৎকেন্দ্রতা-
- A.  $\frac{1}{2}$  B.  $\frac{d}{2}$   
C.  $\frac{1}{\sqrt{2}}$  D.  $\frac{d}{\sqrt{2}}$

ব্যাখ্যা :  $2b = 2ae \Rightarrow b = ae$


$$\therefore \frac{2b^2}{a} = d \Rightarrow \frac{2a^2e^2}{a} = d$$

$$\Rightarrow a = \frac{d}{2e^2} \Rightarrow e^2 = \frac{d}{2a} \Rightarrow e = \sqrt{\frac{d}{2a}}$$

Ans : নাই।

২৬.  $[\text{Cu}(\text{NH}_3)_4]^{2+}$  এ Cu এবং  $\text{NH}_3$  এর মধ্যে কোন ধরনের বন্ধন বিদ্যমান?
- A. আয়নিক বন্ধন B. সমযোজী বন্ধন  
C. সন্নিবেশ বন্ধন D. ধাতব বন্ধন

ব্যাখ্যা :  $[\text{Cu}(\text{NH}_3)_4]^{2+}$  এ Cu এবং  $\text{NH}_3$  এর মধ্যে সন্নিবেশ বন্ধন বিদ্যমান।



Ans : C.

২৭. কোন একটি উচ্চতা যেখানে অভিকর্ষজ ত্বরণের মান  $g_h = 8\text{ms}^{-2}$ । সেখানে একটি উপগ্রহের বেগ  $8\text{kms}^{-1}$ । পৃথিবী পৃষ্ঠ হতে কত উচ্চতায় উপগ্রহটি পৃথিবীকে প্রদক্ষিণ করছে? [পৃথিবীর ব্যাসার্ধ  $6.4 \times 10^6\text{ m}$ ]
- A. 6400 km B. 3200 km  
C. 1600 km D. 1000 km

ব্যাখ্যা : বেগ,  $v = R \sqrt{\frac{g}{R+h}}$

$$\Rightarrow 800 \times 10^3 = 6.4 \times 10^6 \sqrt{\frac{8}{6.4 \times 10^6 + h}}$$

$$\Rightarrow (0.125)^2 = \frac{8}{6.4 \times 10^6 + h} \Rightarrow h = 6.4 \times 10^6\text{ m} = 6400\text{ km}$$

Ans : A.


২৮. 15 M NaOH দ্রবনের শতকরা ঘনমাত্রা কত (w/v)?
- A. 100% B. 60%  
C. 8% D. 30%

$$\text{ব্যাখ্যা : } S = \frac{\% \times 10}{M} \Rightarrow 15 = \frac{\% \times 10}{40} \Rightarrow \% = 60$$

Ans : B.

২৯. নিম্নে কোনটি পানি শোষণ করতে পারে না?
- A. সিলিকা জেল B. ম্যাগনেসিয়াম পারক্লোরেট  
C. ফসফরাস পেন্টাক্সাইড D. ক্যালসিয়াম কার্বাইড

ব্যাখ্যা : ক্যালসিয়াম কার্বাইড ( $\text{CaC}_2$ ) পানি দ্বারা অর্ধ বিশ্লেষিত হয়ে ইথাইন উৎপন্ন করে।



Ans : D.

৩০. কোন দোলক ঘড়িকে কোন খনিতে নিয়ে গেলে কি ঘটবে?

- A. সময় হারাবে B. সময় লাভ করবে  
C. সময় একই থাকবে D. ঘড়িটি বন্ধ হয়ে যাবে

ব্যাখ্যা : খনিতে নিয়ে গেলে  $g$  এর মান কমবে।

$$T \propto \frac{1}{\sqrt{g}}, \text{ তাই } g \text{ এর মান কমলে } T \text{ এর মান বাড়বে অর্থাৎ সময়}$$

লাভ করবে।

Ans : B.

৩১.  $\vec{A} = 3\hat{j} + 5\hat{k}$  ভেক্টরটি কোন সমতলে অবস্থিত?


- A. XY B. YZ C. ZX D. কোনটিই নয়

ব্যাখ্যা : ভেক্টরটির শুধুমাত্র Y ও Z তলে স্থানাঙ্ক আছে। তাই এটি YZ সমতলে অবস্থিত।

Ans : B.

৩২. যে কোন চতুর্ভুজের বাহুগুলির মধ্যবিন্দু ক্রমান্বয়ে সংযুক্ত করলে উৎপন্ন হয়-
- A. বর্গক্ষেত্র B. আয়তক্ষেত্র C. সামান্তরিক D. কোনটিই নয়

ব্যাখ্যা : যে কোন চতুর্ভুজের বাহুগুলির মধ্যবিন্দু ক্রমান্বয়ে সংযুক্ত করলে সামান্তরিক উৎপন্ন হয়।




Ans : C.

৩৩. HCl যুক্ত  $\text{K}_2\text{Cr}_2\text{O}_7$  দ্রবনে KI যোগ করলে কি বিযুক্ত হয়?

- A.  $\text{Cl}_2$  B.  $\text{O}_2$  C.  $\text{K}_2\text{CrO}_4$  D.  $\text{I}_2$

ব্যাখ্যা : HCl যুক্ত  $\text{K}_2\text{Cr}_2\text{O}_7$  দ্রবনে KI যোগ করলে  $\text{I}_2$  বিযুক্ত হয়।



Ans : D.

৩৪. কৈশিক নল পদ্ধতিতে 2mm ব্যাসের কৈশিক নল দিয়ে পানির পৃষ্ঠতান 72 dyne/cm বের হল। যদি পরীক্ষাটি 1mm ব্যাসের কৈশিক নল নিয়ে করা হত, তবে পানির পৃষ্ঠতান কত?

- A. 36 dyne/cm B. 72 dyne/cm  
C. 144 dyne/cm D. কোনটিই নয়

ব্যাখ্যা :  $T = \frac{h\rho r g}{2\cos\theta}$  অর্থাৎ  $T \propto r$

$$\therefore \frac{T_2}{T_1} = \frac{r_2}{r_1} \Rightarrow T_2 = \frac{r_2}{r_1} \times T_1 = \frac{1}{2} \times 72 = 36\text{ dyne/cm}$$

Ans : A.

৩৫.  $\beta$ - গ্লাইকোসাইড বন্ধনী কোন পলিমারে বিদ্যমান?

- A. স্টার্চ B. পলিথিন C. সেলুলোজ D. রেশম বা সিল্ক

ব্যাখ্যা : • স্টার্চে  $\alpha$  - গ্লাইকোসাইড বন্ধন বিদ্যমান।

• সেলুলোজে  $\beta$  - গ্লাইকোসাইড বন্ধন বিদ্যমান।

Ans : C.

৩৬.  $1 + \frac{1}{3} + \frac{1}{3^2} + \dots$  ধারার অসীম পর্যন্ত যোগফল কত?

- A.  $\frac{5}{2}$  B.  $\frac{3}{2}$  C.  $\frac{2}{3}$  D. হিসাব করা সম্ভব নয়

ব্যাখ্যা :  $a = 1, r = \frac{1}{3}$

$$\therefore S = \frac{a}{1-r} = \frac{1}{1-\frac{1}{3}} = \frac{3}{2}$$

Ans : C.

৩৭. রেটিফাইড স্পিরিট (95.6% ইথানল +4.4% পানি) এর সাথে কোন তরল মিশিয়ে পাতন করলে বিতক্ক ইথানল পাওয়া যায়।

- A. বেনজিন  
B. টলুইন  
C. জাইলিন  
D. কার্বন টেট্রাক্লোরাইড

ব্যাখ্যা : রেটিফাইড স্পিরিট এর সাথে পাথুরে চুন (CaO) অথবা বেনজিনসহ সমস্কুটন পাতন করলে অনার্দ্র বিতক্ক ইথাইল অ্যালকোহল পাওয়া যায়।

Ans : A.

৩৮. তাপমাত্রা থেকে বিদ্যুৎ শক্তি পাওয়া সম্ভব কোন ক্রিয়ায়?

- A. সীবেক  
B. পেলশিয়ার  
C. থমসন  
D. সম্ভব নয়

ব্যাখ্যা : 1826 খ্রিস্টাব্দে জার্মান বিজ্ঞানী সীবেক, সীবেক ক্রিয়া আবিষ্কার করেন।

• সীবেক ক্রিয়া : দুটি ভিন্ন ধাতুর দণ্ডকে প্রান্তে প্রান্তে যুক্ত করে সংযোগস্থলে দুটি ভিন্ন তাপমাত্রায় ক্ষীণ বিদ্যুৎ প্রবাহ চলে। একে সীবেক ক্রিয়া বলে। এখানে তাপশক্তি বিদ্যুৎ শক্তিতে পরিণত হয়।

• পেলশিয়ার ক্রিয়া : একটি তাপ যুগলের দুই সংযোগস্থল একই তাপমাত্রায় থাকা অবস্থায় বর্তনীর মধ্য দিয়ে বহিঃ উৎস দ্বারা বিদ্যুৎ প্রবাহিত করলে এক সংযোগস্থল শীতল এবং অন্য সংযোগস্থল উত্তপ্ত হয়।

• থমসন ক্রিয়া : দুই প্রান্তে তাপমাত্রার পার্থক্য আছে এমন একটি পরিবাহীর মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হলে তাদের শোষণ ও উদ্ভব হয়। এটি থমসন ক্রিয়া।

Ans : A.

৩৯. একটি ট্রেন একটি স্টেশন থেকে ছেড়ে 4 মিনিট পর 2 কি.মি. দূরে অপর একটি স্টেশনে ধামে। ট্রেনটি তার গতিপথের প্রথমার্শ সমত্বরণে এবং দ্বিতীয়াংশ সমমন্দনে চললে নিচের কোনটি সঠিক?

- A.  $x + y = 4$   
B.  $\frac{1}{x} + \frac{1}{y} = 4$   
C.  $x + y = 1/4$   
D.  $\frac{1}{x} + \frac{1}{y} = 1/4$

ব্যাখ্যা :  $s_1 = \frac{0+v}{2} t_1$        $s_2 = \frac{v+0}{2} t_2$   
 $\therefore s_1 + s_2 = \frac{v}{2} (t_1 + t_2) \Rightarrow 2 = \frac{v}{2} \times 4 \Rightarrow v = 1$

আবার,  $t_1 + t_2 = 4 \Rightarrow \frac{v}{x} + \frac{v}{y} = 4 \Rightarrow \frac{1}{x} + \frac{1}{y} = 4$

Ans : B.

!!! বের হয়েছে !!!

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

বিজ্ঞান D ইউনিটের বিগত বছরের

প্রশ্নের শতভাগ ব্যাখ্যা সহ নির্ভুল সমাধান নিয়ে

পানকৌড়ি প্রশ্ন ব্যাংক

!!! বের হয়েছে !!!

একই বইয়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

বিজ্ঞান A & H ইউনিটের বিগত বছরের

প্রশ্নের শতভাগ ব্যাখ্যা সহ নির্ভুল সমাধান নিয়ে

পানকৌড়ি প্রশ্ন ব্যাংক

৪০. সমান্তরালে সংযুক্ত  $10\text{ M}\Omega$ ,  $10\text{ K}\Omega$ ,  $1\text{ K}\Omega$ ,  $100\ \Omega$  এবং  $0\ \Omega$  রোধের তুল্য রোধ কত?

- A. প্রায়  $10\text{ M}\Omega$   
B.  $1\text{ K}\Omega$   
C.  $0\ \Omega$   
D. কোনটিই নয়

ব্যাখ্যা : সমান্তরালে যুক্ত কোন রোধের মান শূন্য হলে তুল্য রোধ 0 হবে।

Ans : C.

৪১. একটি বৈদ্যুতিক পাখা মিনিটে 3000 বার ঘুরে। সুইচ বন্ধ করার 4 মিনিট পর পাখাটি বন্ধ হয়ে যায়। ধেমে যাবার আগে পাখাটি কতবার ঘুরবে?

- A. 1500      B. 3000      C. 4500      D. 6000

ব্যাখ্যা :  $\omega_0 = 3000\text{ rev/min}$

$\omega = \omega_0 - \alpha t$

$\therefore \alpha = \frac{\omega_0}{t} = \frac{3000}{4} = 750\text{ rev/min}^2$

$s = \omega_0 t - \frac{1}{2} \alpha t^2$

$= 3000 \times 4 - \frac{1}{2} \times 750 \times 4^2 = 12000 - 6000 = 6000\text{ rev}$

Ans : D.

৪২. একটি টাংস্টেন বাতির পৃষ্ঠ ক্ষেত্রফল  $0.3\text{ cm}^2$ । এটি  $3000\text{ K}$  তাপমাত্রায় আলো ছড়াচ্ছে। বিকিরিত শক্তি কত হবে?

$[\sigma = 5.6 \times 10^{-8}\text{ Wm}^{-2}\text{K}^{-4}]$

- A. 136.08 W      B. 40.42 W  
C. 200.68 W      D. 60.12 W

ব্যাখ্যা :  $E = A\sigma T^4 = 0.3 \times 10^{-4} \times 5.6 \times 10^{-8} \times (3000)^4 = 136.08\text{ W}$

Ans : A.

৪৩.  $(x-3)^2 + (y-4)^2 = 36$  বৃত্তের একটি জ্যা কেন্দ্রে  $60^\circ$  কোণ উৎপন্ন করে। জ্যা এর দৈর্ঘ্য কত?

- A. 5 একক      B. 6 একক  
C. 8 একক      D. 4 একক

ব্যাখ্যা : বৃত্তের কেন্দ্র (3, 4) এবং ব্যাসার্ধ = 6


কেন্দ্রে  $60^\circ$  কোণ উৎপন্ন করে।

$\therefore \cos 60^\circ = \frac{OB}{OC}$

$\Rightarrow OB = 6 \cos 60^\circ = 3$

$\therefore OA = 2 \times 3 = 6$

Ans : B.



৪৪. একজন ছাত্রের বাংলা পরীক্ষায় পাস করার সম্ভাব্যতা  $\frac{2}{3}$ । বাংলা ও

অংক দুটিতে পাসের সম্ভাব্যতা  $\frac{14}{45}$  এবং দুইটির যে কোন একটিতে

পাসের সম্ভাব্যতা  $\frac{4}{5}$  হলে, তার অংকে পাসের সম্ভাব্যতা কত?

- A.  $\frac{1}{9}$       B.  $\frac{2}{9}$       C.  $\frac{4}{9}$       D.  $\frac{5}{14}$

ব্যাখ্যা :  $P(B \cup M) = P(B) + P(M) - P(B \cap M)$

$\Rightarrow \frac{4}{5} = \frac{2}{3} + P(M) - \frac{14}{45}$

$\Rightarrow P(M) = \frac{4}{5} + \frac{14}{45} - \frac{2}{3} = \frac{36 + 14 - 30}{45} = \frac{20}{45} = \frac{4}{9}$

Ans : C.

৪৫. সূর্য থেকে যে শক্তি নির্গত হয় তার প্রায় দশ লক্ষ ভাগের এক ভাগ পৃথিবীর পৃষ্ঠে এসে পড়ে। যদি সূর্য পৃষ্ঠের তাপমাত্রা অর্ধেক হয় তবে পৃথিবীর পৃষ্ঠে প্রতি সেকেন্ডে যে শক্তি আসবে তা কতগুন কমে যাবে?

- A. 2 B. 4  
C. 8 D. 16

ব্যাখ্যা :  $E \propto T^4$

$$\therefore \frac{E_2}{E_1} = \frac{T_2^4}{T_1^4} \Rightarrow \frac{E_2}{E_1} = \left(\frac{1}{2}\right)^4 T_1^4 \Rightarrow E_2 = \frac{1}{16} E_1$$

অর্থাৎ 16 গুণ কমে যাবে।

Ans : D.

৪৬. 50 পাকবিশিষ্ট একটি কুন্ডলীতে 0.01 sec. এ  $10^{-3}$  Wb ফ্লাক্স পরিবর্তন করা হলে কুন্ডলীতে সৃষ্ট আবিষ্ট তড়িৎচালক বলের মান কত?

- A. 1V B. 5V  
C. 10V D. কোনটিই নয়

ব্যাখ্যা :  $\epsilon = N \frac{d\phi}{dt} = 50 \times \frac{10^{-3}}{0.01} = 5V$

Ans : B.

৪৭. কোনটির ফোটন শক্তি বেশি?

- A. এক্সরে রশ্মি B. ইনফ্রারেড রশ্মি  
C. লাল রশ্মি D. সবুজ রশ্মি

ব্যাখ্যা : এক্সরে রশ্মির ফোটন শক্তি বেশি।

Ans : A.

৪৮. একটি দিক পরিবর্তী তড়িৎ প্রবাহের সমীকরণের  $i = \sin 3t$  হলে তড়িৎ প্রবাহের গড় বর্গের বর্গমূল- এর মান কত?

- A.  $3/\sqrt{2}$  B.  $\sqrt{2}$   
C.  $1/\sqrt{2}$  D. 1

ব্যাখ্যা :  $I = I_0 \sin \omega t$  ..... (i)  
 $I = \sin 3t$  ..... (ii)

$$I_{r.m.s} = \frac{I_0}{\sqrt{2}} = \frac{1}{\sqrt{2}}$$


Ans : C.

৪৯. নিচের কোন যৌগে আয়নিক, সমযোজী ও সন্নিবেশ বন্ধন আছে?

- A. NaOH B. NH<sub>3</sub>  
C. NH<sub>4</sub>Cl D. [Co(NH<sub>3</sub>)<sub>6</sub>]<sup>3+</sup>

ব্যাখ্যা : NH<sub>4</sub>Cl এ তিন ধরনের বন্ধন বিদ্যমান-

NH<sub>3</sub> এর মধ্যে H এর সাথে সমযোজী বন্ধন, NH<sub>3</sub> ও H<sup>+</sup> এর সাথে সন্নিবেশ বন্ধন এবং NH<sub>4</sub><sup>+</sup> ও Cl<sup>-</sup> এর মধ্যে আয়নিক বন্ধন।



সমযোজী, সন্নিবেশ ও আয়নিক এই তিন ধরনের বন্ধন বিদ্যমান এমন কিছু যৌগ : (Co(NH<sub>3</sub>)<sub>6</sub>)Cl<sub>3</sub>, KBF<sub>4</sub>, Ag(NH<sub>3</sub>)<sub>2</sub>Cl, Na<sub>2</sub>SO<sub>4</sub>, CuSO<sub>4</sub>.5H<sub>2</sub>O

Ans : C.

৫০. নিচের 4টি কোয়ান্টাম সংখ্যার মানের কোন সেটটি একটি d-ইলেকট্রনের জন্য সঠিক?

- A. 4, 3, 2, +  $\frac{1}{2}$  B. 4, 2, 1, 0  
C. 4, 3, -2, +  $\frac{1}{2}$  D. 4, 2, 1, -  $\frac{1}{2}$

ব্যাখ্যা :


| প্রধান কোয়ান্টাম সংখ্যা (n) | সহকারী কোয়ান্টাম সংখ্যা (l) | ম্যাগনেটিক কোয়ান্টাম সংখ্যা (m) | স্পিন কোয়ান্টাম সংখ্যা (s) |
|------------------------------|------------------------------|----------------------------------|-----------------------------|
| n = 4                        | l = 0<br>(4s)                | m = 0                            | s = $\pm \frac{1}{2}$       |
|                              | l = 1<br>(4p)                | m = +1, 0, -1                    | s = $\pm \frac{1}{2}$       |
|                              | l = 2<br>(4d)                | m = +2, +1, 0, -1, -2            | s = $\pm \frac{1}{2}$       |
|                              | l = 3<br>(4f)                | m = +3, +2, +1, 0, -1, -2, -3    | s = $\pm \frac{1}{2}$       |

Ans : D.

৫১. সম্পৃক্ত NaHCO<sub>3</sub> দ্রবনে কোন জৈব যৌগ যোগ করলে বুদবুদ নির্গত হয়?

- A. ফেনল B. প্যারাসিটামল  
C. ফরমালডিহাইড D. অক্সালিক এসিড

ব্যাখ্যা : সব কার্বক্সিলিক এসিড NaHCO<sub>3</sub> ও Na<sub>2</sub>CO<sub>3</sub> এর সঙ্গে বিক্রিয়ায় এসিডের সোডিয়াম লবণ ও CO<sub>2</sub> গ্যাস বুদবুদ আকারে নির্গত করে। যেমন-



Ans : D.

৫২. 6kg ও 4kg ভরের দুইটি বস্তু সংযোগকারী একটি সুতার সাহায্যে একটি পুলির উপর দিয়ে গমন করে। গতি শুরু হবার 1 সেকেন্ড পর 6kg ভরকে ধামিয়ে সাথে সাথে চলতে দেয়া হলো। সুতাটি পুনরায় টানটান হতে কত sec. সময় লাগবে?

- A. 0.1 B. 0.2 C. 0.3 D. 0.4

ব্যাখ্যা : সাধারণ ত্বরণ,  $f = \frac{m_1 - m_2}{m_1 + m_2} \times g$

$$= \frac{6 - 4}{6 + 4} \times 9.8 = 1.96 \text{ms}^{-2}$$

1s পর ধামিয়ে দেয়া হলে,  $v_1 = u_1 + ft$

$$\Rightarrow v_1 = 0 + 1.96 \times 1 \Rightarrow v_1 = 1.96 \text{ms}^{-1}$$

ছেড়ে দিলে g ত্বরণে নিচে নামবে,

$$\therefore v_1 = u_1 + gt \Rightarrow 1.96 = 0 + 9.8 \times t \Rightarrow t = 0.2 \text{sec}$$

Ans : B.

৫৩.  $\left(x^p + \frac{1}{x^{2p}}\right)^{12}$  এর বিস্তৃতিতে p বর্জিত পদটির মান কত?

- A. 195 B. 295 C. 395 D. 495

ব্যাখ্যা : এখানে,  $r = \frac{12}{1+2} = 4$

$$\therefore (4 + 1) \text{তম পদ} = {}^{12}C_4 = 495$$

Ans : D.

**!!! বের হয়েছে !!!**  
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় "বিজ্ঞান বিভাগ"  
**A ইউনিটের** বিগত বছরের প্রশ্নের শতভাগ  
ব্যাখ্যা সহ নির্ভুল সমাধান নিয়ে  
**পানকৌড়ি** প্রশ্ন ব্যাংক

৫৪.  $3^{3x}$  এর অন্তরক কত?

- A.  $3^{3x} \cdot 3^x (\ln 3)^2$  B.  $3^x \cdot 3^{3x} (x + \ln 3)$   
C.  $x \cdot 3^x \cdot 3^{3x} \cdot \ln 3$  D.  $3^x (x + \ln 3)^2$

ব্যাখ্যা :  $y = 3^{3x}$

$$\Rightarrow \ln y = 3^x \ln 3$$

$$\Rightarrow \frac{1}{y} \frac{dy}{dx} = 3^x \frac{d}{dx} (\ln 3) + \ln 3 \frac{d}{dx} (3^x)$$

$$= 3^x \cdot 0 + \ln 3 \cdot 3^x \cdot \ln 3 = \ln 3 \cdot 3^x \cdot \ln 3$$

$$\therefore \frac{dy}{dx} = y \cdot 3^x (\ln 3)^2 = 3^{3x} \cdot 3^x (\ln 3)^2$$

Ans : A.

৫৫. 1, 2, 3, 4, 5, 6 ও 7 থেকে পুনরাবৃত্তি ছাড়া তিন অঙ্কের সংখ্যা গঠন করলে কয়টি সংখ্যার মান 100 থেকে 500 এর মধ্যে হবে?

- A. 240 B. 60  
C. 120 D. 480

ব্যাখ্যা : 100 - 500 এর মধ্যে হতে হলে ১ম ঘরে 1, 2, 3, 4 এর যেকোন একটি দ্বারা পূর্ণ করা যাবে  ${}^4P_1$  উপায়ে বা 4 উপায়ে। পরের দুটি অংক বাকী 6 টি অঙ্কের যেকোন একটি দ্বারা পূর্ণ করা যাবে  ${}^6P_2$  উপায়ে বা 30 উপায়ে।

$$\therefore \text{অঙ্ক সংখ্যা} = 4 \times 30 = 120$$

Ans : C.

৫৬. মূল বিন্দুগামী সরলরেখাকে অন্তরীকরণ করলে কি পাওয়া যায়?

- A. সরলরেখা B. বক্ররেখা  
C. মূলবিন্দুগামী বৃত্ত D. কোনটিই নয়

ব্যাখ্যা : মূল বিন্দুগামী সরলরেখা,  $y = mx$

$$\Rightarrow \frac{dy}{dx} = m = \text{ঢাল}$$


Ans : D.

৫৭. 0.1N  $\text{CH}_3\text{COOH}$  দ্রবণে ইথানয়িক এসিড 0.10% আয়নিত হলে ঐ দ্রবণের pH মান কত হবে?

- A. 1 B. 3  
C. 4 D. 5

ব্যাখ্যা : নরমালিটি = মোলারিটি  $\times$  তুল্যসংখ্যা

$$\therefore \text{মোলারিটি} = \frac{\text{নরমালিটি}}{\text{তুল্যসংখ্যা}} = \frac{0.1}{1} = 0.1M$$



$$\therefore [\text{H}^+] = 0.1 \times \frac{0.10}{100} = 10^{-4}$$

$$\therefore \text{pH} = -\log [\text{H}^+] = -\log (10^{-4}) = 4$$

Ans : C.

৫৮. একটি ট্রানজিস্টরের ক্ষেত্রে কোনটি সঠিক?

- A. নিঃসরক ও সংগ্রাহক আকৃতিতে সমান  
B. তিনটি জংশন থাকে  
C. সংগ্রাহক আকৃতিতে সবচেয়ে বড়  
D. সবগুলো অংশই সমান

ব্যাখ্যা : ট্রানজিস্টরের পীঠ নিঃসরকের তুলনায় খুবই পাতলা হয়। পক্ষান্তরে সংগ্রাহক নিঃসরকের তুলনায় প্রশস্ত হয়। তাই সংগ্রাহক আকৃতিতে পীঠ ও নিঃসরকের তুলনায় বড়। তবে আঁকার সুবিধার্থে নিঃসরক ও সংগ্রাহককে সমান আকৃতির দেখানো হয়ে থাকে।

Ans : C.

৫৯. জিঙ্ক সালফেট ও কপার সালফেট কোষে লবন সেতু ব্যবহার করার কারণ-

- A. ইলেকট্রন ট্রান্সফার B. আয়ন ট্রান্সফার  
C. এটোম ট্রান্সফার D. ইলেকট্রন ও আয়ন ট্রান্সফার

ব্যাখ্যা : জিঙ্ক সালফেট ( $\text{ZnSO}_4$ ) ও কপার সালফেট ( $\text{CuSO}_4$ ) কোষে লবণ সেতু ব্যবহার করার কারণ আয়ন ট্রান্সফার।

Ans : B.

৬০. কোন মূলকের উপস্থিতির ফলে বেনজিন চক্রের সক্রিয়তা কমে যায়?

- A.  $-\text{NH}_2$  B.  $-\text{NH}_4$  C.  $-\text{NO}_2$  D.  $-\text{CONH}_2$

ব্যাখ্যা : • একক বন্ধনযুক্ত মূলক সমূহ বেনজিন বলয় সক্রিয়কারী মূলক। এরা অর্থো-প্যারা নির্দেশক।

উদাহরণ :  $\text{CH}_3\text{R}$ ,  $-\text{OH}$ ,  $-\text{O}-$ ,  $\text{NH}_2$ ,  $-\text{C}_6\text{H}_5$ ,  $-\text{Ar}$ ,  $\text{NHCr}$

ব্যতিক্রম : গ্রুপ VIIA এর মৌলসমূহ (F, Cl, Br, I) অর্থো-প্যারা নির্দেশক হলেও বেনজিন বলয় নিষ্ক্রিয়কারী

• দ্বিবন্ধন ও ত্রিবন্ধন যুক্ত মূলকসমূহ বেনজিন বলয় নিষ্ক্রিয়কারী। এরা মেটা নির্দেশক।

উদাহরণ :  $\text{NO}_2$ ,  $-\text{SO}_3\text{H}$ ,  $-\text{CHO}$ ,  $-\text{COOH}$ ,  $-\text{CN}$ ,  $-\text{COOR}$ .

Ans : C.

৬১. সংখ্যা পদ্ধতিতে 2-এর পরিপূরক নির্ণয়ের নিয়ম কোনটি?

- A. 2-এর পরিপূরক +11 B. 1-এর পরিপূরক +1  
C. 1-এর পরিপূরক -1 D. কোনটিই নয়

Ans : B.

৬২. Choose the word that is most nearly opposite in meaning to the word "QUELL":

- A. Boast B. Reverse C. Appease D. Motivate

ব্যাখ্যা : Quell - দমন করা, প্রশমিত করা।

Synonym : Annihilate, Extinguish, vanquish.

Antonym : Motivate, win

Ans : D.

৬৩. কোন ক্রমটি সঠিক?

- A. রেকর্ড > ফিল্ড > টেবিল > ডেটাবেজ  
B. টেবিল > রেকর্ড > ডেটাবেজ > ফিল্ড  
C. ডেটাবেজ > টেবিল > রেকর্ড > ফিল্ড  
D. কোনটিই নয়

Ans : C.

৬৪. Choose the appropriate preposition : "I wondered what the bill would come \_\_\_\_\_."

- A. with B. to C. in D. off

ব্যাখ্যা : প্রশ্নটি William Somerset এর the luncheon থেকে নেয়া। But I wondered what the bill would come to no.

Ans : B.

৬৫. The sentence "As he is ill and the doctor has advised him to take rest, he cannot come to welcome you." is an example of:

- A. simple sentence  
B. complex sentence  
C. compound sentence  
D. complex-compound sentence

ব্যাখ্যা : Complex Sentence এ একটি Independent clause এবং এক বা একাধিক dependent clause থাকে। আর Compound sentence এ দুই বা দুয়ের অধিক Independent Clause থাকে। Sentence টিতে যেহেতু দুটি Independent clause আছে তাই এটি Compound sentence, আবার 'As he is ill' dependent clause তাই এটি Complex Sentenceও, তাই এটি Complex compound sentence.

Ans : D.

৬৬. What is a synonym of the word "FRICTION"?

- A. Fraction                      B. Resistance  
C. Formation                      D. Restoration

ব্যাখ্যা : Friction - ঘর্ষণ.

Synonym : Erosion, Resistance, Irritation.

Ans : B.

৬৭. <body> This is my first webpage!</body>

উদ্দীপকটি কিসের উদাহরণ?

- A. কনটেন্ট                      B. কোড  
C. ট্যাগ                              D. ইনফরমেশন

ব্যাখ্যা : <body> হচ্ছে HTML ভাষার ট্যাগ। উল্লেখ্য, HTML একটি ট্যাগভিত্তিক ভাষা।

Ans : C.

৬৮. Choose the correct sentence from the following :

- A. I did not has enough time  
B. I do not have many time  
C. I do not have enough time  
D. I does not have much time

ব্যাখ্যা : যথেষ্ট সময় বোঝাতে enough time হয়। আর অপশন (A) তে tense এ ভুল আছে।

Ans : C.

৬৯. ওয়েবপেইজ তৈরীর জন্য নিচের কোন ভাষাটি সাধারণত বেশী ব্যবহার হয়?

- A. C/C++                              B. HTML  
C. PASCAL                              D. COBOL

ব্যাখ্যা : ওয়েবপেজ তৈরীর জন্য HTML ভাষা সবচেয়ে বেশী ব্যবহৃত হয়। কারণ যেকোন ওয়েবপেজ তৈরীর শুরুতে <HTML> ট্যাগ থাকা অপরিহার্য।

Ans : B.

৭০. নিচের কোন ডেসিমাল ও হেক্সাডেসিমাল সংখ্যা দুটিকে বাইনারিতে রূপান্তর করলে একই হবে?

- A. 69 ও A3                              B. 183 ও B7  
C. 173 ও A6                              D. 83 ও C5

ব্যাখ্যা : 
$$\begin{array}{r} 2 \overline{)183} \\ \underline{2 \overline{)91} - 1} \\ 2 \overline{)45} - 1 \\ \underline{2 \overline{)22} - 1} \\ 2 \overline{)11} - 0 \\ \underline{2 \overline{)5} - 1} \\ 2 \overline{)2} - 1 \\ \underline{1 - 0} \end{array}$$

183 = (10110111)<sub>2</sub>

B7 = 10110111

Ans : B.

৭১. OMR শীটের নির্দিষ্ট স্থানে বাংলায় ও ইংরেজিতে একটি করে বাক্য লিখ।

রাজশাহী বিশ্ববিদ্যালয় H - Unit (EVEN)

শিক্ষাবর্ষ : 2016-2017

[বি: দ্র: প্রশ্নপত্রের নির্ধারিত স্থানে রোল নং লিখা ও ৭১ নং প্রশ্নের উত্তর দেয়া বাধ্যতামূলক। ১-৬০ নং পর্যন্ত প্রতিটি প্রশ্নের মান ১.৫ এবং ৬১-৭০নং পর্যন্ত প্রতিটি প্রশ্নের মান ১]

১. সমকোণে ত্রিভুজের দুটি সমান বলের লব্ধির মান যে কোন একটি বলের-

- A. ২ গুণ                              B.  $\sqrt{2}$  গুণ  
C. সমান                              D. কোনটিই নয়

ব্যাখ্যা :  $R^2 = P^2 + P^2 + 2P.P \cos 90^\circ = 2P^2 \Rightarrow R = \sqrt{2}P$

Ans : B.

২. নিচের কোনটি সত্য নয়, যখন  $n \leq r$

- A.  ${}^n C_r = {}^n C_{n-r}$                       B.  ${}^n C_r + {}^n C_{r-1} = {}^{n+1} C_r$   
C.  ${}^n P_r = \frac{n!}{(n-r)!}$                       D.  ${}^n C_r + {}^n P_r = {}^n P_n$

Ans : D.

৩. স্থির চাপে কত তাপমাত্রায় কোন গ্যাসের অনুর গড় বর্গবেগের বর্গমূল প্রমাণ চাপ ও তাপমাত্রার গড় বর্গবেগের বর্গমূলের বিত্ত্ব হবে?

- A. 546K                              B. 1092K  
C. 273K                              D. 2184K

ব্যাখ্যা :  $C_2 = 2C_1$

$\Rightarrow \sqrt{\frac{3RT_2}{M}} = 2\sqrt{\frac{3RT_1}{M}} \Rightarrow T_2 = 4T_1 \Rightarrow T_2 = 4 \times 273 = 1092 \text{ K}$

Ans : B.

৪.  $y = f(x) = \frac{5x+1}{4x-1}$  হলে x এর মাধ্যমে f(y) এর মান কি হবে?

- A. x                                      B. 2x  
C.  $\frac{1}{x}$                                       D. 1 + x

ব্যাখ্যা :  $y = f(x) = \frac{5x+1}{4x-1}$

$\Rightarrow 4xy - y = 5x + 1$

$\Rightarrow 4xy - 5x = 1 + y$

$\Rightarrow x(4y - 5) = 1 + y$

$\Rightarrow x = \frac{1+y}{4y-5}$

Ans : নাই।

৫.  $\vec{A} = 2\vec{i} + 3\vec{j} - 4\vec{k}$  এবং  $\vec{B} = 3\vec{i} - 4\vec{j} - m\vec{k}$ । m এর মান কত হলে ভেক্টরদ্বয় পরস্পরের উপর লম্ব হবে?

- A. 1/2                                      B. 1  
C. 3/2                                      D. 2

ব্যাখ্যা : ভেক্টরদ্বয় পরস্পর লম্ব হলে,  $\vec{A} \cdot \vec{B} = 0$

$\Rightarrow (2\vec{i} + 3\vec{j} - 4\vec{k}) \cdot (3\vec{i} - 4\vec{j} - m\vec{k}) = 0$

$\Rightarrow 6 - 12 + 4m = 0 \Rightarrow 4m = 6 \Rightarrow m = \frac{3}{2}$

Ans : C.



৬. একটি শ্রেণীতে 30 জন ছাত্র ও 20 জন ছাত্রী আছে। বার্ষিক পরীক্ষায় একজন ছাত্রের প্রথম ও একজন ছাত্রীর দ্বিতীয় হওয়ার সম্ভাবনা কত?  
 A. 12/49 B. 1/25  
 C. 6/25 D. 24/49

ব্যাখ্যা : একজন ছাত্রের প্রথম হওয়ার সম্ভাব্যতা =  $\frac{30}{50}$

∴ একজন ছাত্রীর ২য় হওয়ার সম্ভাব্যতা =  $\frac{20}{49}$

∴ একজন ছাত্রের ১ম ও ছাত্রীর ২য় হওয়ার সম্ভাব্যতা =  $\frac{30}{50} \times \frac{20}{49} = \frac{12}{49}$

Ans : A.

৭. প্রিজমের ন্যূনতম বিচ্যুতি অবস্থানের জন্য কোনটি সঠিক?  
 A. আপতন কোণ > নির্গমন কোণ B. আপতন কোণ < নির্গমন কোণ  
 C. আপতন কোণ = নির্গমন কোণ D. আপতন কোণ = প্রতিসরণ কোণ

Ans : C.

৮. একটি কৃত্রিম উপগ্রহ পৃথিবীর পৃষ্ঠ থেকে পৃথিবীর ব্যাসার্ধের অর্ধেক উচ্চতায় ঘুরে। ঐ উচ্চতায় এর গতিবেগ কত?

- A.  $\sqrt{2gR}$  B.  $\sqrt{3gR}$   
 C.  $\sqrt{\frac{3gR}{2}}$  D.  $\sqrt{\frac{2gR}{3}}$

ব্যাখ্যা :  $v = \sqrt{\frac{GM}{R+h}} = \sqrt{\frac{GM}{R+R/2}} = \sqrt{\frac{GM}{3R/2}}$   
 $= \sqrt{\frac{2GM}{3R}} = \sqrt{\frac{2}{3} \times \frac{GM}{R^2} \times R} = \sqrt{\frac{2gR}{3}}$

Ans : D.


৯. সোনার ন্যানো পার্টিকেলের বর্ণ হল-  
 A. সোনালী B. লাল  
 C. রূপালী D. কোনটিই নয়

ব্যাখ্যা : সাধারণ স্বর্ণ হলুদ বর্ণের কিন্তু ন্যানো স্বর্ণ বা ন্যানো কণা নির্মিত বস্তুর বর্ণ লাল হয়। ন্যানো স্বর্ণ কণা পানিতে কালো বর্ণ ধারণ করে।

Ans : B.

১০. দুটি বৃত্ত পরস্পরকে বহিঃস্থভাবে স্পর্শ করলে তাদের কয়টি সাধারণ স্পর্শক বিদ্যমান?  
 A. 1 B. 2  
 C. 3 D. 4

ব্যাখ্যা :



Ans : C.

১১. গম, ভুট্টা, চীনাবাদাম চাষ করার জন্য মাটির pH নিয়ন্ত্রণের জন্য কি ব্যবহৃত হয়?  
 A. ক্যালসিয়াম অক্সাইড এবং ডলোমাইট  
 B. পটাসিয়াম নাইট্রেট ও এমোনিয়াম নাইট্রেট  
 C. ক্যালসিয়াম ফসফেট ও সুপার ফসফেট  
 D. সবকয়টি

ব্যাখ্যা : • pH এর মান 3 এর চেয়ে কম ও 9.5 এর চেয়ে উপরে হলে গাছপালা মরে যায়। মাটিতে ভুট্টা, গম, চীনাবাদাম চাষ করতে হলে মাটিতে চুন (CaO) ও ডলোমাইট (CaCO<sub>3</sub> . MgCO<sub>3</sub>) শুঁড়া দেয়া হয়, যার ফলে pH এর মান বাড়ে। এর ফলে ঐ মাটিতে গম, ভুট্টা, চীনাবাদাম চাষ সম্ভব হচ্ছে।

• ক্ষারকীয় মাটির pH কমানোর জন্য KNO<sub>3</sub>, NH<sub>4</sub>NO<sub>3</sub>, টি.এস.পি, Ca(H<sub>2</sub>PO<sub>4</sub>)<sub>2</sub> ও সুপার ফসফেট ব্যবহৃত হয়।

Ans : A.

১২. টলেন বিকারক কোনটি এবং কোন ধরনের যৌগের সনাক্তকরণে ব্যবহৃত হয়?

- A. Cu(OH)<sub>2</sub>.NaOH, কিটোন  
 B. [Ag(NH<sub>3</sub>)<sub>2</sub>]OH, এলডিহাইড  
 C. Ag(NH<sub>3</sub>)<sub>2</sub>OH, কার্বক্সিলিক এসিড  
 D. Cu(OH)<sub>2</sub>.NaOH, অ্যামাইড

ব্যাখ্যা : • অ্যালডিহাইড অ্যামোনিয়া মিশ্রিত 10% সিলভার নাইট্রেট দ্রবণ বা টলেন বিকারক [Ag(NH<sub>3</sub>)<sub>2</sub>]OH কে বিজারিত করে সিলভার দর্পন সৃষ্টি করে।

• অ্যালডিহাইড ফেলিং দ্রবণকে বিজারিত করে কপার অক্সাইডের (Cu<sub>2</sub>O) লালচে বর্ণের অধঃক্ষেপ সৃষ্টি করে।

Mind It: কিটোন টলেন বিকারক ও ফেলিং দ্রবণের সাথে বিক্রিয়া করে না।

Ans : B.

১৩. ট্রানজিস্টর এর প্রবাহ লাভ β- হলো

- A.  $\frac{\Delta I_B}{\Delta I_C}$  B.  $\frac{\Delta I_C}{\Delta I_E}$  C.  $\frac{I_C}{I_E}$  D. কোনটিই নয়

ব্যাখ্যা : • প্রবাহ লাভ,  $\beta = \frac{\Delta I_C}{\Delta I_B}$   
 • প্রবাহ বিবর্ধন গুণক,  $\alpha = \frac{\Delta I_C}{\Delta I_E}$

Ans : D.

১৪.  $\lim_{x \rightarrow 0} \frac{\ln(1+x)}{x}$  এর মান কত?

- A. 0 B. 2 C. 1 D. -1

ব্যাখ্যা :  $\lim_{x \rightarrow 0} \frac{\ln(1+x)}{x}$   
 $= \lim_{x \rightarrow 0} \frac{1}{1+x} = \lim_{x \rightarrow 0} \frac{1}{1+x} = \frac{1}{1+0} = 1$

Ans : C.

১৫. যদি  $A = \begin{bmatrix} 1 & 1 & 0 \\ 1 & 2 & 3 \end{bmatrix}$  এবং  $B = \begin{bmatrix} 0 & 2 \\ 1 & 2 \\ 0 & 1 \end{bmatrix}$  হয় তবে নিচের

কোনটি সত্য?

- A. AB = BA B. AB = B<sup>2</sup> C. A = 2B D. AB ≠ BA

ব্যাখ্যা :  $\begin{matrix} \underline{A} & \underline{B} & \underline{B} & \underline{A} \\ 2 \times (3) & (3) \times 2 & 3 \times (2) & (2) \times 3 \\ \hline & 2 \times 3 & & 3 \times 3 \\ \hline & AB \text{ এর মাত্রা} & & BA \text{ এর মাত্রা} \end{matrix}$

∴ AB ≠ BA

Ans : D.

১৬.  $20 \Omega$  অভ্যন্তরীণ রোধের একটি গ্যালভানোমিটারের মধ্য দিয়ে  $1 \text{ A}$  ভোল্ট প্রবাহ চলেছে। একটি সার্ট ব্যবহারের ফলে এই প্রবাহ কমে  $0.01 \text{ A}$  হয়। সার্টের রোধ কত?  
A.  $0.4 \Omega$  B.  $0.3 \Omega$  C.  $0.2 \Omega$  D.  $0.1 \Omega$

ব্যাখ্যা : এখানে  $I = 1 \text{ A}$   
 $I_g = 0.01 \text{ A}$   
 $G = 20 \Omega$   
 $I_g = \frac{S}{S+G} \times I \Rightarrow 0.01 = \frac{S}{S+20} \times 1 \Rightarrow S = 0.2020 \Omega$


Ans : C.

১৭. পর্যায়সারণীর কোন গ্রুপগুলোতে ধাতু ও অধাতু উভয়ই থাকে?  
A. IA, IIA, IIIA, IVA B. IIA, IIIA, IVA, VA  
C. IIIA, IVA, VA, VIA D. IIA, IVA, VA, VIIA

ব্যাখ্যা : পর্যায়সারণীর গ্রুপ IIIA, IVA, VA, VIA, VIIA এ ধাতু অধাতু উভয় মৌলকেই স্থান দেয়া হয়েছে। কিন্তু গ্রুপ এ B উপশ্রেণীর সব মৌল ধাতু।

Ans : C.

১৮.  $3 \text{ cm}$  দূরে অবস্থিত দুটি  $5 \text{ C}$  চার্জের মধ্যে একই সরল রেখায় তৃতীয় একটি  $10 \text{ C}$  চার্জ বসানো হল। প্রথম চার্জ হতে কত দূরত্বে তৃতীয় চার্জ বসালে উহার উপর লব্ধি বল শূন্য হবে?  
A.  $1 \text{ cm}$  B.  $2 \text{ cm}$  C.  $3 \text{ cm}$  D. কোনটিই নয়

ব্যাখ্যা :  
  
 $\therefore F_1 = F_2 \Rightarrow \frac{1}{4\pi\epsilon_0} \cdot \frac{5 \times 10}{x^2} = \frac{1}{4\pi\epsilon_0} \cdot \frac{10 \times 5}{(3-x)^2}$   
 $\Rightarrow \frac{1}{x^2} = \frac{1}{(3-x)^2} \Rightarrow x^2 = 9 - 6x + x^2 \Rightarrow x = \frac{9}{6} = 1.5 \text{ cm}$

Ans : D.

১৯. একটি তেজস্ক্রিয় পদার্থের অর্ধ জীবন  $3 \text{ দিন}$ । পদার্থটির অবশ্য প্রবক কত?  
A.  $0.2d^{-1}$  B.  $0.231d^{-1}$   
C.  $0.34d^{-1}$  D. কোনটিই নয়

ব্যাখ্যা :  $T_{1/2} = \frac{0.693}{\lambda} \Rightarrow \lambda = \frac{0.693}{T_{1/2}} = \frac{0.693}{3} = 0.231d^{-1}$

Ans : B.

২০.  $0.01 \text{ mol/L}$  ঘনমাত্রা বিশিষ্ট হাইড্রোনিয়াম আয়ন ( $\text{H}_3\text{O}^+$ ) দ্রবণের  $\text{pOH}$  কত?  
A. 2 B. 12 C. 10 D. 14

ব্যাখ্যা :  $\text{pOH} = 14 - \text{pH}$   
 $= 14 - (-\log \text{H}_3\text{O}^+)$   
 $= 14 - (-\log 0.01) = 14 - 2 = 12$

Ans : B.

২১.  $1200 \text{ kg}$  ভরের একটি গাড়ি  $20 \text{ m/sec}$  দ্রুতিতে চলছিল। অতঃপর গাড়িটি  $800 \text{ kg}$  ভরের একটি স্থির গাড়িকে ধাক্কা দিল। ধাক্কার পর গাড়ি দুটি একত্রিত হয়ে  $120 \text{ m}$  পিছলায়ে থেমে গেল। বাধাদানকারী বলের মান কত?

- A.  $600 \text{ N}$  B.  $800 \text{ N}$   
C.  $1000 \text{ N}$  D.  $1200 \text{ N}$

ব্যাখ্যা :  $m_1u_1 + m_2u_2 = (m_1 + m_2)v$   
 $\Rightarrow 1200 \times 20 + 800 \times 0 = 2000 \times v$   
 $\Rightarrow v = 12 \text{ ms}^{-1}$

$\therefore v^2 = u^2 + 2as \Rightarrow a = \frac{v^2}{2s} \Rightarrow a = \frac{12^2}{2 \times 120} = 0.6$

$\therefore F = ma = 2000 \times 0.6 = 1200 \text{ N}$

Ans : D.

২২.  $2\hat{i} - \hat{j} + 2\hat{k}$  ভেক্টরটি  $y$ - অক্ষের সঙ্গে যে কোণ তৈরী করে তার মান হলো-

- A.  $\cos^{-1}\left(\frac{2}{3}\right)$  B.  $\cos^{-1}\left(-\frac{1}{3}\right)$   
C.  $\cos^{-1}\left(-\frac{2}{3}\right)$  D.  $\cos^{-1}\left(\frac{1}{3}\right)$

ব্যাখ্যা :  $y$  অক্ষের মধ্যবর্তী কোণ,  $\theta = \cos^{-1} \frac{-1}{\sqrt{2^2 + (-1)^2 + 2^2}}$   
 $= \cos^{-1}\left(\frac{1}{3}\right)$

Ans : D.

২৩. যদি  $A > B$ ,  $C < B$  এবং  $A < D$  হয়, তবে নিচের কোনটি সত্য?  
A.  $C < B < D$  B.  $C < B < A$   
C.  $D > C > A$  D.  $A > C > D$

ব্যাখ্যা :  $D > A > B > C$

$\therefore C < B < A$  অসমতাটি সত্য।

Ans : B.

২৪. সবচেয়ে ছোট আণবিক ওজনের এমিনো এসিডের নাম-  
A. গ্লাইসিন B. এলানিন  
C. ফিনাইল এলানিন D. ট্রিপ্টোফেন

ব্যাখ্যা : সবচেয়ে ছোট আণবিক ওজনের এমিনো এসিড হল গ্লাইসিন (gly)। যার গাঠনিক সংকেত  $\text{H}_2\text{N}-\text{CH}_2-\text{COOH}$ ।

Ans : A.

২৫.  $\frac{d}{dx}(x + e^{\ln x}) = ?$

- A.  $1 + x$  B.  $2x$  C. 1 D. 2

ব্যাখ্যা :  $\frac{d}{dx}(x + e^{\ln x}) = \frac{d}{dx}(x + x) = 1 + 1 = 2$

Ans : D.

২৬.  $1.17$  আপেক্ষিক গুরুত্ব বিশিষ্ট  $100 \text{ gm}$  হাইড্রোক্লোরিক এসিডের  $33.4 \text{ gm}$  হাইড্রোজেন ক্লোরাইড আছে। দ্রবণটির নরমালিটি কত?  
A.  $10.60 \text{ N}$  B.  $10.67 \text{ N}$  C.  $10.70 \text{ N}$  D.  $10.80 \text{ N}$

ব্যাখ্যা :  $m = 100 \text{ gm} = 0.1 \text{ kg HCl}$

$S = \frac{\rho}{\rho_w} \Rightarrow \rho = S \times \rho_w = 1.17 \times 1000 = 1170 \text{ kgm}^{-3}$

$\rho = \frac{m}{v} \Rightarrow v = \frac{m}{\rho} = \frac{0.1}{1170} = 8.54 \times 10^{-5} \text{ m}^3 = 8.54 \times 10^{-2} \text{ L}$

যেহেতু এসিডের এসিজিটি = 1 ( $\text{H}^+\text{Cl}$ )

$\therefore$  নরমালিটি = মোলারিটি  $\times 1 = \frac{\text{মোল সংখ্যা}}{\text{লিটারে দ্রবণের আয়তন}}$

$= \frac{m/M}{\text{লিটারে দ্রবণের আয়তন}} = \frac{33.4/36.5}{8.54 \times 10^{-2} \text{ L}} = 10.7 \text{ mol/L}$

Ans : C.

২৭. পানির অনুর হাইড্রোজেন পরমাণু বহিঃস্থ চৌম্বক ক্ষেত্রের প্রভাবে কয়টি শক্তিস্তরে বিন্যস্ত হয়?

- A. 2      B. 6      C. 10      D. 14

ব্যাখ্যা : পানি অণুর H পরমাণু হল বিজোড় প্রোটনযুক্ত MRI সৃষ্টিকারী NMR পরমাণু। প্রতিটি H পরমাণুর প্রোটনের স্পিনের মান  $+\frac{1}{2}$  ও  $-\frac{1}{2}$  তাই বহিঃস্থ চৌম্বকক্ষেত্রের প্রভাবে H পরমাণুর নিউক্লিয়াস দুটি শক্তি স্তরে বিন্যস্ত হয়।

Ans : A.

২৮. নীচের কোনটি লুইস ক্ষারক?

- A.  $\text{CH}_3\text{NH}_2$     B.  $\text{H}_3\text{O}^+$     C.  $\text{BF}_3$     D.  $\text{AlCl}_3$

ব্যাখ্যা : • মুক্তজোড়  $e^-$  দানে সক্ষম পদার্থ লুইস ক্ষারক এবং মুক্তজোড়  $e^-$  গ্রহণে সক্ষম পদার্থ লুইস অম্ল।

- লুইস এসিড-  $\text{AlCl}_3, \text{BF}_3, \text{SO}_3, \text{FeCl}_3$  ইত্যাদি।
- লুইস ক্ষারক-  $\text{NH}_3, \text{H}_2\text{O}, \text{ROH}, \text{CO}, \text{CN}^-, \text{CH}_3\text{NH}_2$  ইত্যাদি।

Ans : A.

২৯. একটি ধ্রুবককে সময়ের সাপেক্ষে সমাকলন করলে কি পাওয়া যায়?

- A. সরলরেখা      B. বক্ররেখা  
C. বৃত্ত      D. কোনটিই নয়

ব্যাখ্যা :  $y = \int c dt$  [c ধ্রুবক] = ct [y = mx আকৃতির যেখানে c হল ঢাল] যা মূলবিন্দুগামী সরলরেখা।

Ans : A.

৩০. 12 বাহু বিশিষ্ট একটি বহুভুজের কৌণিক বিন্দুর সংযোগ রেখা দ্বারা কতগুলো ত্রিভুজ গঠন করা যায়?

- A. 560      B. 200      C. 220      D. 120

ব্যাখ্যা : যখন মোট বিন্দু বা ভূজের সংখ্যা = n

- I. ত্রিভুজের সংখ্যা =  ${}^n\text{C}_3$   
II চতুর্ভুজের সংখ্যা =  ${}^n\text{C}_4$   
III কর্ণের সংখ্যা =  ${}^n\text{C}_2 - n$   
IV. ছেদ বিন্দুর সংখ্যা =  ${}^n\text{C}_2$

∴ ত্রিভুজ সংখ্যা =  ${}^{12}\text{C}_3 = 220$  টি

Ans : C.

৩১. কোন মাধ্যমে 400 Hz এবং 300 Hz কম্পাঙ্কের দুটি শব্দের তরঙ্গ দৈর্ঘ্যের পার্থক্য 2 m হলে মাধ্যমে শব্দের বেগ কত?

- A. 1000m/s      B. 2000m/s  
C. 2400m/s      D. 2500m/s

ব্যাখ্যা :  $\lambda_2 - \lambda_1 = \frac{v}{300} - \frac{v}{400}$   
 $\Rightarrow 2 = v \left( \frac{1}{300} - \frac{1}{400} \right) \Rightarrow v = 2400 \text{ m/s}$

Ans : C.

৩২. আয়নীকরণ বিভবের মান কোন মৌলের ক্ষেত্রে সর্বনিম্ন?

- A. K      B. Na      C. Cl      D. Ne

ব্যাখ্যা : মৌলের আয়নীকরণ বিভবের মান-

| মৌল | আয়নীকরণ বিভব/ $E^0$ (V) |
|-----|--------------------------|
| k   | -2.92                    |
| Na  | -2.71                    |
| Cl  | +1.36                    |
| Ne  | +0.00                    |

Ans : A.

৩৩. কলয়েডাল দ্রবণের চারিদিকে আলো ছড়ানোর (light scattering) ধর্মকে বলা হয়-

- A. ফ্যারাডে ইফেক্ট      B. টিনডাল ইফেক্ট  
C. ব্রাউনিয়াম ইফেক্ট      D. B ও C উভয়ই


ব্যাখ্যা : • টিনডাল ইফেক্ট : টিনডাল ইফেক্ট যা টিনডাল স্কাটারিং নামেও পরিচিত যা কলয়েড দ্রবণে আলোর স্কাটারিং এর সাথে সম্পর্কিত। বিজ্ঞানী টিনডেল এর নামানুসারে এর নামকরণ হয়।

Ans : B.

৩৪.  $27 \Omega$  রোধের একটি সুখম তারকে সমবাহু ত্রিভুজের আকারে বাঁকানো হলো। এর একটি বাহুর প্রান্তদ্বয়ের মধ্যবর্তী তুল্য রোধ কত?

- A.  $9\Omega$       B.  $6\Omega$   
C.  $13.5\Omega$       D.  $18\Omega$

ব্যাখ্যা :  $R_p = \frac{27}{3} = 9\Omega$



Ans : A.

৩৫. একটি বর্গক্ষেত্রের একটি কর্ণের সমীকরণ  $8x - 15y = 0$ । উক্ত কর্ণের উপর একটি শীর্ষবিন্দু  $A(1,2)$ । A বিন্দুগামী বর্গক্ষেত্রের বাহু দুইটির সমীকরণ কত?

- A.  $7x - 23y = 0, 7x + 23y = 0$   
B.  $2x - 7y = 0, 2x + 7y = 0$   
C.  $5x + 3y = 0, 5x - 3y = 0$   
D.  $23x - 7y - 9 = 0, 7x + 23y - 53 = 0$

ব্যাখ্যা : বর্গক্ষেত্রের বাহু দুইটির সমীকরণ A বিন্দুগামী বলে A (1, 2) দ্বারা বাহু দুইটি সিদ্ধ হবে।

অপশন (D) হতে,  $23 \times 1 - 7 \times 2 - 9 = 0 \Rightarrow 0 = 0$   
 $7 \times 1 + 23 \times 2 - 53 = 0 \Rightarrow 0 = 0$

Ans : D.

৩৬. একটি দিক পরিবর্তনশীল তড়িৎ প্রবাহের সমীকরণ  $i = 50 \sin 628t$  হলে, দিক পরবর্তী তড়িৎ প্রবাহের গড় মান কত?

- A. 25A      B. 0A  
C. 35.35A      D. 21.21A

ব্যাখ্যা :  $I = I_0 \sin \omega t - (i)$

$I = 50 \sin 628t - (ii)$

∴  $I_0 = 50$

∴ গড় মান,  $\bar{I} = \frac{2I_0}{\pi} = \frac{2 \times 50}{\pi} = 31.83$

প্রশ্নে যদি গড়মান না বলে মূল গড় বর্গবেগ মান বের করতে বলত তাহলে

$I_{r.m.s} = \frac{I_0}{\sqrt{2}} = \frac{50}{\sqrt{2}} = 35.35A$

Ans : নাই।

৩৭.  $\left( \frac{a}{x} + \frac{x}{a} \right)^9$  এর বিস্তৃতিতে মধ্যম পদদ্বয় কত?

- A.  $\frac{126}{x} \text{ ও } \frac{126}{a}$       B.  $\frac{126}{x^2} \text{ ও } \frac{126}{a^2}$   
C.  $\frac{126a}{x} \text{ ও } \frac{126x}{a}$       D.  $\frac{120a}{x} \text{ ও } \frac{120x}{a}$

ব্যাখ্যা :  $\left(\frac{a}{x} + \frac{x}{a}\right)^9$

এক্ষেত্রে,  $n = 9$  বলে মধ্যপদ ২টি।

$\therefore$  ১ম মধ্যম পদ =  $\frac{9-1}{2} + 1 = 5$

মান =  ${}^9C_4 \left(\frac{a}{x}\right)^5 \left(\frac{x}{a}\right)^4 = \frac{126a}{x}$

$\therefore$  ২য় মধ্যম পদ =  $\frac{9+1}{2} + 1 = 6$

মান =  ${}^9C_5 \left(\frac{a}{x}\right)^4 \left(\frac{x}{a}\right)^5 = \frac{126x}{a}$

Ans : C.

৩৮. 0, 1, 2, 3, 4, 5 সংখ্যাগুলো দ্বারা ছয় অংক বিশিষ্ট কতটি অর্থপূর্ণ সংখ্যা গঠন করা যায়?

- A. 610 টি B. 720 টি C. 560 টি D. 600 টি

ব্যাখ্যা :  $n$  সংখ্যক জিনিস হতে একবার ব্যবহার করে  $r$  সংখ্যক জিনিস নিয়ে সাজানো সংখ্যা =  ${}^nP_r$  কিন্তু অর্থহীন কোন সংখ্যা থাকলে সেক্ষেত্রে ঐ সংখ্যাটি নিয়ে যত প্রকারে সাজানো যায় তা বাদ দিতে হবে।

$\therefore$  নির্ণেয় অর্থপূর্ণ সংখ্যা =  ${}^6P_5 - {}^5P_4 = 600$

Ans : D.

৩৯.  $\alpha$  এর কোন মানের জন্য  $(\alpha - 1)x + (\alpha + 1)y - 7 = 0$  রেখাটি  $3x + 5y + 7 = 0$  রেখার সমান্তরাল হবে?

- A. 3 B. 4 C. 5 D. 6

ব্যাখ্যা : দুটি সরলরেখা সমান্তরাল ও লম্ব হওয়ার শর্ত-

$a_1x + b_1y + c_1 = 0$  এবং  $a_2x + b_2y + c_2 = 0$  রেখাদ্বয়

(i) সমান্তরাল হলে,  $\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2}$  বা  $m_1 = m_2$

(ii) লম্ব হলে,  $a_1a_2 + b_1b_2 = 0$  বা  $m_1m_2 = -1$

$\therefore \frac{\alpha - 1}{3} = \frac{\alpha + 1}{5}$

$\Rightarrow 5\alpha - 5 = 3\alpha + 3 \Rightarrow 2\alpha = 8 \Rightarrow \alpha = 4$

Ans : B.

৪০. 40 cm দীর্ঘ এবং 20 cm প্রস্থ ও 100 পাক বিশিষ্ট একটি আয়তাকার কুন্ডলীর মধ্য দিয়ে 10A তড়িৎ প্রবাহ চলেছে। কুন্ডলীটিকে 5 T সুস্থম চৌম্বকক্ষেত্রের সমান্তরালে স্থাপন করলে এর উপর ক্রিয়াশীল টর্ক কত?

- A. 100 Nm B. 200 Nm C. 300 Nm D. 400 Nm

ব্যাখ্যা :  $\tau = NIBA = 100 \times 10 \times 5 \times (0.4 \times 0.2) = 400 \text{ Nm}$

Ans : D.

৪১. কোনটি এন্টিবায়োটেরিয়াল এজেন্ট নহে?

- A. থায়ামিন B. সরবিক এসিড  
C. সোডিয়াম বেনজয়েট D. সাইট্রিক এসিড

ব্যাখ্যা : অ্যান্টিবায়োটেরিয়াল এজেন্ট ইস্ট ও মোন্ডস এর বৃদ্ধি প্রতিহত করে। এ ধরনের কিছু এজেন্ট হল-

- i) সালফাইট,  $\text{SO}_2$  গ্যাস ii) সরবিক এসিড ও এর লবণ  
iii) সাইট্রিক এসিড iv) অ্যাসিটিক এসিড  
v) ক্যালসিয়াম প্রোপানোয়েট vi) নাইট্রেট ও নাইট্রাইট এর লবণ  
vii) সোডিয়াম বেনজোয়েট ও বেনজয়িক এসিড

Ans : A.

৪২. ধনাত্মক আয়নের পোলারায়ন ক্ষমতার ক্ষেত্রে নীচের কোনটি সঠিক নয়?

- A.  $\text{Be}^{2+} > \text{Mg}^{2+}$  B.  $\text{Al}^{3+} > \text{Mg}^{2+}$   
C.  $\text{Fe}^{3+} > \text{Fe}^{2+}$  D.  $\text{Ba}^{2+} > \text{Be}^{2+}$

ব্যাখ্যা : গ্রুপ (ii) এর পোলারায়ন ক্ষমতার ক্রম-  
 $\text{Be}^{2+} > \text{Mg}^{2+} > \text{Ca}^{2+} > \text{Sr}^{2+} > \text{Ba}^{2+}$

Ans : D.

৪৩. একজন ছাত্র একটি সরল দোলকের দোলনকাল (T) দোলকের বিভিন্ন দৈর্ঘ্যের (L) জন্য পরিমাপ করল। নীচের কোন চলকের মানগুলো ছক কাগজে আঁকলে মূল বিন্দুগামী সরলরেখা হবে?

- A. L এবং T B. L এবং  $\sqrt{T}$   
C. L এবং  $T^2$  D.  $L^2$  এবং T

ব্যাখ্যা :  $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$  অর্থাৎ  $T \propto \sqrt{L}$

$\therefore$  L vs  $T^2$  গ্রাফ অঙ্কন করলে তা মূলবিন্দুগামী সরলরেখা হবে।

Ans : C.

৪৪. যদি স্পর্শ কোণ  $90^\circ$  এর কম হয়, তবে কৈশিক নলে তরলের অবস্থা কেমন হবে?

- A. উপরে উঠবে B. নীচে নামবে  
C. উপরে উঠবে বা নীচে নামবে D. অপরিবর্তিত থাকবে

ব্যাখ্যা : যে সব তরল কঠিন পদার্থকে ভিজায় তাদের স্পর্শকোণ সূক্ষকোণ। তাই কৌশিক নলে তরল উপরে দিকে উঠবে।

Ans : A.

৪৫.  $\text{Ca}^{2+}$  আয়নের ব্যাসার্ধ 99 pm এবং  $\text{F}^-$  আয়নের ব্যাসার্ধ 136 pm,  $\text{CaF}_2$  এর স্ফটিকে সন্নিবেশ সংখ্যা কত?

- A. 4 : 8 B. 8 : 4 C. 5 : 4 D. 3 : 4

ব্যাখ্যা : এ যৌগে ক্যাটায়ন ও অ্যানায়নের ব্যাসার্ধ অনুপাত =  $\frac{99}{136} = 0.73$ ;

অতএব  $\text{CaF}_2$  এ ক্যাটায়নের সন্নিবেশ সংখ্যা 8। যেহেতু  $\text{CaF}_2$  সংকেত হতে দেখা যায় যে, ক্যাটায়ন ও অ্যানায়নের সংখ্যার অনুপাত 1:2, অর্থাৎ অ্যানায়নের সংখ্যা ক্যাটায়নের দ্বিগুণ, সেহেতু অ্যানায়নের সন্নিবেশ সংখ্যা ক্যাটায়নের অর্ধেক হবে। সুতরাং ফ্লুরাইড আয়নের সন্নিবেশ সংখ্যা = 4

$\therefore \text{CaF}_2$  স্ফটিকে সন্নিবেশ সংখ্যা = 8:4

Ans : B.

৪৬. কোন বস্তুর মুক্তি বেগ ঐ বস্তুর ভরের-

- A. সমানুপাতিক B. বর্গের সমানুপাতিক  
C. ভরের উপর নির্ভরশীল D. কোনটিই নয়

ব্যাখ্যা : মুক্তিব্বেগ,  $v_c = \sqrt{2gR} = \sqrt{2 \times \frac{GM}{R^2} \times R}$

$\therefore v \propto \sqrt{M}$

Ans : D.

৪৭. কোন বিক্রিয়াটি জারণ-বিজারণ নয়?

- A.  $2\text{H}_2\text{O}_2 \rightarrow 2\text{H}_2\text{O} + \text{O}_2$   
B.  $\text{CO}_2 + \text{C} \rightarrow 2\text{CO}$   
C.  $\text{CaCO}_3 \rightarrow \text{CaO} + \text{CO}_2$   
D.  $\text{Fe}_2\text{O}_3 + 3\text{CO} \rightarrow 2\text{Fe} + 3\text{CO}_2$

ব্যাখ্যা :  $\text{CaCO}_3 \rightarrow \text{CaO} + \text{CO}_2$  একটি বিয়োজন বিক্রিয়া। বিক্রিয়াটিতে জারণ সংখ্যার পরিবর্তন হয়নি। তাই বিক্রিয়াটি জারণ-বিজারণ বিক্রিয়া নয়।

Ans : C.

৪৮. a ও b এর মান কত হলে  $y = ax^2 + b$  পরাবৃত্তটি (0,2) বিন্দু দিয়ে যাবে ও (2,0) বিন্দুতে স্পর্শকের ঢাল 4 হবে?

- A. 1, 2      B. -2, 2      C. 4, 2      D. কোনটিই নয়

ব্যাখ্যা : পরাবৃত্তটি (0, 2) বিন্দুগামী,

$$\therefore 2 = 0 + b \Rightarrow b = 2$$


$$y = ax^2 + b \Rightarrow \frac{dy}{dx} = 2ax \Rightarrow 4 = 4a \Rightarrow a = 1$$

Ans : A.

৪৯. ডাইক্লোরোপ্রোপেন ( $C_3H_6Cl_2$ ) এর কয়টি গাঠনিক সমানুতা আছে?

- A. 4      B. 6      C. 8      D. 10

ব্যাখ্যা : ডাই ক্লোরোপ্রোপেন হল  $C_3H_6Cl_2$  এবং এটি ৪টি গাঠনিক সমানুতা প্রদর্শন করে।



Ans : A.

৫০.  $f(x) = x + 1$  এবং  $g(x) = x^2 + 1$  হলে  $gof = ?$

- A.  $x^2 + x + 2$       B.  $x^2 + 2x + 2$   
C.  $x^2 + x + 1$       D. কোনটিই নয়


ব্যাখ্যা :  $gof = (x + 1)^2 + 1$   
 $= x^2 + 2x + 1 + 1$   
 $= x^2 + 2x + 2$

Ans : B.

৫১. মুক্ত শিকল জৈব যৌগের শিকল দৈর্ঘ্য হ্রাস করার জন্য কোন বিক্রিয়ার সাহায্য নেয়া যেতে পারে?

- A. হফম্যান      B. উর্ডজ      C. ডায়েল অক্সিড      D. পারকিন

ব্যাখ্যা : হফম্যান ক্ষুদ্রাংশকরণ- এসিড অ্যামাইড, ব্রোমিন ও গাঢ় KOH দ্রবণকে একত্রে উত্তপ্ত করলে অ্যালকাইল অ্যামিন উৎপন্ন হয়। এ বিক্রিয়ায় উৎপন্ন অ্যামিনের অণুতে মূল এসিড অ্যামাইড অণুর চেয়ে একটি কার্বন পরমাণু কমে যায়, একে হফম্যান ক্ষুদ্রাংশকরণ বা ডিম্বাংশকরণ বিক্রিয়া বলে। যেমন-



Ans : A.

৫২. তাপগতিবিদ্যার প্রথম সূত্র নীচের কোন দুটির মধ্যে সম্পর্ক স্থাপন করে?

- A. তাপ ও তাপমাত্রা      B. তাপ ও কাজ  
C. তাপ ও বল      D. কাজ ও ক্ষমতা

ব্যাখ্যা : তাপগতিবিদ্যার প্রথম সূত্র-

যখনই কাজ সম্পূর্ণভাবে তাপে বা তাপ সম্পূর্ণভাবে কাজে রূপান্তরিত হয় তখনই কাজ ও তাপ পরস্পরের সমানুপাতিক হবে। যদি কাজ W ও উৎপন্ন তাপ H হয় তবে-


$$W \propto H \Rightarrow W = JH$$

Ans : B.

৫৩. নীচের কোন বিক্রিয়ায় নিম্ন চাপে উৎপাদ বেশি হবে?

- A.  $H_2(g) + I_2(g) \rightleftharpoons 2HI(g)$   
B.  $PCl_5(g) \rightleftharpoons PCl_3(g) + Cl_2(g)$   
C.  $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$   
D.  $N_2(g) + O_2(g) \rightleftharpoons 2NO(g)$

ব্যাখ্যা : অপশন, A ও D তে উৎপাদ ও বিক্রিয়কের মোল সংখ্যা সমান তাই এক্ষেত্রে চাপের কোন প্রভাব নেই।



বিক্রিয়ায় উৎপাদের মোল সংখ্যা 2 এবং বিক্রিয়কের মোল সংখ্যা 1 চাপ বাড়ালে আয়তন কমে এক্ষেত্রে তাই নিম্ন চাপে উৎপাদ বেশি হবে।

Ans : B.

৫৪. একটি মোবাইল ফোন হতে নিঃসৃত শব্দের ক্ষমতা 30 mW হতে 60 mW এ পরিবর্তিত হলে শব্দের তীব্রতার লেভেলের কত পরিবর্তন হবে?

- A. -3dB      B. 3dB  
C. -30dB      D. 30dB

ব্যাখ্যা :  $\Delta\beta = 10 \log_{10} \frac{P_2}{P_1} = 10 \log_{10} \frac{60}{30} = 3 \text{ dB}$

Ans : B.

৫৫. a, r এবং l যদি যথাক্রমে কোন বস্তুতে বিকিরনের শোষিত অংশ, প্রতিফলিত অংশ, এবং সঞ্চালিত অংশ হয় তাহলে আদর্শ কৃষ্ণকায়ার বেলায় কোনটি সঠিক?

- A.  $a + 0 + 0 = 1$       B.  $0 + r + 0 = 1$   
C.  $a + 0 + l = 1$       D.  $a + r + l = 1$

Ans : D.

৫৬. 3 m দীর্ঘ এবং  $1 \text{ cm}^2$  প্রস্থচ্ছেদ বিশিষ্ট একটি তারের ইয়ং এর গুণকে  $5 \times 10^{10} \text{ dyne/cm}^2$ । একই তারটির দৈর্ঘ্য অর্ধেক করলে ইয়ং এর গুণকে কত  $\text{dyne/cm}^2$  হবে?

- A.  $2.5 \times 10^{10}$       B.  $5 \times 10^{10}$   
C.  $10^{11}$       D. কোনটিই নয়

ব্যাখ্যা : একই তারের ক্ষেত্রে ইয়ং-এর গুণকের কোন পরিবর্তন হবে না।

Ans : B.

৫৭. 0.2 M মাত্রার  $K_2Cr_2O_7$  এর 100 ml দ্রবণ তৈরি করতে  $K_2Cr_2O_7$  এর প্রয়োজন হবে-

- A. 5.88 gm      B. 2.942 gm  
C. 29.4 gm      D. 6.88 gm

ব্যাখ্যা :  $S = \frac{1000W}{MV} \Rightarrow 0.2 = \frac{1000 \times W}{294.2 \times 100} \Rightarrow W = 5.88 \text{ gm}$

Ans : A.

৫৮.  $[Fe(CN)_6]^{4-}$  জটিল আয়নে  $Fe^{2+}$ -এ কি ধরনের সংকরণ বিদ্যমান?

- A.  $dsp^4$       B.  $d^2sp^3$       C.  $d^3sp^2$       D.  $d^4p^2$

ব্যাখ্যা :  $[Fe(CN)_6]^{4-}$  জটিল আয়নে  $Fe^{2+}$  সংকরণ সংখ্যা = 4 + 2 অর্থাৎ  $d^2sp^3$  সংকরীকরণ বিদ্যমান।

Ans : B.

৫৯.  $px^2 + 4y^2 = 1$  উপবৃত্তটি  $(\pm 1, 0)$  বিন্দু দিয়ে যায়। উপবৃত্তটির অক্ষ দুইটির দৈর্ঘ্য কত?

- A. 4 ও 1      B. 2 ও 1      C. 8 ও 2      D. 4 ও 2

ব্যাখ্যা :  $px^2 + 4y^2 = 1$

$(\pm 1, 0)$  বিন্দুগামী হলে,  $p + 0 = 1 \Rightarrow p = 1$

$$\therefore x^2 + 4y^2 = 1 \Rightarrow x^2 + \frac{y^2}{\frac{1}{4}} = 1$$

$$\therefore \text{বৃহৎ অক্ষ} = 2a = 2.1 = 2$$

$$\text{ক্ষুদ্র অক্ষ} = 2b = 2. \frac{1}{2} = 1$$

Ans : B.

৬০.  $m = \tan\theta + \sin\theta$  এবং  $n = \tan\theta - \sin\theta$  হলে,  $m^2 - n^2 = ?$

- A.  $mn$  B.  $2\sqrt{mn}$   
C.  $4\sqrt{mn}$  D.  $8\sqrt{mn}$

$$\begin{aligned} \text{ব্যাখ্যা : } m^2 - n^2 &= (\tan\theta + \sin\theta)^2 - (\tan\theta - \sin\theta)^2 \\ &= 4 \tan\theta \sin\theta \\ &= 4\sqrt{\tan^2\theta \sin^2\theta} \\ &= 4\sqrt{\tan^2\theta(1 - \cos^2\theta)} \\ &= 4\sqrt{\tan^2\theta - \sin^2\theta} \\ &= 4\sqrt{(\tan\theta + \sin\theta)(\tan\theta - \sin\theta)} = 4\sqrt{mn} \end{aligned}$$

Ans : C.

৬১.  $(10011010)_2$  -এর 2 -এর পরিপূরক কোনটি?

- A. 01100101 B. 10011011  
C. 01100110 D. 11100101

ব্যাখ্যা :  $(10011010)_2$  এর 1 এর পরিপূরক (invert করে) 01100101 এখন এর 2 এর পরিপূরক

$$\begin{array}{r} 01100101 \\ +1 \\ \hline 01100110 \end{array}$$

Ans : C.

৬২. Which of the following words is a synonym of the word "INVARIABLY"?

- A. Rarely B. Sometimes  
C. Constantly D. Often

ব্যাখ্যা : Invariably - সবসময়।

Synonym : Always, Constantly, Regularly.

Ans : C.

৬৩.  $f = \overline{[(x+y)yz]}$  -এর সরলীকরণ কোনটি?

- A.  $f = x + y + z$  B.  $f = \bar{x} + \bar{y} + \bar{z}$   
C.  $f = x + y + \bar{z}$  D.  $f = x + y + \bar{yz}$

ব্যাখ্যা :  $f = \overline{[(x+y)yz]}$

$$= \overline{(x+y)} + \bar{yz}$$

$$= (x+y) + (\bar{y} + \bar{z})$$

$$= (x+y) + (y + \bar{z})$$

$$= x + y + \bar{z}$$

Ans : C.

৬৪. Which of the following words is an antonym of the word "ABRIDGE"?

- A. Truncate B. Enlarge  
C. Decrease D. Abbreviate

ব্যাখ্যা : Abridge - সংক্ষেপ করা।

Synonym : Abbreviate, Curtail, Decrease.

Antonym : Enlarge, Extend, Lengthen.

Ans : B.

৬৫. Which one is correct? There must have been at least

- A. three thousand students  
B. three thousands students  
C. three thousands student  
D. three thousand student

ব্যাখ্যা : এক্ষেত্রে thousand এর পরে s বা es হবে না, আর যেহেতু Student একের অধিক তাই Students হবে। অর্থাৎ শুদ্ধ রূপ three thousand students.

Ans : A.

৬৬. Indicate the part of speech of the word "WALLOP".

- A. Noun B. Adverb C. Preposition D. Verb

ব্যাখ্যা : Wallop - প্রহার।

Wallop (noun) - I gave it a wallop with by boot.

Wallop (verb) - They walloped the back of his head with a stick.

Ans : A ও D.

৬৭. কোনটি সঠিক?

- A. Public key Encryption - এ সাধারণত প্রেরক ও প্রাপক একটি common key ব্যবহার করে  
B. DNS - Domain Name Server  
C. HTML ফাইল এর এক্সটেনশন হলো htm  
D. NOR গেইট, AND গেইট এবং NOT গেইট হলো মৌলিক গেইট

Ans : B.

৬৮. Choose the correct preposition: The scientist was absorbed \_\_\_ his work.

- A. by B. at C. in D. for

ব্যাখ্যা : Absorbed এর পর Preposition in বসে।

Absorbed in - নিমগ্ন, শোষিত।

Ans : C.

৬৯. ইউনিকোড-এর ক্ষেত্রে কোনটি সঠিক নয়?

- A. ইউনিকোড ২ বাইট বা ১৬ বিটের  
B. ইউনিকোডটি অ্যাসকি কোডের সাথে কম্প্যাটিবল  
C. ইউনিকোডকে আরও উন্নত করার লক্ষ্যে ইউনিকোড কনসোর্টিয়াম কাজ করছে  
D. বাংলাদেশ ইউনিকোড কনসোর্টিয়ামের সদস্য নয়

Ans : B.

৭০. তথ্য প্রযুক্তিতে WIMAX - এর পূর্ণরূপ কি?

- A. Worldwide Integration for Microwave Access  
B. Worldwide Integration for Media Access  
C. Worldwide Interoperability for Microwave Access  
D. কোনটিই নয়

ব্যাখ্যা : WIMAX - Worldwide Interoperability for Microwave Access

Ans : C.

৭১. OMR শীটের নির্দিষ্ট স্থানে বাংলায় ও ইংরেজিতে একটি করে বাক্য লিখ।

!!! বের হয়েছে !!!

একই বইয়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
বিজ্ঞান A & H ইউনিটের বিগত বছরের  
প্রশ্নের শতভাগ ব্যাখ্যা সহ নির্ভুল সমাধান নিয়ে

পানকৌড়ি প্রশ্ন ব্যাংক